১৬ পাতার সংখ্যা
দাম : ৪ টাকা

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 10 ■ 5th March 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

আপনি কি সফল ও প্রতিষ্ঠিত ব্যবসায়ী হতে চান?
তাহলে কম খরচে ফার্মেসি কোর্স করে ওষুধের দোকান খুলুন,
15 বছর ধরে আমরাই আছি আপনাদের সেবায় ও সহযোগিতায়
HALDAR
Group of Institutions
An ISO 9001:2008 Certified
H.O : Sonarpur, Kolkata-150
D.Pharm | GNM নার্সিং | BA LLB
B.Pharm | B.Sc. নার্সিং | LLB ● LLM
PCI Approved | WBNC & INC Approved | BCI Approved
www.haldargroup.org | Admission & Franchisee 7864816874

## পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২২ সালের

# WBCS পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** পশ্চিমবঙ্গ সরকার বিভিন্ন ব্লকের 'ব্লক ডেভেলপমেন্ট অফিসার', 'কমার্শিয়াল ট্যাক্স অফিসার', 'অ্যাগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স অফিসার', 'এক্সাইজ অফিসার', 'কো-অপারেটিভ সোসাইটির অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার', 'লেবার অফিসার', 'ফুড অ্যান্ড সাপ্লাই অফিসার', 'এমপ্লয়মেন্ট অফিসার (টেকনিক্যাল বাদে)', 'রেজিস্ট্রেশন অ্যান্ড স্ট্যাম্প রেভিনিউ অফিসার', 'রাজ্য পুলিশের ডি.এস.পি.', 'জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার', 'ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ কনজিউমার্স অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার বিজনেস প্র্যাক্টিসেস', 'অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভিনিউ অফিসার (ইরিগেশন)', 'জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার অফিসার', 'সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ অফিসার', 'অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার', 'কারেকশনাল সার্ভিসের চীফ এরপর ৭ পাতায়

WBCS - 2022
• জেনারেল স্টাডিজ হ্যান্ডবুক-২০২২
• WBCS Preliminary Handbook (Bengali Version)
• WBCS Preliminary Practice Set (Bengali & English Version)
বিষয়ভিত্তিক বই :
• ইতিহাস • ভূগোল • সংবিধান • অর্থনীতি
• অঙ্কের সহজ সমাধান • ইংরেজি
তুলসী পাবলিশিং
ফোন : ২২৪১-৬৫৯১

# ভারত ইলেক্ট্রনিক্সে ৩৬০ অ্যাপ্রেন্টিস

**গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা ইঞ্জিনিয়ার**

**নিজস্ব প্রতিনিধি :** ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেডের বেঙ্গালউরু শাখা 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ও 'টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস' পদে ৩৬০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস : কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল বা, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স এরপর ৯ পাতায়

কম্বাইন্ড HS-র টায়ার-I পরীক্ষার সিলেবাস ধরে সম্ভাব্য 'কমন' প্রশ্নোত্তর পেতে আজই কিনুন
সাফল্য সাফল্য
হেল্পলাইন : 9830624170

## ক্লার্কশিপ পদের টাইপিং টেস্ট ২৬ ও ২৭ মার্চ

**নিজস্ব প্রতিনিধি :** পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০১৯ সালের ক্লার্কশিপ পার্ট-।। পরীক্ষায় সফলদের যে টাইপিং টেস্টের জন্য অনলাইনে যাবতীয় এরপর ১৪ পাতায়

# ব্যাঙ্কে ২৩৭ সিকিউরিটি অফিসার

Join Telegram Channel @DisariJibika

### ইন্ডিয়ান ব্যাঙ্কে ২০২

**নিজস্ব প্রতিনিধি :** ইন্ডিয়ান ব্যাঙ্ক 'সিকিউরিটি গার্ড' পদে ২০২ জন লোক নিচ্ছে। আর্মি, নেভি ও এয়ারফোর্সের অবসরপ্রাপ্ত ছেলেরা যোগ্য। ন্যূনতম মাধ্যমিক পাশ হতে হবে। গ্র্যাজুয়েট বা, উচ্চতর যোগ্যতার প্রার্থীরা যোগ্য নন। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন এরপর ১৪ পাতায়

### পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ৩৫

**নিজস্ব সংবাদদাতা :** পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের দুর্গাপুর জোনাল অফিস 'আর্মড গার্ড সাব-অর্ডিনেট ক্যাডার'এ ৩৫ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা ইংরিজিতে লিখতে ও পড়তে জানলে আবেদন করতে পারেন। প্রাক্তন সমরকর্মী প্রার্থীরাই শুধুমাত্র আবেদন করতে এরপর ৫ পাতায়

# কেন্দ্রীয় সংস্থায় ১৫০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (ডি.আর.ডি.ও.)'এর অধীন গ্যাস টারবাইন রিসার্চ এস্ট্যাবলিশমেন্ট ট্রেড অ্যাপ্রেন্টিস, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস হিসাবে ১৫০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য:

**ট্রেড অ্যাপ্রেন্টিস (আই.টি.আই.) :** মাধ্যমিক পাশরা এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত আই.টি.আই. থেকে মেশিনিস্ট, ফিটার, টার্নার, ইলেক্ট্রিশিয়ান, শীট মেটাল ওয়ার্কার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ও ওয়েল্ডার ট্রেডের ২ বছরের সার্টিফিকেট এরপর ৫ পাতায়

SEBA INSTITUTE OF NURSING
Recognize by Govt. of W.B, Affiliated by WBNC
Bolpur (Santiniketan), Birbhum



পশ্চিমবঙ্গ নার্সিং কোর্সে পড়াশুনো করিয়ে মেয়েদেরকে নিজের পায়ে দাঁড়াতে শেখান
GNM
কোর্সে সরাসরি কলেজ ক্যাম্পাসে এসে ভর্তি হওয়ার সুবিধা
• Course Fee কম এবং কোনো লুকানো Fee বা অতিরিক্ত খরচ নেওয়া হবে না।
• Student Credit Card এর মাধ্যমে ভর্তির সুবিধা।
• আমাদের কলেজ ক্যাম্পাস 80,000 বর্গফুট।
• শান্তিনিকেতনের মতো শান্ত পরিবেশে কলেজ।
• কলেজের মধ্যে Hostel-এর সুবিধা সহ ভালো খাবার এবং ঠান্ডা ও গরম জলের ব্যবস্থা আছে।
• INC নিয়ম অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন।
ক্যাম্পাস ঠিকানা : Ballavpur, Bolpur, Birbhum
M: 8250433066 / 9609790422

# WBP কনস্টেবলের সংশোধিত মেধা তালিকা বেরোল

**নিজস্ব প্রতিনিধি :** পশ্চিমবঙ্গ পুলিশের ২০১৯ সালের কনস্টেবল পদের চূড়ান্ত মেধা তালিকার ওপর যে মামলা চলছিল, পশ্চিমবঙ্গ অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনালের রায়ে ওই পদের নতুন তালিকা (রিভাইজড) প্রকাশিত হল। এই তালিকায় ৮,৪১৯ জন প্রার্থীর নাম আছে। এর মধ্যে জেনারেল প্রার্থী আছে ৪,৬২০ জন, ও.বি.সি.- এ ক্যাটেগরি ৯৩৩ জন, ও.বি.সি. -বি ক্যাটেগরি ৪৭২ জন, তপশিলী জাতি ১,৮৫৬ জন, তপশিলী উপজাতি ৫৩৮ জন। মনোনীত প্রার্থীদের কাট অফ নম্বরও দেওয়া হয়েছে। জেনারেল প্রার্থীদের কাট অফ নম্বর হয়েছে ১০০ নম্বরের মধ্যে এরপর ১৪ পাতায়

**ভেতরের পাতায় আছে :** ■ ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অফ ইন্ডিয়ায় ১৯ অ্যাসিস্ট্যান্ট ■ প্রতিরক্ষা মন্ত্রকে ৪৭ ক্লার্ক, এম.টি.এস ■ সেনাবাহিনীতে সাফাইওয়ালা ■ রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর

## 'NEST' পরীক্ষার মাধ্যমে

# কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠানে এম.এসসি কোর্সে ভরতি

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের পারমাণবিক শক্তি দফতরের অধীন মুম্বাই বিশ্ববিদ্যালয় -ডিপার্টমেন্ট অফ অ্যাটমিক এনার্জি সেন্টার ফর এক্সেলেন্স ইন বেসিক সায়েন্স (UM-DAE CBS) ও ভুবনেশ্বরের ন্যাশনাল ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চে ((NISER) '৫ বছরের ইন্টিগ্রেটেড এম.এসসি. প্রোগ্রাম ইন বেসিক সায়েন্স - বায়োলজি, কেমিস্ট্রি, অঙ্ক ও ফিজিক্স' এরপর ৯ পাতায়

## ১২৩ বিচারক

**নিজস্ব সংবাদদাতা :** দিল্লি হাই কোর্টে কাজের জন্য বিচারক হিসাবে ১২৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। আইনের ডিগ্রি কোর্স পাশরা অ্যাডভোকেট হিসাবে কাজের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১-১-২০২২'র হিসাবে ৩২ বছরের এরপর ৯ পাতায়

## ৭৫ ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারি সংস্থা ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া লিমিটেড 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৭৫ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : কেমিক্যাল, মেকানিক্যাল, সিভিল, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন। এরপর ১৩ পাতায়

## ৩৬ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন চান্দা অর্ডন্যান্স ফ্যাক্টরি 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার্স)' ও 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা)' হিসাবে ৩৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদের এরপর ১৪ পাতায়

কলকাতা বইমেলা স্টল নং- ১২৪ (গেট নং-৮)
কম্পিটিটিভ পরীক্ষার বইসমূহ
জেনারেল স্টাডিজ অ্যাডভান্স
জেনারেল নলেজ এনসাইক্লোপিডিয়া
জেনারেল নলেজ (MCQ)
জেনারেল ইন্টিলিজেন্স
সাধারণ বিজ্ঞান
ভারতীয় সংবিধান ও অর্থনীতি
২০২২-এর নতুন সিলেবাস, পরীক্ষা পদ্ধতি ও নম্বর বিভাজন অনুযায়ী লিখিত
A.N.M (R) & G.N.M Guide Book Category-1 & Category-2
২০২২-এর নতুন সিলেবাস, পরীক্ষা পদ্ধতি ও নম্বর বিভাজন অনুযায়ী লিখিত
JENPAS - UG Guide Book
Paper-1 (Category-1 & Category-2) 12000+ MCQ
WBCS Prell., Mains সহ সমস্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রশ্নপত্রের সমাধান ও ব্যাখ্যাসহ
ইতিহাস 7000+ MCQ
এনসাইক্লোপিডিয়া
তপতী® পাবলিশার্স
৯/৪ টেমার লেন, কোলকাতা-৯ e.mail: tapatipublishers@gmail.com
Our Books Now Available on Amazon and Flipkart

Join Telegram Channel @DisariJibika

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

**মাধ্যমিক উচ্চ মাধ্যমিক**
**B.Ed. D.El.Ed. B.P.Ed. M.Ed.**
SISTER Alphonsa Academy
সোনারপুর, কলকাতা- 700150
8597596723

২০২২- তে সরকারী কলেজে ভর্তি হতে
**NEET, JENPAS, JEE (ANM / GNM)**
কোচিং শুরু Online / Offline with MOCK TEST
নার্সিং ও প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি চলছে
with KIMS HOSPITAL
LIBERTY FOUNDATION
Ph - 8159832788
www.libertytraining.co.in

## স্কুল-কলেজ-শিক্ষা

### CIMST

GNM, B.Sc. নার্সিং (INC স্বীকৃত), UGC & BSS (Govt. of India) স্বীকৃত DMLT, DPT, রেডিওলজি(CT, MRI & X-Ray), ECG, ডায়ালিসিস, OT, ICU-CCT, D-optm, CSSD, ডেন্টাল (DDH & T), এলোপ্যাথি (CMS & ED), হোমিও, আয়ুর্বেদ (DAMS) কোর্সে ভর্তি চলছে। যোগ্যতা : MP / HS. 126B, রাজা রামমোহন সরণি, Kol-9, শিয়ালদহ, M.G. Rd., আমহার্স্ট স্ট্রিট ক্রসিং। যোগাযোগ- 9331062421

D

### Tarun Da, Barasat

WBCS, MATH, GI & GK of All Competitive Exam. & TET. M : 9830989770

SH

### মাসিক মাহিনায় WBCS

By exp. faculty চ্যাপ্টার ধরে প্রতিটি বিষয় Preli + Main (with মকটেস্ট) পড়ানো হয়। ব্যারাকপুর, কলেজ স্কোয়্যার, (কলকাতা) 8910494453

SH

## কর্মখালি

### ব্যাঙ্কে চাকরি

পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় ব্যাঙ্ক DSA-তে চাকরি। যোগ্যতা : অষ্টম-স্নাতক। বেতন - 13,500–52,800/-, M/F নিয়োগ চলছে। Ex-Army দের জন্য বিশেষ সুবিধা আছে। M : 9091559206

SA

## স্কুল-কলেজ-শিক্ষা

### মাসিক মাহিনায় কোচিং

ব্যারাকপুর, কলকাতা (কলেজ স্ট্রিট) By exp. faculty specially for CGL, HS Lvl, MTS, WBCS, TET (Eng.+Math.) & Comb. চ্যাপ্টার ধরে (with Mock Test) পড়ানো হয়। M : 9073447917

SH

মাধ্যমিক / HS / BA / MA / Ph.D / B.Ed. / D.El.Ed. / B.Libs / Nursing / Engineering / ITI / LLB / DMLT. ডাইরেক্ট সার্টিফিকেটের জন্য যোগাযোগ করুন। FUTURE ACADEMY, Durgapur, BWN (W), M: 9476470958

B

প্রাইমারি /SSC অনলাইন সাপোর্ট, সব তথ্য, প্রশ্নপত্র, নোটস, পরামর্শ নামমাত্র খরচে। সাকসেস সেন্টার, বনগাঁর একটি উদ্যোগ। 8337000600, 8337000900

R

## কর্মখালি

উত্তরপাড়ার একটি অভিজাত ডায়গনস্টিক সেন্টারের জন্য এক জন ফ্লেবোটমিস্ট (M/F) ও একজন মার্কেটিং এক্সিকিউটিভ (M/F) চাই। সত্বর যোগাযোগ-7003489685

SH

1. আউটডোর পিওন+সিকিউরিটি (GKW - পোদ্দরা নিবাসী) 8585892443 (6-8 pm) 2. A/c, comp. / type / Law Asst. 3. উকিল (5-20 kpm) 4. ব্যবসা/প্রকাশনা/ইভেন্ট /LIC / mktg. / সার্ভে etc. OUTDOOR অভিজ্ঞ / PRO-vigmanav@yahoo.com

D

## কর্মখালি

### প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব

Front & Back office এ। Age 18-35, HS & Graduate. Salary :12k-20K. নিজ এলাকা। 6291125164, 9477762102

R

ভালো মাইনে প্রতিটি জেলার ব্লক থেকে Casual Basic প্রচুর M/F দের স্থায়ী চাকরির সুযোগ, এজেন্ট স্বাগত। মোঃ- 8167723348

SH(S)

বাড়িতে বসে কাজ। হাতে লিখে আয় করুন। ডাকযোগে (By Post) কাজ পাবেন। 8,000-12,000 টাকা। M-7449730118.

R

### Airport ও ব্যাঙ্ক

Govt. R.No.-6852 বিনা ডোনেশনে এয়ারপোর্ট ও Bank-এ অষ্টম /স্নাতক কর্মী নিচ্ছে। বেতন - 18,400–42,700, থাকা-খাওয়া ফ্রী। M : 9593463109

SA

**NURSE চাই**
**GNM (Female)**
এবং মাধ্যমিক পাস Female নেওয়া হচ্ছে নার্সের কাজের জন্য।
সরাসরি Interview
**জীবনদীপ নার্সিং হোম**
আংরাইল, বনগাঁ, ২৪ পঃ (উঃ)
যোগাযোগ 8972358009
7431037704

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

### সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., শপিং মল, Pvt. Co., ফ্যাক্টরি, স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500/-–22,500/-. যোগাযোগ M : 9051457091

SA

ফার্মেসি মেডিসিন কোং-তে প্যাকিং এর কাজে জেলাভিত্তিক অনূর্ধ্ব 45 জন M/F চাই (9–16K) এজেন্ট স্বাগত। 8276828094

SH

### URGENTLY NEEDED

GNM and B.Sc Nursing Staff for owned Hospital and B.Sc/M.Sc Nursing Faculty for owned Nursing College. Eligibility : All Candidates should be WBNC Registered Minimum 6 mnths–5 yrs experience. Walking Interview : 5. 3.22 at Barasat, M : 8972046553

SA

### Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট

বিনা ডোনেশনে জব। 205 জন M/F অষ্টম/স্নাতক কর্মী নিয়োগ। বেতন- 18,300/ 48,500. থাকা-খাওয়া ফ্রী। M : 7551880381

SA

### এয়ারপোর্ট ও ব্যাঙ্ক

Govt. RL No. 5473 বিনা ডোনেশনে Air ও ব্যাঙ্কে 8ম/স্নাতক M/F চাই। বেতন : 18,300-47,800, থাকা-খাওয়া ফ্রী. যোগাযোগ M - 9733672376

SA

## কর্মখালি

### আর্জেন্ট কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম, কোম্পানি, শপিং মল, ফ্যাক্টরিতে, টাওয়ার Co.-তে, ATM- এ কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500/- –18,300/-, থাকা খাওয়া ফ্রী। যোগাযোগ Mob : 8695361067

SA

### Airport ও ব্যাঙ্ক

গভঃ স্বীকৃত Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে (অষ্টম-স্নাতক) M/F চাই। বেতন : 20,300/- – 47,800/- যোগাযোগ M : 8145187988

SA

### শীঘ্র জয়েনিং

আমুল বিস্কুট, ডাবর, বেবিফুড কোং-DSA-তে প্যাকিং ও লেবেলিং-এর জন্য কর্মী নিয়োগ চলছে। বেতন - 12,700/-–16,900/-, শীঘ্র যোগাযোগ- M : 8276013564

SA

### জাহাজ ও ডকে চাকরি

W.B Kol. L/C No.-WB Kol-70N65. পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F নিয়োগ করানো হচ্ছে। Salary- 21,750/- – 56,500/-. থাকা-খাওয়া সহ ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া 4 মাস 15 দিন কাজ করার পর 23 দিনের ছুটি with salary, পোস্টিং এরিয়া পঃ বাংলার বিভিন্ন প্রান্তে, যোগাযোগ- Help - 7432853410

SA

### সংশোধনী

২৬ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে এই কাগজে প্রকাশিত 'জীবনদীপ নার্সিং হোম'এর বিজ্ঞাপনে যোগাযোগের নম্বর 9872358009 দেওয়া আছে। সঠিক নম্বরটি পড়তে হবে 8972358009। অনিচ্ছাকৃত এই ভুলের জন্য আমরা দুঃখিত।

## কর্মখালি

### আর্জেন্ট ভ্যাকান্সি

60 বছর পর্যন্ত স্থায়ী কাজ Govt. R.No.-6936 বিনা ডোনেশনে Airport-এ কন্ট্রাক্টরের অধীনে ও ব্যাঙ্ক DSA-তে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন- 16,600/- –49,900/-, থাকা-খাওয়া ফ্রী। যোগাযোগ - M : 9091567250

SA

জেলাভিত্তিক Pvt. স্বাস্থ্যকেন্দ্র, ATM, টাওয়ার Co., ফ্যাক্টরি ও শপিং মলে কর্মী নিয়োগ। বেতন : 13K–22K, M-7872752502

SA

### আর্জেন্ট জয়েনিং

Govt. R–L = 5252 বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে M/F কর্মী চাই (নামসই/স্নাতক), বেতন : 16,300/48,700, থাকা-খাওয়া ফ্রী, M - 9432057063.

SA

### Airport ও ব্যাঙ্কে নিয়োগ

বিনা ডোনেশনে এয়ারপোর্ট ও Bank-এ 8ম/স্নাতক 172 জন কর্মী নিয়োগ। বেতন : 18,300–45,700. Ex আর্মির বিশেষ সুবিধা। M : 9733482561

SA

### প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব

WB L/C No. Kol-50W85, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back-office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলা ভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 18,500/ --34,700/-, ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help - 9735135852

SA

ড্রেস, রেজিস্ট্রেশন ফী, এক্সামিনেশন ফী, ক্লিনিক্যাল ট্রান্সপোর্টেশন ফী, স্টাডি টেবিল ইত্যাদি সকল কিছুর জন্য আলাদা টাকা লাগবে না। সকল কিছু এই চার লক্ষ টাকার মধ্যেই।

# LABPUR NURSING INSTITUTION

## পশ্চিমবঙ্গ নার্সিং কাউন্সিল (WBNC) অনুমোদিত নার্সিং কলেজ



# GNM 2021-24

## সমগ্র কোর্স ফী (থাকা- খাওয়া সহ) মাত্র চার লক্ষ টাকা

উচ্চ মাধ্যমিক পাশের পর অন্যান্য কোর্সের তুলনায় নার্সিং কোর্স ১০০% চাকরী সুনিশ্চিত।
উচ্চ মাধ্যমিকে ৪০% নম্বর নিয়ে ১৭ থেকে ৩৫ বছরের মহিলারা নার্সিং কোর্স করে স্ব-নির্ভর হোন।
কলেজ ক্যাম্পাসের মধ্যেই হোস্টেল। কোর্স ফী অত্যন্ত কম এবং কোনো লুকোনো বা অতিরিক্ত ফী নেই।
বাইরের রাজ্যে নার্সিং পাশ করে পশ্চিমবঙ্গে রেজিস্টার নার্স হতে বহু সময় লাগে। তাই পশ্চিমবঙ্গের কলেজে ভর্তি হন।

যোগাযোগ: 9635153301 / 9531569423
LABPUR, BIRBHUM, W.B. PIN - 713103

# ACADEMIC SCHOLARSHIP TEST

## প্রথম ৮০ জনের জন্য রয়েছে কোর্স ফি-এর ওপর বিশেষ ছাড়

### WBCS 2019



GR. A

WBCS (Exe) Debanjon Biswas · WBCS (Exe) Milani Das · WBCS (Exe) Krisanu Thakur · WBCS (Exe) Tamal Kanti Sarkar
WBCS (Exe) Md Shahroze · WBRS Sutapa Ghosh · WBRS Soumyajit Paul · WBRS Gurupada Sarkar

GR. B

2nd DSP Chandra Biswas · 4th DSP Kunal Mukherjee · 5th DSP Shilpi Paul
8th DSP Osama Bakhtiar · 9th DSP Arindam Chakraborty

WBRS Pradip Hembram · WBRS Manoj Roy · WBRS Chand Mansuri · WBRS Md Ahsan Quadri · WBRS Saheb Ali · WBRS Sandeep Wokil · Co-Op Dept Mitali Mete

**ACADEMIC SCHOLARSHIP TEST (AST) FOR WBCS 2023**

প্রথম ৮০ জনের জন্য রয়েছে কোর্স ফি-এর ওপর বিশেষ ছাড়*

- Exam Date : 3rd April 2022 (Sunday)
- Time: 2.00 - 3.30 pm.
- Full Marks : 100
- Type of Exam : MCQ
- Syllabus : Previous year question of WBCS Prelim from 1999 - 2021

**New Batch starts from 10th April 2022**


Registration open from : 3rd March 2022
Last date of registration : 31st March, 2022
Exam Venue : College Street, Kolkata -700012

**Contact for Scholarship**
**9038786000 I 9635147621**

*শর্তাবলী প্রযোজ্য

For registration logon to : www.academicassociation.com

## সদ্য প্রকাশিত WBCS-2019- এর রেজাল্টে অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন থেকে সফল ৬৩ জন



GR C

Jt BDO: Amira Khatun · Silpa Bhagat · Avirup Ghosh · Shyamal Banerjee · Rudra Sundar Pati · Soumyabrata Sarkar · Animesh Mandal · Fajlur Rahaman · Mriganka Shekhar Das · Debjit Saha · Habil Ansary · Sk. Moynul · Debabrata Pramanik · Arnab Kumar Biswas

ACTO: Ipsita Bhattacharya · Sampa Swarnokar · Somnath Dey · Soumendu Hazra · Arindam Sarkar · Somenath Saha · Subhankar Das · Badal Chandra Rajak · Kishalay Roy · Laksman Dan

ACRO: Md Riaz Hossain

DAD CONSUMER AFFAIRS: Ankit Sarkar · Kailash Prasad

Jt. Registrar, WB State Consumer: Suman Nandi · Pratik Mitra · Sutanu Majumder



Gr. D

Inspection of Co-operator Societies

Amit Senapati · Arka Sengupta · Shakil Ahamed · Rajib Mukherjee

I had started my preparation for WBCS examination at Academic Association. The journey was very difficult but Academic Association helped me throughout my journey. I'm very much thankful to the Hon'ble Samim Sir

**Sampa Swarnakar, ACTO, WBCS - 2019**

ডব্লিউবিসিএস এবং ইউপিএসসি জেনারেল স্টাডিজ এর প্রস্তুতির জন্য সম্পূর্ণভাবে নির্ভর করেছি অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের উপর। অ্যাকাডেমিকের স্ক্যানার, জেনারেল সায়েন্সের বই এবং মকটেস্ট থেকে ডব্লুবিসিএস এ প্রচুর প্রশ্ন কমন পেয়েছি। পরিশেষে সামিম স্যারকে আরও একবার ধন্যবাদ, আমার প্রস্তুতির এই দীর্ঘ সময়ে সব সময় পাশে থাকার জন্য।

**সুতপা ঘোষ, WBRS(Gr.A), WBCS - 2019**

For me WBCS is not an examination, but a journey that requires patience, perseverance, discipline, emotional and personal satisfaction. I enjoyed it every bit of my four years-long journey and reached my destination. Thank you Academic Association for being a part of my journey. The mock test of Main examination and, mock interview sessions were very much helpful for my preparation.

**Chandra Biswas (DSP, Rank-2, WBCS - 2019**

আমাকে মনোবল ও সাহস জোগানোর জন্য আমার পরিবারকে অসংখ্য ধন্যবাদ ও ভালোবাসা জানাই। আর যাদের সহযোগীতা ও পরামর্শে আমার এই সাফল্যপ্রাপ্তি সেই পূজনীয় সামীম স্যার ও অমিত স্যারসহ সমস্ত অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের শিক্ষক ও কর্মীবৃন্দকে কৃতজ্ঞতা জ্ঞাপন করি। নবীনদের স্বাগতম এবং প্রবীনদের বলি হাল ছেড়োনা। মনে রাখবে, 'ক্ষুদ্র আমি, তুচ্ছ নই'।

**গুরুপদ সরকার, WBRS, WBCS - 2019**

২০১৮ সাল থেকে ডব্লুবিসিএস এর প্রতি আমার পথচলা শুরু হয়। এই যাত্রাপথে মা, আব্বা ও আমার স্ত্রী স্বস্তিকার পর কেউ যদি আমার ছায়াসঙ্গী হয়ে থাকেন, তাহলে তারা হলেন সামিম স্যার ও সুতপা ম্যাম। তাঁদের অফুরন্ত অনুপ্রেরণা ও পথ প্রদর্শন ছাড়া আমার পক্ষে প্রথম প্রয়াসে এই পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ওঠা হতো না। এছাড়া অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন-এর প্রতিটি শিক্ষক-শিক্ষিকা, স্টাফদের অবদান আমার এই সাফল্যে অনস্বীকার্য।

**রিয়াজ হুসেন, ACRO, WBCS - 2019**

Academic Association has given me each and everything, required to be a WBCS officer. Every class, every mocktest, including class test, Preli-VST, Main VST, mock interviews and last but not the least the cordial friendly guidance of every faculty. Today I am very honoured to thank Sutapa Ma'am, Samim Sir specially and also thanks to all teacher, staff and faculties to change my life from nobody to somebody.

**Ipsita Bhattacharya, ACTO, WBCS - 2019**

২০১৮-সাল থেকে ডব্লুবিসিএস-এর যাত্রা শুরু, সামিম স্যারের প্রকাশিত বিভিন্ন বইগুলি চলার পথে ভীষণ সাহায্য করেছে, এছাড়া অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনের মকটেস্ট নিজের দুর্বল জায়গাগুলোকে বারংবার প্রতিফলিত করেছে, বিশেষত ইন্টারভিউ-এর আগে মক ইন্টারভিউ হলো এমন এক জায়গা যেখানে নিজেকে সুন্দরভাবে তৈরি করার সুবর্ণ সুযোগ পাওয়া যায়। স্বপ্নের গন্তব্যে বাবা মা-র পরবর্তী এক অপরিহার্য সঙ্গী হবার জন্য ধন্যবাদ অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন কে...

**Pratik Mitra, Jt. Registrar/WB State Consumer, WBCS-2019**

### নিশ্চিত সাফল্যের লক্ষ্যে WBCS-2023 এর নুতন ব্যাচে ভর্তি চলছে

কোর্স মডিউল

- ক্লাসগুলি হয় লেসন প্ল্যান অনুযায়ী
- প্রতিদিন একটি করে ক্লাসটেস্ট
- প্রতি মাসেরশেষে সব বিষয়ের উপর লেভেল টেস্ট যা আপনার প্রস্তুতির মূল্যায়ন করবে
- স্ট্রেস কাউন্সেলিং - টাইম ম্যানেজমেন্টের টিপস্
- বইয়ের মতো বাঁধানো স্মার্ট কনসাইজ স্টাডি ম্যাটেরিয়াল প্রতিটি বিষয়ের উপর সাজেসটিভ স্টাডি ম্যাটিরিয়াল।
- ওয়ান-টু-ওয়ান অ্যাটেনশন
- প্রতি মাসের কারেন্ট অ্যাফেয়ার্স আপডেট
- প্রতিটি বিষয়ের কোয়েশ্চেন ব্যাঙ্ক অ্যাকাডেমিক প্রাকটিস সেট
- রাইটিং স্কিলের উপর বিশেষ ক্লাস
- অংক - জি-আই-এর বিশেষ ক্লাস
- অঙ্কে দুর্বল ছাত্র-ছাত্রীদের উপর বিশেষ ফোকাস
- ডব্লুবিসিএস স্ক্যানারের উপর বিশেষ ক্লাস
- সামিম স্যারের বিশেষ স্ট্র্যাটেজি ক্লাস

পুলিশ/আর্মি/আর্ট বাহিনীতে নিয়োগের নিবিড় রেসিডেন্সিয়াল প্রশিক্ষণের জন্য যোগাযোগ করুন
**7980549367**

**Visit our Stall No. - 539 at Kolkata Book Fair 2022**

## ACADEMIC ASSOCIATION

H.O. : 2, Surya Sen Street (College Square), Kolkata - 12

Study Center ● College Street-9674478644 ● Barasat-9073587432 ● Berhampur-9474582569 ● Darjeeling-9832041123 ● Jhargram-7548992359 ● Uluberia-9051392240

Website : www.academicassociation.com

(033)79650498
9038786000
9674478644
9635147621

Join Telegram Channel @DisariJibika



# চাকরির আরো খবর

## উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে কিছু লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.nbu.ac.in দরখাস্ত করার শেষ তারিখ ১০ মার্চ।

## অসম বিশ্ববিদ্যালয়ে প্রফেসর

অসম বিশ্ববিদ্যালয় প্রফেসর, অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.aus.ac.in

JOY WELFARE NURSING INSTITUTE
Affiliated to WBNC
GNM (নার্সিং কোর্স)
সেশন ২০২১-'২০২৪
Direct Admission
H.S Pass in any stream
স্টুডেন্ট ক্রেডিট কার্ড ও স্টুডেন্ট লোনের সুবিধা
S.N.R Carnival Hospital
Institute, Hostel Same Campus
Call for Admission
8100435830, 8296500727

## ডাকবিভাগে এজেন্ট

ভারতীয় ডাক বিভাগের কলকাতা জি.পি.ও. ডাক বিভাগীয় শাখায় 'আউটসোর্সড পোস্টাল এজেন্ট' নিচ্ছে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে আর ২ চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে যোগ্য। নিজস্ব মোটর সাইকেল থাকলে অগ্রাধিকার পাবেন। স্মার্ট ফোন, ল্যাপটপ ও ইন্টারনেট ব্যবস্থা থাকতে হবে। চিঠি, পার্সেল বুকিং ও ডেলিভারি আর পিক-আপ সংক্রান্ত কাজ করতে হবে। এজন্য কমিশন পাবেন। সিকিউরিটি ডিপোজিট বাবদ ১০-২০ হাজার টাকা জমা রাখতে হবে। বিস্তারিত তথ্য জানতে সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : ভারতীয় ডাক বিভাগ, কলকাতা-জি.পি.ও., কলকাতা-৭০০০০১।

## স্বাস্থ্য দফতরে চাকরি

কালিম্পং মুখ্য স্বাস্থ্য দফতর এন.টি.ই.পি. প্রোজেক্টে বিভিন্ন পদে লোক নিচ্ছে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.kalimpong.gov.in

## টেস্টিং ল্যাবে চাকরি

উত্তর ২৪ পরগনার ওয়াটার টেস্টিং ল্যাবরেটরি ব্যাকটেরিওলজিস্ট পদে চুক্তিতে ১ জন লোক নিচ্ছে। পারিশ্রমিক মাসে ১২,০০০ টাকা। দরখাস্ত করার শেষ তারিখ ৯ মার্চ। ঠিকানা : Duputy Project Officer, WBCADC, Deganga Project, Vill+PO-Debalaya, Deganga, North 24 Pgs, Pin-743424.

## কেন্দ্রীয় বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা

কেন্দ্রীয় বিদ্যালয়ের মালদা শাখা ২০২২-২৩ শিক্ষাবর্ষের জন্য পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার ও প্রাইমারি টিচার পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। ইন্টারভিউ হবে ২২ ও ২৩ মার্চ। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://nhpemalda.kvs.ac.in

## আর্মি পাব্লিক স্কুলে শিক্ষক-শিক্ষিকা

ব্যারাকপুর আর্মি পাব্লিক স্কুল পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার, প্রাইমারি টিচার পদে ৯ জন লোক নিচ্ছে। দরখাস্ত করার শেষ তারিখ ৯ মার্চ। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.apsbkp.in

## অগ্রগামী পদের ফল বেরোল

পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডের অধীন সিভিল ডিফেন্স অর্গানাইজেশনের অগ্রগামী পদের লিখিত পরীক্ষার ফল বেরিয়েছে। সফলদের ইন্টারভিউ হবে ১০ মার্চ থেকে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://prb.wb.gov.in

## সি.এস.আই.আর.-এ ইন্টারভিউ

সি.এস.আই.আর.-সেন্ট্রাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউটে প্রোজেক্ট সিনিয়র রিসার্চ ফেলো, জুনিয়র রিসার্চ ফেলো ও প্রোজেক্ট অ্যাসোসিয়েট পদের সরাসরি ইন্টারভিউ হবে ১০ ও ১১ মার্চ। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.cmeri.res.in

### ফর্ম — IV

(রুল ৮'এর ধারা অনুসারে)

বাংলা সাপ্তাহিক সংবাদপত্র 'কর্মসংস্থান'এর মালিকানা ও অন্যান্য তথ্যাদি বিষয়ক বিবৃতি

১। প্রকাশ-স্থান : কলকাতা
২। প্রকাশনার পর্যায়বৃত্তি : সাপ্তাহিক
৩। মুদ্রকের নাম : মৌসুমী ঘোষ
নাগরিকত্ব : ভারতীয়
ভারতীয় নাগরিক কিনা : হ্যাঁ
বিদেশী হলে মাতৃভূমির নাম : প্রযোজ্য নয়
ঠিকানা : বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা কলকাতা - ১৪৪
৪। প্রকাশকের নাম : মৌসুমী ঘোষ
নাগরিকত্ব : ভারতীয়
ভারতীয় নাগরিক কিনা : হ্যাঁ
বিদেশী হলে মাতৃভূমির নাম : প্রযোজ্য নয়
ঠিকানা : বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা কলকাতা - ১৪৪
৫। সম্পাদকের নাম : মৌসুমী ঘোষ
নাগরিকত্ব : ভারতীয়
ভারতীয় নাগরিক কিনা : হ্যাঁ
বিদেশী হলে মাতৃভূমির নাম : প্রযোজ্য নয়
ঠিকানা : বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা কলকাতা - ১৪৪
৬। উক্ত সংবাদপত্রের মালিক : সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড
ও অংশীদার অথবা শেয়ারহোল্ডার যাঁদের মোট মূলধনের এক শতাংশের বেশি শেয়ার রয়েছে, তাঁদের নাম, ঠিকানা : ১২/৩/৪ জামির লেন কলকাতা - ৭০০ ০১৯

২৮.০২.২০২২ পর্যন্ত এই সংবাদপত্রের মালিক ও অংশীদার বা মোট মূলধনের এক শতাংশেরও বেশি শেয়ারের অধিকারীদের নাম ও ঠিকানা:
(১) মৌসুমী ঘোষ, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯,
(২) শীর্ষতনয় ঘোষ, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯,
(৩) অভিষেক বসু, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯.

আমি, শ্রীমতী মৌসুমী ঘোষ এতদ্বারা ঘোষণা করছি যে উপরোক্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

তারিখ : ১ মার্চ, ২০২২

মৌসুমী ঘোষ
প্রকাশকের স্বাক্ষর

# ব্যবসা

## অল্প পুঁজিতে চামড়া বা, রেক্সিনের চপ্পল তৈরির লাভজনক ব্যবসা

কম পুঁজিতে চামড়া বা, র‍্যাক্সিনের চপ্পল ও স্যান্ডেল তৈরির ব্যবসা লাভজনক। প্রাথমিকভাবে এককভাবে কিংবা ১ জন লোক নিয়ে শুরু করতে পারেন। ৫০ হাজার থেকে ১ লাখ টাকার পুঁজিতে ক্ষুদ্র ইউনিট করে মাসে অনায়াসে ৪-৫ হাজার টাকা আয় করা যায়।



বেল্ট ছাড়া জুতোকে বলা হয় চপ্পল বা, চটি আর বেল্ট লাগানো জুতো স্যান্ডেল। শুরুতে চপ্পল বা, চটি তৈরি করা ভালো। ঠিক করে নিতে হবে কাদের চপ্পল করতে চান। ছেলেদের, মেয়েদের না বাচ্চাদের। বাজারে মেয়েদের ও শিশুদের চপ্পলের চাহিদা বেশি। কারণ শাড়ি, গহনার মতো মেয়েরা বিভিন্ন ডিজাইনের চপ্পল কিনতে পছন্দ করেন। শিশুদেরও পছন্দ বৈচিত্র্যময় জুতো।

**কাঁচামাল :** কাঁচামালের মধ্যে লাগে এইসব : র‍্যাক্সিন / চামড়া, রাবার / পিভিসি সোল, আঠা (ল্যাটেক্স / ডেনড্রাইট), সুতো, ইভা, ক্যানভাস, স্পঞ্জ, কাঠের হিল (পিভিসি হিল), লেদার বোর্ড, পাঞ্চ বোর্ড।

**কোথায় পাবেন :** যাবতীয় কাঁচামাল পাওয়া যাবে কলকাতার রাজাবাজার, পার্কসার্কাস, পদ্মপুকুর (বিষ্ণুবহাট)।

**যন্ত্রপাতি :** দরকারি যন্ত্রপাতির মধ্যে আছে সেলাই মেশিন (31K15 মডেল), ঘষার মেশিন (গ্রাইন্ডিং), ফর্মা বা, লাস্ট, সোল পেস্টিং মেশিন। দরকারি যন্ত্রাংশের তালিকায় আছে খুরপি, হাতুড়ি, কাঁচি, হ্যামার, ছুরি, পয়েন্টিং অল, স্কেল।

**কোথায় পাবেন :** যন্ত্রপাতি পুরনো বা নতুন কিনতে পারেন। যন্ত্রপাতি পাবেন হাওড়ার সালকিয়া, চিৎপুর, বেন্টিঙ্ক স্ট্রিট, ওয়েলিংটন। সেলাই মেশিন পাবেন ২এ আর.এন.মুখার্জী রোড, কলকাতা - ১। পদ্মপুকুরের বিষুবহাটে যোগাযোগ করলে পুরনো মেশিনের খোঁজ পাবে।

**তৈরির পদ্ধতি :** প্রথমে সাদা কাগজে বা, ট্রেসিংয়ে চপ্পলের ডিজাইন করে নিতে হবে। নিজে বা, ডিজাইনারদের দিয়ে আঁকিয়ে নিতে পারেন। চামড়া বা, র‍্যাক্সিনে ওই ডিজাইনের ছাপ তুলে নিতে হবে। এবার ডিজাইন অনুসারে ছুরি বা, কাঁচি দিয়ে নির্দিষ্ট মাপে কাটিং করতে হবে। এরপর হাতুড়ি দিয়ে মুড়ে নিয়ে সেলাই করতে হবে। সেলাইয়ের পর ইনসোল তৈরি করে নিতে হবে। তারপর আপার অর্থাৎ ওপরের অংশ ও ইনসোল জুড়তে হবে। এরপর পুরোটা সোলের সঙ্গে আঠা দিয়ে পেস্টিং করতে হবে। চপ্পল তৈরির পর রং ও পালিশ দিয়ে ফিনিশিং করতে হবে। শেষে প্যাকেজিং অর্থাৎ সুদৃশ্য বাক্সে ভরে বিক্রির উপযোগী করা। প্যাকেজিংয়ের উপযোগী বাক্স শিয়ালদহের কাছে সূর্য সেন স্ট্রিটে কাগজ পট্টিতে পাওয়া যায়।

**কোথায় বিপণন :** পণ্য তৈরি করে স্থানীয় এলাকায় বিক্রি করতে পারেন। স্থানীয় জুতোর দোকান এই জাতীয় সস্তা সামগ্রী পছন্দ করেন। পাইকারি হাটে পণ্য বিক্রি করতে চাইলে বা, জব কাজ করতে হলে অনেক বেশি উৎপাদন করতে হবে। ভালো টাকা বিনিয়োগ করতে হবে।

**লাভের পরিমাণ :** এই জাতীয় পণ্য বিক্রি করে ২০%-২৫% লাভ থাকে।

**কোথায় টাকা পাবেন :** ব্যবসার জন্য বিভিন্ন সরকারি প্রকল্প ছাড়াও সরাসরি ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়া যায়। এছাড়া মাইক্রোফিনান্স সংস্থা থেকেও ক্ষুদ্রশিল্পের জন্য ঋণ পাওয়া যায়।

**ট্রেনিং :** নিজে কাজ জানলে ঠকতে হয় না। তাছাড়া সরকারি প্রকল্পে ঋণ নিতে চাইলে উদ্যোগীদের দক্ষতার- ট্রেনিং থাকলে গুরুত্ব দেওয়া হয়। জুতো ও চর্মজাত পণ্য তৈরির ট্রেনিংয়ের জন্য যোগাযোগ : সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং সেন্টার, বজবজ, কালিকাপুর, দক্ষিণ ২৪ পরগনা।

**স্বল্পমেয়াদি ট্রেনিং :** (ক) হাওড়া হোমস ট্রেনিং, সাঁতরাগাছি, হাওড়া। (খ) কল্যাণী আই.টি.আই, কল্যাণী। (গ) এম.এস.এম.ই. বিকাশ কেন্দ্র ১১১ ও ১১২ বি.টি. রোড, কলকাতা - ১০৮।

বিজ্ঞাপন

## মাধ্যমিক পাস ছেলে-মেয়েদের ইএমকে ফ্রি কোর্স (ট্রেনিং) করিয়ে কয়েক হাজার গ্রুপ সি ও ডি এর চাকরি

ইএমকেসি ২২/০২ ব্যাচে ফ্রি কোর্স (ট্রেনিং) করিয়ে কয়েক হাজার গ্রুপ 'ডি' ও 'সি' পদে চাকরির "ফ্রি কোর্স-এর" জন্য আবেদনপত্র জমা নেওয়া হচ্ছে। চাকরি হতে পারে সারা ভারতের যে কোনো জায়গায়। ন্যূনতম মাধ্যমিক পাস বা দশম শ্রেণি উত্তীর্ণ ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা থাকলেও আবেদন করতে পারবেন। তবে কোনো ক্ষেত্রেই পার্সেন্টেজ এর কোনো বাধ্যবাধকতা নেই। **ট্রেড এবং শূন্যপদের বিবরণ : "ইএমকেসি ফর- পার্সোনাল অ্যাসিস্ট্যান্ট- ৭৩৭টি, পিওন- ১৪১০টি, আপার ডিভিশন ক্লার্ক-** ৪৯৪টি, রানার- ৯৩৫টি, সিম্যান- ১৯৪৬টি, অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ ম্যানেজার- ২১৪টি, কুক- ৯০৬টি এবং অয়েলার- ৪৬৪টি। বয়স : ৩১.০৩.২০২২ হিসাবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। ওবিসি-রা বয়সে তিন বছর এবং এসসি ও এসটি প্রার্থীরা বয়সে পাঁচ বছর ছাড় পাবেন। ফ্রি কোর্স-এর অনলাইন আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ — ১৬ই এপ্রিল ২০২২ পর্যন্ত। সিলেকশন পদ্ধতি : আবেদনপত্রের সমস্ত খুঁটিনাটি তথ্য বাছাই করে প্রার্থী নির্বাচন (শর্ট লিস্ট) করা হবে। নির্বাচিত হলেই- সিলেকশন লেটার পাবেন আপনার রেজিস্টার ইমেল আইডিতে এবং আপনার মোবাইল নম্বরে একটি এসএমএস পাঠানো হবে। তারপর প্রথম পর্যায়ের বেসিক ডকুমেন্ট ভেরিফিকেশন করা হবে। প্রথম পর্যায়ের ডকুমেন্ট ভেরিফিকেশন সফল হওয়ার পর থাকবে গ্রুপ ডিসকাশন এবং তারপর থাকবে ডাক্তারি পরীক্ষা। সবশেষে থাকবে পুলিশ ভেরিফিকেশন, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সার্টিফিকেট সহ সমস্ত নথিপত্রের ভেরিফিকেশন। সমস্ত ধরনের পরীক্ষা ও ভেরিফিকেশন সফল হলে, চূড়ান্ত মেধাতালিকায় নাম প্রকাশিত হবে এবং সেইসঙ্গে চূড়ান্ত মনোনয়ন পত্র দেওয়া হবে। নির্বাচিত প্রার্থীদের ফল প্রকাশ করা হবে ২১শে এপ্রিল ২০২২ তারিখে, বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে, প্রার্থী তার নিজের অ্যাপ্লিকেশন নম্বর বা রেজিস্ট্রেশন নম্বর এবং জন্মতারিখ দিয়ে অনুসন্ধান করে ফলাফলের বিবরণ দেখতে পারবেন। সমস্ত স্তরের ডকুমেন্ট ভেরিফিকেশন সফল হওয়ার পর ইএমকে কোর্সে (অর্থাৎ ১৪ মাসের অনজব ট্রেনিং) এ যোগদান করতে পারবেন সম্পূর্ণ বিনামূল্যে। এছাড়া ভর্তি বা ট্রেনিং সংক্রান্ত যে কোনো ধরনের যোগাযোগ করতে পারবেন পূর্ব ভারতের এই সমস্ত সেন্টারে **কলকাতা এসসিবি ট্রেনিং একাডেমি,** পি/7-ব্লক, সেক্টর 5, সল্টলেক সিটি, কলকাতা- 700091, ফোন নম্বর- **8276980145** এবং **শিলিগুড়ি রাজগুরু ট্রেনিং ইনস্টিটিউট,** পূর্ণিয়া-শিলিগুড়ি রোড, বড়মোহনসিংহ, শিলিগুড়ি- 734013, ফোন নম্বর : **8274941875**। ইএমকে কোর্স (ট্রেনিং) চলাকালীন কোনো ধরনের পরীক্ষা দিতে হয় না এবং এই কোর্স (ট্রেনিং) সম্পূর্ণ ভাবে সফল করার পর পাবেন স্থায়ী চাকরি। ইএমকে কোর্স (ট্রেনিং) হবে ১৪ মাস। ইএমকে কোর্স অর্থাৎ ট্রেনিংয়ের সময় থাকা-খাওয়া, রেশন ব্যবস্থা ও ১০,০০০ টাকা (সমস্ত সুযোগ-সুবিধা সহ) স্টাইপেন পাবেন প্রতি মাসে, এবং তারপর পাবেন সম্পূর্ণ বেতন। আবেদন পদ্ধতি : অনলাইনে আবেদন করার জন্য ***www.mtdind.org*** ওয়েবসাইটে গিয়ে অনলাইন অ্যাপ্লিকেশন-এ ক্লিক করুন। অ্যাপ্লিকেশন জমা দেবার পর আপনার রেজিস্টার ইমেল-আইডির ইনবক্সে অথবা স্প্যাম ফোল্ডার থেকে অনলাইন আবেদন এর বিবরণ প্রিন্ট করে নেবেন। একজন প্রার্থী সর্বোচ্চ দুটি ট্রেড এর জন্য আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সহ সারা ভারতে ১১৪টি সেন্টার রয়েছে, সমস্ত শাখার তথ্য পাবেন নির্দিষ্ট ওয়েবসাইট থেকে। বিস্তারিত জানার জন্য ***www.mtdind.org*** ওয়েবসাইটটি লগইন করুন অথবা 1800-1234-430 টোল ফ্রি হেল্পলাইন নাম্বারে কল করুন। যেকোনো ধরনের অভিযোগ বা অসুবিধার জন্য সরাসরি হেডঅফিসের 9569-46-8669 এই নম্বরে ফোন করতে পারবেন সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত, শনিবার, রবিবার ও অন্যান্য ছুটির দিন বাদ দিয়ে।

বিজ্ঞাপন

Join Telegram Channel @DisariJibika



## কেন্দ্রীয় সংস্থায় ১৫০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : মেশিনিস্ট ট্রেডে ৩, ফিটার ৪, ইলেক্ট্রিশিয়ান ৩, ওয়েল্ডার ২, শীট মেটাল ওয়ার্কার ২, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৮।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা) ট্রেনি :** পলিটেকনিক থেকে কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার নেটওয়ার্কিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, মেকানিক্যাল, প্রোডাকশন, টুল অ্যান্ড ডাই ডিজাইন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল /প্রোডাকশন /টুল অ্যান্ড ডাই ডিজাইন ১০, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন /ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন -৭।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি (বি.ই. বা, বি.টেক.) :** মেকানিক্যাল / প্রোডাকশন / ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, অ্যারোনটিক্যাল /অ্যারোস্পেস, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স /ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন /টেলিকম, কম্পিউটার সায়েন্স /কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি, মেটালার্জি / মেটেরিয়াল সায়েন্স, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল / প্রোডাকশন / ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন-৩০, অ্যারোনটিক্যাল /অ্যারোস্পেস-১৫, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স /ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন /টেলিকম-১০, কম্পিউটার সায়েন্স /কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি-১৫, মেটালার্জি /মেটেরিয়াল সায়েন্স-৪, সিভিল ইঞ্জিনিয়ারিং-১।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি (জেনারেল স্ট্রিম) :** কমার্স, বি.এসসি (কেমিস্ট্রি, ফিজিক্স, অঙ্ক, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার), বি.এ. (ইংরিজি, ইতিহাস, ফিনান্স, ব্যাঙ্কিং) কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : কমার্স শাখায় ১০, বি.এসসি. ১০, বি.এ. ১০। ওপরের সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিং। সব ক্ষেত্রেই ২০১৯, ২০২০, ২০২১ সালে সফল হয়ে থাকতে হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : GTRE/HRD/026/2022-23. Date: 21st February 2022.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রাথমিক ভাবে দরখাস্ত বাছাই করে লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউয়ের জন্য প্রার্থীদের তালিকা বেরোবে ২৫ মার্চ। চূড়ান্ত তালিকা বেরোবে ২২ এপ্রিল। ট্রেনিং শুরু ৪ মে। প্রার্থী বাছাই পরীক্ষার সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও ফর্মের কপি নিয়ে যাবেন।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ও জেনারেল স্ট্রিম ট্রেডের বেলায় নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে: www.mhrdnats.gov.in, আই.টি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে : http://apprenticeshipindia.org নাম নথিভুক্ত করার পর রেজিস্ট্রেশন নম্বর পাবেন। এবার দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rac.gov.in, www.drdo.gov.in. এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। তারপর ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

## বিনা খরচে তপশিলী জাতি ও আদিবাসী মহিলাদের সেলাইয়ের (টেলারিং) কোর্স

পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগমের পরিচালনায় বিনা খরচে তপশিলী জাতি ও আদিবাসী মহিলাদের সেলাইয়ের কোর্স করানো হচ্ছে। ৪ মাসের অনাবাসিক প্রশিক্ষণ। যোগ্যতা : ক্লাস এইট পাশ। বয়স হতে হবে ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে। পারিবারিক বার্ষিক আয় হতে হবে ৩,০০,০০০/- টাকার মধ্যে। ট্রেনিং শেষে সার্টিফিকেট ও কর্মসংস্থানে সহায়তা করা হবে। প্রকল্প রূপায়ণে আছে 'প্রগতি'। প্রশিক্ষণ কেন্দ্রগুলি হল : (১) বহরমপুর (মুর্শিদাবাদ) : ৯৪৩৪৬৬৬২২২, (২) জিয়াগঞ্জ (মুর্শিদাবাদ) : ৯১৫৩২৬৯৫৩০, (৩) সাগরপাড়া (মুর্শিদাবাদ) : ৭৭১৮৬৬৬৬৯৯, (৪) গাজল (মালদা) : ৭০০১৬৬৯৪২২, (৫) চাঁচল (মালদা) : ৯৪৩৪৬৮৩৬৭৩, (৬) দিনহাটা (কোচবিহার) ৯৯৩২৩০৭৯২৫, (৭) ইটাহার / দুর্গাপুর (উঃ দিনাজপুর) : ৯৭৭৫১৩৫০০০, (৮) কালিয়াগঞ্জ / রাধিকাপুর (উঃ দিনাজপুর) : ৯৪৭৫৫৮৮৭৫৬, (৯) হেমতাবাদ (উঃ দিনাজপুর) : ৭৯০৮৯৯৪৬৫১, (১০) চাকুলিয়া (উঃ দিনাজপুর) ৭৯০৮৪৫৫২১৬, (১১) হিলি /তৃণমহিনী (দঃ দিনাজপুর) : ৯৪৩৪৯৬৯৪০৪, (১২) গঙ্গারামপুর / বুনিয়াদপুর (দঃ দিনাজপুর) : ৯৬৩৫৮১৮৬৮০, (১৩) তপন (দঃ দিনাজপুর) ৬২৯৭৭৯০২২০, (১৪) গোপালগঞ্জ (দঃ দিনাজপুর) : ৯৬৪৭৮৯০৫০৬, (১৫) বালুরঘাট (দঃ দিনাজপুর) : ৮৬৭০৯৯৭৮৪৭, (১৬) জলপাইগুড়ি টাউন : ৭৯০৮২২৭১৩৪, (১৭) কাটোয়া (পূর্ব বর্ধমান) : ৭৬০২৭০৭০৭০, (১৮) কাঁদরা (পূর্ব বর্ধমান) : ৬২৯৭৫৪৫১৫৫, (১৯) লিলুয়া (হাওড়া) : ৯০৫১৪০৪১২৪, (২০) খরিবাড়ি (দার্জিলিং) : ৯৭৩৫০৫২৩৬০।

## পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে

৩৫ পাতার পর

পারেন। বয়স হতে হবে ১-৭-২০২১-এর হিসাবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে। ন্যূনতম বয়সে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.-রা ৩ বছর ছাড় পাবেন। প্রার্থীদের সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। মূল মাইনে : ১৪,৫০০-২৮,১৪৫ টাকা। শূন্যপদ : বীরভূম জেলায় ১টি (জেনাঃ)। পশ্চিম বর্ধমানে ১১টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। উত্তর দিনাজপুর ১টি (ই.ডব্লু.এস.), মালদহ ২ (জেনাঃ ১, ও.বি.সি. ১)। দক্ষিণ দিনাজপুর ২ (জেনাঃ ১, তঃজাঃ ১)। মুর্শিদাবাদ ৩ (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। জলপাইগুড়ি ৩ (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১)। দার্জিলিং ২ (জেনাঃ ১, ও.বি.সি. ১)। পুরুলিয়া ৫ (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। বাঁকুড়া ৫ (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

প্রার্থী বাছাই হবে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষার মাধ্যমে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে (অ্যানেক্সার-১)-এ। দরখাস্তের সঙ্গে দেবেন বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, বাসিন্দা সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, নিজের নাম-ঠিকানা লেখা একটি খাম, এখনকার তোলা পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Recruitment of Armed Guard in Subordinate Cadre -2021-2022, Applied for District.....' দরখাস্ত পাঠাবে রেজিস্ট্রি ডাকে বা, স্পিড ডাকে। পৌঁছনো চাই ৪ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The Chief Manager, Punjab National Bank, Zonal Office, Durgapur, City Centre, Red Cross Road, Durgapur-713 216. Ph: 0343-2950256, Email: zodgphrd@pnb.co.in দরখাস্তের বয়ান :

**APPLICATION FOR THE POST OF ARMED GUARD FOR DISTRICT ........ (DISTRICT NAME) IN PUNJAB NATIONAL BANK**

(1) Name of the Applicant : ......... (2) Father's Name : ........ (3) Permanent Address : ....... (4) Address for Cprrespondence : ........ (5) Place of Domicile : ....... (6) Registration No. of District Employment Exchange and Date of its Validity (if Registered with Employment Exchange) : ......... (7) Phone/Mobile No. : ....... (8) Date of Birth : ......... (9) Age as on 01.07.2021 :Years ........./ Months ...... / Days ......... (10) Category : (Gen / SC / ST / OBC / EWS) : ........ (11) Total Number of Service (as Ex-Serviceman) : .............. (12) Medical Category as per Discharge Book : ......... (13) Rank : ........ (14) Character : ..........

Educational Qualification (enclosed attested True Copies)-

| Name of Exam | Subjects | Date of passing | % of Marks | Board / University |
|---|---|---|---|---|

I certify that the above information given by me is correct and complete to the best of my knowledge and belief. I understand and agree that any misrepresentation falsification, or omission of material fact may be cause for rejection of my application or termination of service after employment. I further certify that I am domicile of DISTRICT ......................

Date : -

Signature

Name




100% Placement Assistance

# Ideal Institute of Nursing

(Affiliated to WBUHS & Approved by WBNC & Dept. of Health and Family Welfare, Govt. of W.B)

**Salient Features**

- Picturesque Lush Green Campus.
- Situated just opposite to Kalyani Shilpanchal Railway Station.
- Well equipped labs and digital class rooms.
- Well-stocked Library.
- Clinical training at College of Medicine & JNM Hospital which is just opposite to the college.
- Community health training at Haringhata BPHC Govt. of W.B
- Huge Playground, Badminton Court & Swimming Pool.
- Triple sharing rooms with attached toilet fitted with all modern fixtures.
- Individual study table & chair.
- Individual divan for storage.
- 24X7 running Electricity and RO-drinking water
- Excellent Indoor & Outdoor facilities.
- Delicious and nutritious food 4 times in a day.
- Round the clock Security and Warden.
- Free tuition by college teachers in the evening.



Direct Admission going on (Limited seats available)

**GNM (without GMR)**
Candidates must have to pass Higher Secondary Examination (10th+2) from West Bengal Council of Higher Secondary Education or from any recognized Council/Board.

**B.Sc. (any GMR)**
10+2 class passed with Science (PCB) & English Core/English Elective with aggregate of 45% marks from recognized board under AISSCE CBSE/ICSE/SSCE/HSCE or equivalent Board.

Admission Helpline No.:
9475509383/ 8918198525/ 9830222049
Opposite Kalyani Shilpanchal Railway Station, P.O. & P.S.: Kalyani, Dist.: Nadia, 741235



# ভর্তি চলিতেছে

"কারিগরী শিক্ষাই একমাত্র দিতে পারে স্বনির্ভরতা, আত্মবিশ্বাস এবং সুনিশ্চিত চাকরি"

**আইটিআই প্রোগ্রাম**
- ইলেক্ট্রিশিয়ান • ফিটার • ওয়েল্ডার
- রেফ্রিজারেশন ও এসি মেকানিক

**শর্ট টার্ম প্রোগ্রাম**
- মোবাইল ফোন টেকনিশিয়ান
- সিসিটিভি টেকনিশিয়ান

**আইটি প্রোগ্রাম**
- কম্পিউটার অ্যাপ্লিকেশন ও প্রোগ্রাম
- কম্পিউটার হার্ডওয়্যার ও নেটওয়ার্কিং
- এফ.এ উইথ জিএসটি • অফিস ম্যানেজমেন্ট
- অটোক্যাড • থ্রিডি ম্যাক্স উইথ ভি-রে
- ডিটিপি অ্যান্ড ডিজাইন • ভিডিও এডিটিং
- ওয়েব টেকনোলজি • ওয়েব ডিজাইন

**ডিজাইন প্রোগ্রাম**
- ফ্যাশন ডিজাইন
- ইন্টেরিওর ডিজাইন
- মাস কমিউনিকেশন ও জার্নালিজম
- মাল্টিমিডিয়া ও অ্যানিমেশন

**সেফটি ম্যানেজমেন্ট প্রোগ্রাম**
- ফায়ার অ্যান্ড সেফটি ম্যানেজমেন্ট
- হেল্থ সেফটি ম্যানেজমেন্ট

**বিউটি অ্যান্ড ওয়েলনেস**
- প্রফেশনাল বিউটিশিয়ান (স্কিন | হেয়ার)
- প্রফেশনাল মেক-আপ

ISO:9001-2015 Certified Institute

**SRIMATI TECHNO INSTITUTE**
An Institute of Design, IT, Mgmt. & Technical Studies

প্লেসমেন্ট সহায়তা



ফোন করুন
@ 92300 76097/95
১২৪/২এ, হাজরা রোড, কালীঘাট ফায়ার ব্রিগেডের কাছে, কল-২৬
বারুইপুর : 92300 62678 | রাজারহাট : 92300 62677

অনুসরণ করুন : | www.srimatitechno.org
খোলা আছে 9.00AM To 8.00PM

Join Telegram Channel @DisariJibika



## স্কুল সার্ভিসের

■ *স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি ও গ্রুপ-ডি পদের লিখিত পরীক্ষার সিলেবাস জানাবেন। — স্বপ্না দাস, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ গ্রুপ-ডি পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য ৫০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৪৫ নম্বর ও পার্সোন্যালিটি টেস্টে থাকবে ৫ নম্বর। ৪৫ নম্বরের ১ ঘন্টার লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ টাইপের (এম.সি.কিউ. টাইপের) এইসব বিষয়ে : (১) জেনারেল নলেজ - ১৫ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ১৫ নম্বর, (৩) অ্যারিথমেটিক - ১৫ নম্বর। সফল হলে পার্সোন্যালিটি টেস্ট।

**লোয়ার ডিভিশন ক্লার্ক** পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৬০ নম্বর, অ্যাকাডেমিক স্কোরে থাকবে ১০ নম্বর, পার্সোন্যালিটি টেস্টে থাকবে ৫ নম্বর আর কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতায় থাকবে ২৫ নম্বর। ৬০ নম্বরের ১ ঘন্টার লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের এইসব বিষয়ে : (১) জেনারেল নলেজ - ১৫ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ১৫ নম্বর, (৩) জেনারেল ইংলিশ - ১৫ নম্বর, (৪) অ্যারিথমেটিক - ১৫ নম্বর। লিখিত পরীক্ষায় কোয়ালিফাই করলে ৫ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট হবে। তারপর কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতায় থাকবে ২৫ নম্বর। মিনিটে ২০টি শব্দ তোলার গতিতে রানিং ম্যাটার দেখে ৫ মিনিটে ইংরিজিতে কম্পিউটারে টাইপিং স্কিল টেস্ট হবে। বিজ্ঞপ্তি বেরোলে পরীক্ষা সংক্রান্ত আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.westbengalssc.com

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে বি.এড. (স্পেশাল এডুকেশন) কোর্স করেছি। স্কুল সার্ভিসের 'টেট' দিতে পারব কি? — অর্ক চ্যাটার্জী, উদয়নারায়ণপুর, হাওড়া।*

■■ হ্যাঁ, পারবেন।

## রেলে চাকরির

■ *রেলে অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? মাধ্যমিকে ৫০% নম্বর থাকা বাধ্যতামূলক কি? — সিরাজ আলি লস্কর, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ মাধ্যমিক পাশ বা আই.টি.আই. থেকে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ইন্সট্রুমেন্ট মেকানিক, মিল রাইট মেন্টেন্যান্স মেকানিক, মেকানিক রেডিও অ্যান্ড টি.ভি., ইলেক্ট্রনিক্স মেকানিক্স, মেকানিক মোটর ভেহিক্যাল, ওয়ারম্যান, ট্রাক্টর মেকানিক, আর্মেচার অ্যান্ড কয়েল ওয়াইন্ডার, মেকানিক ডিজেল, হিট ইঞ্জিন, টার্নার, মেশিনিস্ট বা, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক ট্রেডে স্বীকৃত সার্টিফিকেট কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা সংশ্লিষ্ট ট্রেডে অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ না হলেও যোগ্য। পলিটেকনিক থেকে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, অটোমোবাইল বা, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদন করার যোগ্য। ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স বা, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ের উচ্চ শিক্ষাগত যোগ্যতার (বি.ই. বা, বি.টেক.) ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। দৃষ্টিশক্তি দরকার A-1. বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে ৩৫ (তপশিলী হলে ৪০, ও.বি.সি. হলে ৩৮) বছর বয়স পর্যন্ত, প্রতিবন্ধী আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। প্রার্থী বাছাইয়ের পরীক্ষা হবে দু'টি ধাপে, অনলাইনে। প্রথম ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স), (২) অঙ্ক, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (৪) জেনারেল সায়েন্স। সময় ১ ঘন্টা। দ্বিতীয় ধাপের কম্পিউটার বেসড পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স), (২) অঙ্ক, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (৪) বেসিক সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। সময় থাকবে ৯০ মিনিট।

দ্বিতীয় পার্টে ৭৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ওপর। সময় ৬০ মিনিট। প্রথম ও দ্বিতীয় পার্টের কম্পিউটার টেস্টে নেগেটিভ মার্কিং আছে। ৩টি ভুলের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এরপর কম্পিউটার বেসড অ্যাপ্টিটিউট টেস্ট হবে।

# রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেলের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে অপারেটর, ক্লার্ক, অ্যাসিস্ট্যান্ট | উচ্চমাধ্যমিক | - | ৭-৩-২২ | www.ssc.nic.in |
| কোস্ট গার্ডে ফায়ারম্যান ড্রাইভার, এম.টি.এস. | মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক | ৫৩ | - | www.joinindiancoastguard.gov.in |
| সি.আই.এস.এফ.-এ কনস্টেবল (ফায়ারম্যান) | উচ্চমাধ্যমিক | ১,১৪৯ | ৪-৩-২২ | www.cisfrectt.in |
| রিজার্ভ ব্যাঙ্কে অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৯৫০ | ৮-৩-২২ | www.rbi.org.in |
| পূর্ব-উপকূল রেলে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ৭৫৬ | ৭-৩-২২ | www.rrcbbs.org.in |
| কোলফিল্ডে মাইনিং সির্দার | মাধ্যমিক ও মাইনিং সির্দার | ৩১৩ | ১০-৩-২২ | www.easterncoal.gov.in |
| নেভিতে অফিসার | ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট | ১৫৫ | ১২-৩-২২ | www.joinindiannavy.gov.in |
| ব্যাঙ্ক নোট প্রেসে জুনিয়র টেকনিশিয়ান | আই.টি.আই. পাশ | ৮১ | ২৮-৩-২২ | www.bnpdewas.spmcil.com |
| দিল্লির মেল মোটর সার্ভিসে স্টাফ কার ড্রাইভার | মাধ্যমিক | ২৯ | ১৫-৩-২২ | www.indiapost.gov.in |
| কেন্দ্রীয় সরকারের স্বীকৃত হোটেল ম্যানেজমেন্টের কোর্স | উচ্চমাধ্যমিক | ১২,০০০ | ৩-৫-২২ | www.nta.ac.in |
| ইরকন ইন্টারন্যাশনালে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার | মাধ্যমিক ও মাইনিং সির্দার | ৪০ | ৮-৩-২২ | www.ircon.org |
| গেইল ইন্ডিয়া লিমিটেডে এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ৪৮ | ১৬-৩-২২ | www.gailonline.com |
| রাজ্য বিদ্যুৎ সংস্থায় অ্যাপ্রেন্টিস | ডিগ্রি ও ডিপ্লোমা | ৬২ | ১১-৩-২২ | www.mhrdnats.gov.in |

## প্রাইমারি টিচারের

■ *২০১৪ সালের প্রাইমারি 'টেট' দিয়ে সফল হয়েছি। ইন্টারভিউ দেইনি। এবছর ইন্টারভিউয়ের জন্য যে বিজ্ঞপ্তি বেরোবে তাতে দরখাস্ত করতে পারব কি? — তোতন রায়, বীরভূম। মোনালিসা চ্যাটার্জী, বারুইপুর, দঃ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *২০১৭ সালের প্রাইমারি 'টেট' পাশ করেছি। ইন্টারভিউ কবে হবে? আদৌ ইন্টারভিউ হবে কি? — আব্দুল মান্নান মোল্লা, মাগুরুটি, বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো ইন্টারভিউয়ের কোনো বিজ্ঞপ্তি বেরোয়নি। তাই কবে ইন্টারভিউ হবে তা জানানো সম্ভব নয়।

## জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পুলিশে চাকরির

■ *কলকাতা পুলিশের সাব-ইন্সপেক্টর ও সার্জেন্ট পদের পরীক্ষা কি এবছর হবে? — রাজা রায়, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, এবছরই পরীক্ষা হবে। এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ *পশ্চিমবঙ্গ পুলিশের ২০১৯ সালের কনস্টেবল পদের মেধা তালিকার ওপর যে মামলা চলছিল, তার নিষ্পত্তি হয়েছে কি? — বরুণ দত্ত, হুগলি। পার্থ দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশের ২০১৯ সালের কনস্টেবল পদের চূড়ান্ত মেধা তালিকার ওপর যে মামলা চলছিল, পশ্চিমবঙ্গ অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনালের রায়ে ওই পদের নতুন তালিকা (রিভাইজড) প্রকাশিত হয়েছে। এই তালিকায় ৮,৪১৯ জন প্রার্থীর নাম আছে। এর মধ্যে জেনারেল প্রার্থী আছে ৪,৬২০ জন, ও.বি.সি.-এ ক্যাটেগরি ৯৩৩ জন, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৪৭২ জন, তপশিলী জাতি ১,৮৫৬ জন, তপশিলী উপজাতি ৫৩৮ জন।

## পি.এস.সি.'র

■ *কৃষি প্রযুক্তি সহায়ক পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — শুভজিৎ রায়, খড়গ্রাম, পূর্ব বর্ধমান।*

■■ কৃষি প্রযুক্তি সহায়ক পদে অনেক শূন্যপদ আছে। পি.এস.সি. সূত্রে খবর, নবান্ন থেকে বিজ্ঞপ্তি বেরোনোর বিষয়ে কোনো সবুজ সঙ্কেত দেয়নি।

■ *আই.সি.ডি.এস.-এর মেন পরীক্ষা দিয়েছি ২০১৯ সালের ডিসেম্বরে। ফল কবে বেরোবে আর ইন্টারভিউ কবে হবে? — সুস্মিতা মন্ডল, ধুলিয়াড়া, দেহাটি, পূর্ব মেদিনীপুর।*

■■ ফল শিগগিরই বেরোবে। ফল বেরোনোর ২ মাসের মধ্যে ইন্টারভিউ শুরু হবে।

■ *২০১৯ সালের ক্লার্কশিপ পার্ট-।। পরীক্ষায় সফলদের টাইপিং টেস্ট কবে শুরু হবে? — রজত বিশ্বাস, হাবড়া, উত্তর২৪ পরগনা।*

■■ ২০১৯ সালের ক্লার্কশিপ পার্ট-।। পরীক্ষায় সফলদের যে টাইপিং টেস্টের জন্য অনলাইনে যাবতীয় প্রমাণপত্র জমা নেওয়া হয়েছিল, তার কম্পিউটার বেসড টাইপিং টেস্ট হবে ২৬ ও ২৭ মার্চ, কলকাতার বিভিন্ন কেন্দ্রে। কোন প্রার্থীদের কবে কোন কেন্দ্রে টাইপিং টেস্ট হবে তার তালিকা খুব শিগগিরই ওয়েবসাইটে আপলোড করা হবে। প্রার্থীদের ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নিতে হবে ওয়েবসাইট থেকে, পরীক্ষার এক সপ্তাহ আগে থেকে।

## সেনাবাহিনীতে ৭ সাফাইওয়ালা

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন নিউ দিল্লির আর্মি ক্যাম্প এম.টি.এস. (সাফাইওয়ালা) পদে ৭ জন লোক নিচ্ছে। মাধ্যমিক পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ট্রেডে কাজ করার ৬ মাসের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৮,০০০ টাকা। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, দক্ষতা, প্র্যাক্টিক্যাল বা, ট্রেড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে দিল্লিতে।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম ও কল লেটার আলাদা কাগজে প্রিন্ট করে বা, টাইপিং করে। পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন :(১) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশীটের স্ব-প্রত্যয়িত নকল, (২) বয়স ও কাস্ট-সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৩) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), (৪) নিজের নাম-ঠিকানা লেখা ও ৫ টাকার ডাকটিকিট সাঁটা ১২x২০ সেমি মাপের ১টি খাম, (৫) এখনকার তোলা ২ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও ১ কপি অ্যাডমিট কার্ডে সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of MTS (Safaiwala)'. দরখাস্ত পাঠাবেন সাধারণ ডাকে। পৌঁছনো চাই ১০ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The Commandant, Integrated HQ MoD (Army) Camp, Rao Tula Ram Marg, New Delhi-110010. দরখাস্তের বয়ান :

**APPLICATION FORM**

1. Post Applied for : ..................
2. Name (in block letters : ..................
3. Father's Name, : ..................
   Mather's : ..................
5. Date of Birth : ..................
6. Age as on 1 Jan 2022 : ............Yrs ........ Months ........ Days
7. Category (UR/OBC/SC/ST/ESM) : ..................
8. (a) Correspondence Address : ..................
   (b) Permanent Address : ..................

Self Attested Passport size Photograph

9. **I hereby certify that :-**
(a) I am not involved in any criminal case and no proceedings Criminal/Civil are pending/contemplated against me in any court of law.
(b) The above perticulars are true and correct to the best of my knowledge and belief. If any particular is found to be incorrect and false at any stage of my selection/appointment/service are liable to be terminated without notice.

**Date :** ..................
**Place :** ..................

**(Signature of Applicant)**

**ACKNOWLEDGEMENT CARD**
**(To be filled by Candidate)**

**Post Applied for** ..................
1. Name : ..................
   (in block letters)
2. Father's Name : ..................
   (in block letters)
3. Correspondence Address : ..................
   (As mentioned in column ..................8
   of Application Form) ..................

Self Attested Passport size Photograph

**(FOR OFFICE USE)**

4. Index No : ..................
5. Application accepted/rejected and date of test if accepted ..................
6. Reason for rejection : Under age/Over age/Documents incomplete/Any other reasons to be specified : ..................
7. Date of reporting for test .............. at IHQ MoD (Army) Camp, Delhi Cantt

**Signature of Controlling Officer**

Join Telegram Channel @DisariJibika



## WBCS পরীক্ষার দরখাস্ত

১ পাতার পর

কন্ট্রোলার অফিসার, 'কো-অপারেটিভ সোসাইটির ইন্সপেক্টর', 'পঞ্চায়েতের এক্সটেনশন অফিসার', 'পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার' ও 'রি-হ্যাবিলিটেশন অফিসার' পদে কয়েকশো ছেলেমেয়ে নেওয়ার জন্য ২০২২ সালের ডব্লু.বি.সি.এস. (এক্সিকিউটিভ) পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা :** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন।

**বয়স :** বয়স হতে হবে 'এ', 'সি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৬ থেকে ১-১-২০০১-এর মধ্যে। আর 'বি' গ্রুপের বেলায় ২০ থেকে ৩৬ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৬ থেকে ১-১-২০০২-এর মধ্যে। আর 'ডি' গ্রুপের বেলায় ২১ থেকে ৩৯ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-১-১৯৮৩ থেকে ১-১-২০০১-এর মধ্যে। সব ক্ষেত্রেই বয়স গুণতে হবে ১-১-২০২২' এর হিসাবে।

পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা (৪০% বা, তার বেশি প্রতিবন্ধকতা থাকলে) যথারীতি বয়সে ছাড় পাবেন। পশ্চিমবঙ্গ ছাড়া অন্যান্য রাজ্যের ও.বি.সি. ও তপশিলী সম্প্রদায়ের ছেলেমেয়েরা বয়সে কোনো ছাড় পাবেন না। তবে তাঁরা 'সাধারণ প্রার্থী' হিসাবে আবেদন করতে পারবেন। বাংলা ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। তবে দার্জিলিং জেলার পার্বত্য এলাকার প্রার্থীদের বেলায় নেপালী ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। এই পদের বিজ্ঞপ্তি নং : 2/2022.

ডব্লু.বি.সি.এস. পরীক্ষার মাধ্যমে চাকরি হয় এই ৪টি গ্রুপে : গ্রুপ-এ, গ্রুপ-বি, গ্রুপ-সি ও গ্রুপ-ডি। শুধুমাত্র 'গ্রুপ-বি' পদের বেলায় শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ছেলেদের ক্ষেত্রে ১.৬৫ মিটার ও মেয়েদের ক্ষেত্রে ১.৫০ মিটার। অন্যান্য গ্রুপের বেলায় শরীরের মাপজোখের কোনো কড়াকড়ি নেই।

**কোন গ্রুপে কোন পদে চাকরি ও মূল মাইনে :** 'এ' গ্রুপে আছে এইসব পদ :

এরপর ৯ পাতায়


জয়েন্ট ছাড়াই ভর্তি
মাত্র 4.5 লাখে (থাকা-খাওয়া সহ)
GNM
INC, WBNC স্বীকৃত
B.Sc. নার্সিং
পশ্চিমবঙ্গে সরাসরি ভর্তি
সেশন 2021-22
শাশ্বতী কনসালটেন্সি
9733336367, 8343936307
জেলা ভিত্তিক Admission Partner চাই

URGENT VACANCY
Required an experienced Principal & A.T (Eng, Sci, Math, Hind, Comp) for Evangel Public School (CBSE), Chatra, 24 Pgs (N), Apply to evangelps2018@gmail.com within 7 days.
: 8641866192, 8617480724

Get Job in GERMANY

LEARN & EARN
#B.Tech
#DIPLOMA
#NURSING
8585858611 / 8777211394
STUDY FREE CONSULTANCY
studyfreeconsultancy.in • studyfreeconsultancy@gmail.com

প্রকাশিত হল WBCS 2022 পরীক্ষার বিজ্ঞপ্তি

বহু প্রতীক্ষিত WBCS 2022 পরীক্ষার ফর্ম ফিল-আপ শুরু হচ্ছে। GSCE-র সব কেন্দ্রে পুরোদমে অফলাইন ক্লাস শুরু হয়েছে। সঙ্গে চলছে নিয়মিত মক টেস্টও। চাই সঠিক গাইডেন্স ও নিয়মিত প্র্যাকটিস। GSCE-র ঈর্ষণীয় সাফল্যের ধারার সঙ্গী হতে আজই যোগাযোগ করুন।

West Bengal Civil Service (Executive) etc. Examination, 2022

| ACTIVITY | DATE (2022) |
|---|---|
| 1) Starting Date for Submission of Application | 3rd March |
| 2) Closing Date for Submission of Application & Fees through online | 24 March (upto 12.00 Midnight) |
| 3) Closing Date for Submission of Fees through Offline | 25 March |
| 4) Edit Window | 1 April – 7 April |

WBCS অফিসার হয়ে উচ্চ বেতন উপার্জনের সুযোগ

| GROUP | PAY SCALE |
|---|---|
| Group – A | Pay Level : (56,100 - 1,44,300) besides D.A., M.A. & H.R.A. admissible as per rules. |
| Group – B | Pay Level : (56,100 - 1,44,300) besides D.A., M.A. & H.R.A. admissible as per rules. |
| Group – C | Pay Level : (35,800 - 1,09,800) besides D.A., M.A. & H.R.A. admissible as per rules (Approx). |
| Group – D | Pay Level : (32,100 - 82,900) besides D.A., M.A. & H.R.A. admissible as per rules. |

For Franchisee Enquiry : 9830277100

GSCE কেন্দ্র

| | |
|---|---|
| শিয়ালদহ (HO) | 9674087465, 9051040306 |
| কোচবিহার | 9830277023 |
| আলিপুরদুয়ার | 9674033336 |
| দিনহাটা | 9830277698 |
| জলপাইগুড়ি | 9674025600 |
| ধূপগুড়ি | 9830277257 |
| শিলিগুড়ি | 9674087473 |
| কালিম্পং | 9830277171 |
| মালদা | 9674087472 |
| বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 |
| রানাঘাট | 9674083508 |
| কল্যাণী | 9674087469 |
| ব্যারাকপুর | 9230056668 |
| ডানলপ | 9230056673 |
| বারাসাত | 9674087467 |
| কোন্নগর | 9230056667 |
| সোনারপুর | 9674087466 |
| পঃ মেদিনীপুর | 9230056671 |
| ঝাড়গ্রাম | 9674087874 |
| বর্ধমান | 9674025700 |
| বোলপুর | 9674012025 |
| ব্যান্ডেল | 9230056669 |
| কাটোয়া | 9830277230 |

Helpline : 9830277100 / 200 / 300
Website : www.gsceindia.org
101 GEORGE TELEGRAPH
GSCE
পড়লেই সরকারি চাকরি
George Telegraph • Since 1920

তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক ইনস্টিটিউট
তাহেরপুর, নদীয়া
৮০জি ধারায় আয়কর মুক্ত শিক্ষা প্রতিষ্ঠান।

প্রতিষ্ঠাতা আচার্য ভবদেব (প্রাক্তন সিভিল সার্ভেন্ট), প্রবাদ প্রতিম অফিসার-কাম প্রফেসর

WBCS প্রিলি.'র বিজ্ঞপ্তি বেরোল। দরখাস্ত নেওয়া শুরু ৩ মার্চ থেকে। চলবে ২৪ মার্চ পর্যন্ত।

আশ্রমিক ইনস্টিটিউটে অতি স্বল্প খরচে WBCS প্রিলি. ক্র্যাশ কোর্সে ভর্তি শুরু হয়েছে

WBCS অফিসার হতে চাইলে এখনই ভর্তির জন্য যোগাযোগ করুন রাজ্যের সবচেয়ে পুরনো এই আশ্রমিক ইনস্টিটিউটে। কবিতা কুটির থেকে WBCS পাশ করে প্রচুর ছেলেমেয়ে আজ নবান্ন-সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এক্সিকিউটিভ ও অফিসার পদে কর্মরত। আপনি নিজেকে একজন অফিসার হিসাবে দেখতে চাইলে এখনই ভর্তি হোন।

এছাড়া প্রথম বর্ষ, দ্বিতীয় বর্ষ ও তৃতীয় বর্ষের ছাত্রছাত্রীদের জন্য WBCS ফাউন্ডেশন কোর্সে ভর্তি শুরু হয়েছে

এছাড়া ভর্তি চলছে Rail Group 'D', Police, Combined- সহ বিভিন্ন কোর্সে

রাজ্য ও কলকাতা Police-এ লোক নেওয়ার বিজ্ঞপ্তি বেরোবে। সফল হওয়ার জন্য এখন থেকেই প্রস্তুতি নেওয়া জরুরি। ভর্তির জন্য ও বিস্তারিত জানতে যোগাযোগ

তাহেরপুর কবিতা কুটির আশ্রমিক কলেজ কোচিং সেন্টার মানেই ১৯৮১ সালে আচার্য ভবদেব কর্তৃক প্রতিষ্ঠিত ৪০ বছর ধরে একইভাবে সমাদৃত, অদ্বিতীয় বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান। আমাদের দেখুন ইউ টিউবে : kabita kutir Ashramic Institute-Achariya Bhabadeb
YouTube www.kabitakutir.org

আশ্রমিক কার্যালয় — তাহেরপুর (নদিয়া) : 9474764885
8536920172, 7029463383, 9734155542

তপশিলী জাতি, উপজাতি, ও.বি.সি আর সংখ্যালঘুদের ভর্তিতে বিশেষ ছাড়

শাখা — বহরমপুর : 9474764885, নহাটা : 6294850223, বসিরহাট : 9907115309

Join Telegram Channel @DisariJibika



# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। ব্যাঙের দেহে লোহিত রক্তকণিকার আয়ু কত — ১০০ দিন।

২। 'ইলেক্ট্রিক মোটর' কে আবিষ্কার করেন — নিকোলা টেসলা।

৩। শ্বেত রক্তকণিকার উৎপত্তিস্থল কোথায় — পীত অস্থিমজ্জা কোশ।

৪। জার্মান সিলভার কোন কোন ধাতুর সংকর — তামা, দস্তা ও নিকেল।

৫। লালচে গরম লোহার ওপর দিয়ে বাষ্প চালনা করলে কোন গ্যাস উৎপাদিত হয় — হাইড্রোজেন।

৬। পিচ্ছিলকারক পদার্থ হিসাবে কী ব্যবহৃত হয় — গ্রাফাইট।

৭। লবণাক্ত জল থেকে লবণ আলাদা করার পদ্ধতিকে কী বলে — ডিস্যালিনেশান।

৮। কোনো এক প্রজাতির মোট জনসংখ্যার বিভিন্নধর্মী জিনের সমষ্টিকে কী বলে — জিনপুল।

৯। কে জীবের শ্রেণিবিন্যাসের পদ্ধতি



প্রচলন করেন — ক্যারোলাস লিনিয়াস।

১০। কোশ বিভাজনের কোন পর্যায়ে বেমতন্তু গঠিত হয় — প্রাণীকোশ বিভাজনের প্রফেজ দশায়।

## ইতিহাস

১১। বিশ্বের প্রাচীনতম বন্দর কোনটি — লোথাল।

১২। ঋগ্বেদে কটি শাসনতান্ত্রিক বিভাগের উল্লেখ আছে — গ্রাম, বিশ্ ও জন।

১৩। নন্দ বংশের শেষ রাজা কে — ধননন্দ।

১৪। বিম্বিসারের উপাধি কী ছিল — শ্রেণিক।

১৫। বিম্বিসারের পুত্র অজাতশত্রু কাকে বিবাহ করেন — প্রসেনজিতের কন্যা ভজীরা কুমারী।

১৬। অশোক 'মানব জাতির প্রথম ধর্মগুরু' - একথা কে বলেন — ভিনসেন্ট স্মিথ।

১৭। হর্ষবর্ধন কত বছর বয়সে থানেশ্বরের



পুষ্যভূতী বংশের সিংহাসনে বসেন — ১৬ বছর।

১৮। প্রাচীন বাংলার সর্বশ্রেষ্ঠ সম্রাট ধর্মপালের প্রধানমন্ত্রী কে ছিলেন — গর্গ নামে এক ব্রাহ্মণ।

১৯। কোন স্তম্ভ লিপি থেকে দেবপালের কৃতিত্ব জানা যায় — বাদাল স্তম্ভ লিপি।

২০। সুলতানদের মধ্যে কে প্রথম 'ইকতা' ব্যবস্থার প্রবর্তন করেন — ইলতুৎমিস।

## ভূগোল

২১। 'রণ' শব্দের অর্থ কী — কর্দমাক্ত ও লবণাক্ত নিম্নভূমি।

২২। কোন শহর 'ভারতের রোম' নামে পরিচিত — দিল্লি।

২৩। ভারতের কোন রাজ্যের অধিবাসীরা নিজেদের 'কুভালি পাক' নামে ডাকে — মণিপুর।

২৪। ভারতের সবথেকে ভালো কোক কয়লা কোথায় পাওয়া যায় — ঝরিয়ায়।

২৫। কত সালে হিমাচল প্রদেশ একটি রাজ্যের স্বীকৃতি পায় — ১৯৬৬।

২৬। একটি অধিত্যকা মালভূমির উদাহরণ দাও — মিশরের সিনাই উপদ্বীপ।

২৭। হলদিয়া মৌরিগ্রামে কী সংরক্ষণ করা হয় — তেল।

২৮। কোন শৈলশিরা পশ্চিমবঙ্গকে নেপাল থেকে আলাদা করেছে — সিঙ্গালিলা।

২৯। নর্মদা নদীর উৎপত্তিস্থল কোথায় — অমরকণ্টক মালভূমি।

৩০। আন্ধ্রা প্রদেশের 'ঘামাম' কীজন্য বিখ্যাত — আকরিক লোহার জন্য।

## রাষ্ট্রনীতি

৩১। ভারতের কোন রাজ্যে প্রথম রাষ্ট্রপতি শাসন জারি হয় — পঞ্জাব।

৩২। ভারতের প্রথম ভ্রাম্যমান আদালত কোন রাজ্যে শুরু হয় — হরিয়ানা।

৩৩। ভারতের কোন প্রধানমন্ত্রীর মন্ত্রিসভায় ২ জন উপ-প্রধানমন্ত্রী ছিলেন — মোরারজি দেশাই (২ জন উপ-প্রধানমন্ত্রী হলেন — চরণ সিং ও জগজীবন রাম)।

৩৪। 'অভিলেখ আদালত' কথাটি কোন আইনব্যবস্থা থেকে নেওয়া হয়েছে — ব্রিটিশ।

৩৫। ভারতের সুপ্রিম কোর্টের প্রথম মহিলা বিচারক কে — মীরা সাহিব ফতিমা বিবি।

৩৬। কোন কমিটির সুপারিশের ভিত্তিতে 'কেন্দ্রীয় ভিজিল্যান্স কমিশন' গঠন করা হয় — শান্তানাম কমিটি (১৯৬২ সাল)।

## অর্থনীতি

৩৭। বিশ্বে প্রথম 'মেটাভার্স'এ যোগ দিল কোন ব্যাঙ্ক — জেপিমর্গ্যান চ্যাসে।

৩৮। ২০২২-'২৩ সালের জন্য, 'ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — দেবাশিস মিত্র।

৩৯। কোন সংস্থা সম্প্রতি ভারতের নবীনতম 'ডেকাকর্ন' কোম্পানির স্বীকৃতি পেল — বেঙ্গালুরুর খাদ্য সরবরাহকারী সংস্থা 'সুইগি' (সম্প্রতি 'সুইগি'তে ৭০০ মিলিয়ন ডলার বিনিয়োগ করে 'ইনভেস্কো'। এর ফলে সুইগির মোট সম্পদের পরিমাণ দাঁড়ায় ১০.৭ বিলিয়ন ডলার)।

৪০। দেশের বৃহত্তম ডিটিএইচ পরিষেবাগুলির মধ্যে অন্যতম 'টাটা স্কাই'এর নতুন নাম কী — টাটা প্লে।

৪১। প্রথম দেশ হিসাবে ভারতের ইউপিআই সিস্টেম ব্যবহার করতে চলেছে কোন দেশ — নেপাল।

## সাম্প্রতিক ঘটনা

৪২। সর্বসম্মতিক্রমে 'ইন্ডিয়ান ফার্মার্স ফার্টিলাইজার কোঅপারেটিভ'এর চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — দিলীপ সাংঘানি।

৪৩। ভায়া 'ইউনিভার্সাল অ্যাক্সেপ্ট্যান্স স্টিরিং গ্রুপ'এর ইন্টারনেট প্যানেলের দূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — 'পেটিএম'এর প্রতিষ্ঠাতা বিজয় শেখর শর্মা।


৪৪। 'ন্যাশনাল হাইওয়েজ অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড'এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন — চঞ্চল কুমার।

৪৫। যান চলাচলের জন্য, কোথায় সম্প্রতি 'ইনফিনিটি সেতু' চালু হল — সংযুক্ত আরব আমিরশাহীর দুবাই শহরে (৩০০ মিটার লম্বা ও ২২ মিটার চওড়াবিশিষ্ট এই সেতুটি ৬ লেনের, যা দেইরা ও বুর দুবাইয়ের মধ্যে সংযোগ রক্ষা করবে)।

৪৬। কোন দেশ সম্প্রতি ভারতের কাছ থেকে 'ব্রাহ্মস' মিসাইল কিনতে আগ্রহ প্রকাশ করল — ফিলিপিন্স সরকার (এর ফলে, ফিলিপিন্স হল প্রথম বিদেশি রাষ্ট্র, যারা ডিআরডিও'র তৈরি ব্রাহ্মস ক্রুজ মিসাইল কিনবে)।

৪৭। মোট ২৯ সন্তানের জন্ম দেওয়া মধ্য প্রদেশের 'পেঞ্চ টাইগার রিজার্ভ'এর বিখ্যাত বাঘিনী 'কলারওয়ালি' সম্প্রতি মারা গেল। সে আর কী নামে পরিচিত ছিল — 'মাতারাম' ও 'টি-১৫'।

৪৮। সম্প্রতি প্রয়াত পণ্ডিত বিরজু



মহারাজ (৮৩ বছর) কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — নাচ।

৪৯। ভারতীয় সেনাবাহিনীর পরবর্তী ভাইস চিফ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — লেফটেন্যান্ট জেনারেল মনোজ পাণ্ডে।

৫০। ইউরোপীয় ইউনিয়নের পার্লামেন্টের প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — মাল্টার খ্রিস্টান ডেমোক্র্যাট রবার্টা মেটসোলা।

৫১। 'বম্বে ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন'এর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — নেভিল সাংভী।

৫২। সম্প্রতি পানামার সংরক্ষিত অঞ্চলে এক নতুন প্রজাতির রেইন ফ্রগ আবিষ্কার করলেন জীববিজ্ঞানীরা। কার নামে এটির নাম রাখা হয়েছে — বিখ্যাত সুইডিশ পরিবেশকর্মী গ্রেটা থুনবার্গের নামে (এটির নাম 'Pristimantis gretathunbergae')।

৫৩। কে সম্প্রতি দুবাইতে অনুষ্ঠিত 'আন্তর্জাতিক লোকশিল্প উৎসব'এ সোনার পদক পেলেন — মহারাষ্ট্রের লাভানি শিল্পী সুমিত ভালে।

৫৪। এবার থেকে কোন দিনটি 'জাতীয় স্টার্ট আপ দিবস' হিসাবে পালিত হবে — ১৬ জানুয়ারি।

৫৫। ভারতে, রাশিয়ার রাষ্ট্রদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ডেনিস আলিপোভ।

৫৬। প্রথম বাঙালি হিসাবে, কে সম্প্রতি যুক্তরাজ্যের 'অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়'এর 'সায়িদ বিজনেস স্কুল'এর ডিন হিসাবে মনোনীত হলেন — অধ্যাপক সৌমিত্র দত্ত।

৫৭। রসায়নে অভূতপূর্ব আবিষ্কারের জন্য, সুইৎজারল্যান্ডের প্রকাশনা সংস্থা 'এমডিপিআই'এর জার্নাল 'মলিকিউলস'এর তরফ থেকে, কে সম্প্রতি 'ইয়ং ইনভেস্টিগেটর' সম্মান পেলেন — বাঙালি বিজ্ঞানী বিপ্লব মাজি।

৫৮। 'ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন'এর চেয়ারম্যান ও স্পেস সেক্রেটারি হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — বিশিষ্ট রকেট বিজ্ঞানী ড.এস.সোমনাথ।

৫৯। বিশ্বের প্রথম ব্যক্তি হিসাবে, কার শরীরে সম্প্রতি সফলভাবে জিন পরিবর্তিত শূকরের হৃদপিণ্ড প্রতিস্থাপন করা হল — মার্কিন যুক্তরাষ্ট্রের ৫৭ বছর বয়সি ডেভিড বেনেট।

৬০। সম্প্রতি মারা যাওয়া ভারতের সবথেকে বয়স্ক মহিলা স্লথ ভাল্লুকটির নাম কী — গুলাবো।

৬১। কাজাখ-ই-স্তানের প্রধানমন্ত্রী এখন কে — আলিখান স্মাইলভ।

৬২। ট্রেনে সফরকালে যাত্রীদের হারানো জিনিসপত্র তথা লাগেজ ফেরত পাওয়ার সুবিধার জন্য, ভারতীয় রেলের পশ্চিম রেলওয়ে জোনের 'রেলওয়ে প্রোটেকশন ফোর্স' সম্প্রতি কোন উদ্যোগ চালু করল — মিশন আমানত।

৬৩। 'আন্তর্জাতিক মুদ্রা তহবিল'এর পরবর্তী প্রধান অর্থনীতিবিদ হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ফরাসি বংশোদ্ভূত অর্থনীতিবিদ পিয়েরে-অলিভিয়ের গৌরিঞ্চাস।

৬৪। নিকারাগুয়ার প্রেসিডেন্ট এখন কে — ড্যানিয়েল ওর্তেগা।

৬৫। সম্প্রতি বাহরাইচ জেলার নেপাল সীমান্তের কাছাকাছি অবস্থিত ৪টি গ্রামকে 'রাজস্ব গ্রাম' হিসাবে ঘোষণা করল উত্তর প্রদেশ সরকার। এই ৪টি গ্রামের নাম কী — ভবানীপুর, তেধিয়া, ঢাকিয়া ও বিছিয়া।

৬৬। কে প্রথম কৃষ্ণাঙ্গ ব্যক্তি হিসাবে মার্কিনি মুদ্রায় স্থান পাচ্ছেন — কবি ও সমাজকর্মী মায়া অ্যাঞ্জেলু (মার্কিন মিন্ট জানিয়েছে, ২৫ সেন্ট'এর মুদ্রার একটি নতুন সংস্করণে তাঁর ছবি ব্যবহার করা হবে)।

৬৭। গুজরাতের নর্মদা জেলার 'কেভাডিয়া রেলওয়ে স্টেশন'এর নাম বদলে নতুন নাম কী রাখা হয়েছে — একতা নগর রেলওয়ে স্টেশন।

৬৮। ভারতের প্রথম মোবাইল মধু প্রক্রিয়াকরণ ভ্যান কোথায় চালু হয়েছে — উত্তর প্রদেশের গাজিয়াবাদের সিরোরা গ্রামে।

৬৯। ভারতের প্রথম হেলি-হাব কোথায় তৈরি হতে চলেছে — গুরুগ্রামে।

৭০। শিশুদের বিরুদ্ধে অপরাধ ও সহিংসতার বিরুদ্ধে কাজ করার জন্য, কোন সংস্থা সম্প্রতি 'সিলভার' বিভাগে 'স্কচ' পুরস্কার পেল — 'ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরি'।

৭১। ভারতের প্রথম ওপেন রক মিউজিয়াম কোথায় চালু হয়েছে — তেলেঙ্গানার হায়দরাবাদ।

৭২। ২০২২ সালে কে ১২ তম 'ভারত রত্ন ড. আম্বেদকর পুরস্কার'এ ভূষিত



হলেন — ২০১৫ সালের 'বজরঙ্গি ভাইজান' খ্যাত অভিনেত্রী হর্ষালি মলহোত্রা।

৭৩। ২০২২ সালে 'কলকাতা বই মেলা'র থিম কান্ট্রি কী — বাংলাদেশ।

৭৪। 'এয়ার ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ইলকার আইসি।

## খেলাধুলা

৭৫। সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর ঘোষণাকারী মহম্মদ হাফিজ কোন দেশের ক্রিকেটার — পাক-ই-স্তান।

৭৬। লখনৌতে অনুষ্ঠিত 'সৈয়দ মোদী আন্তর্জাতিক ব্যাডমিন্টন টুর্নামেন্ট'এ মহিলাদের সিঙ্গলসে সম্প্রতি কে চ্যাম্পিয়ন হলেন — ভারতীয় শাটলার পুসারলা ভেঙ্কটা সিন্ধু (ভারতের মালবিকা বানসোদকে ২১-১৩ ও ২১-১৬ ব্যবধানে হারিয়ে)।

৭৭। সম্প্রতি প্রয়াত সুভাষ ভৌমিক (৭১ বছর) কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন — ফুটবল।

৭৮। হিমাচল প্রদেশে, নবম 'জাতীয় মহিলা আইস হকি চ্যাম্পিয়নশিপ' জিতল কোন দল — লাদাখের মহিলা হকি দল।

৭৯। ক্রিকেট খেলার প্রতি সেবার জন্য, কে সম্প্রতি 'উইন্ডসর ক্যাসল'এর ডিউক অফ কেমব্রিজ প্রিন্স উইলিয়ামের



কাছ থেকে 'নাইটহুড' উপাধি পেলেন — ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক ক্লাইভ লয়েড।

৮০। ২০২১ সালে 'ফিফা ফুটবল পুরস্কার'এ কে 'বর্ষসেরা পুরুষ খেলোয়াড়'এর সম্মান পেলেন — রবার্ট লেওয়ানডস্কি (বায়ার্ন মিউনিখ)।

৮১। ২০২১-'২২ সালে কোন দল 'স্প্যানিশ সুপার কাপ' জিতল — রিয়াল মাদ্রিদ (অ্যাথলেটিক বিলবাওকে ২-০ ব্যবধানে হারিয়ে)।

৮২। ভারতের প্রধান প্ল্যান্ট-ভিত্তিক মাংস কোম্পানি 'GoodDot'এর প্রচারদূত হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — 'অলিম্পিক'এ সোনার পদকজয়ী জ্যাভলিন থ্রোয়ার নীরজ চোপড়া।

৮৩। ২০২২ সালে সিডনি টেনিস ক্লাসিক ফাইনালে পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — রাশিয়ান টেনিস তারকা আসলান কারাতসেভ (ব্রিটিশ টেনিস তারকা অ্যান্ডি মারেকে ৬-৩ ও ৬-৩ ব্যবধানে হারিয়ে)।

৮৪। কে সম্প্রতি প্রথম ভারতীয় মহিলা হিসাবে, অনূর্ধ্ব-১৯ বালিকা সিঙ্গলস ব্যাডমিন্টনের ক্রমতালিকায় বিশ্বের ১ নম্বর স্থান দখল করলেন — গুজরাতের ১৬ বছর বয়সি তাসনিম মির।

৮৫। চিনা মোবাইল ফোন প্রস্তুতকারক সংস্থা 'ভিভো'কে সরিয়ে, কোন ভারতীয় কোম্পানি সম্প্রতি 'আইপিএল'এর টাইটেল স্পন্সর হল — টাটা গ্রুপ।

৮৬। ২০২২ সালে কে 'অ্যাডিলেড ইন্টারন্যাশনাল ১' পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন — ফরাসি টেনিস তারকা গেইল মনফিলস (রাশিয়ান টেনিস তারকা কারেন খাচানভকে ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান

Join Telegram Channel @DisariJibika



## কেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠানে এম.এসসি কোর্সে

১ পাতার পর

কোর্সে ভরতির এন্ট্রান্স পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। প্রার্থী বাছাই হবে 'ন্যাশনাল এন্ট্রান্স স্ক্রিনিং টেস্ট (NEST-2022)'এর মাধ্যমে। বায়োলজি / কেমিস্ট্রি / অঙ্ক / ফিজিক্স বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ২০২০ বা, ২০২১ সালে যাঁরা প্রাশ করেছেন কিংবা এবছর যাঁরা উচ্চমাধ্যমিকের পরীক্ষা দেবেন, তাঁরা আবেদনের যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০০২ বা, তারপর। তপশিলী ও প্রতিবন্ধীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। সীট NISER -এ ২০০টি (জেনাঃ ১০১, ও.বি.সি. ৫৪, তঃজাঃ ৩০, তঃউঃজাঃ ১৫)। CEBS-এ ৫৭টি (জেনাঃ ২৩, ই.ডব্লু.এস. ৬, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪)।

প্রার্থী বাছাই হবে 'NEST' পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে ১৮ জুন, বেলা ৯টা থেকে সাড়ে ১২টা (প্রথম সেশন) ও বেলা আড়াইটা থেকে ৬টা (দ্বিতীয় সেশন)। এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, দুর্গাপুর, আসানসোল, হুগলি, আগরতলা, ভুবনেশ্বর, কটক, বর্ধমান, গুয়াহাটি, জামশেদপুর, পটনা, রাঁচী, শিলচর, শিলং, বোকারো স্টিল সিটি, ধানবাদ। সাড়ে ৩ ঘন্টার পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। মোট ৫টি সেকশনে প্রতিটিতে ৬০ নম্বর থাকবে। প্রথম সেকশন থাকবে জেনারেল সেকশন। এটি আবশ্যিক বিষয়। এই বিষয়ে নেগেটিভ মার্কিং নেই। দ্বিতীয় সেকশনে বায়োলজি, কেমিস্ট্রি, অঙ্ক ও ফিজিক্স বিষয় থাকবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন। ফল বেরোবে ৫ জুলাই।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.nestexam.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও তখন পরীক্ষা ফী বাবদ ১,২০০ (মহিলা, তপশিলী হলে ৬০০) টাকা ক্রেডিট কার্ড / ডেবিট কার্ড / নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ১২৩ বিচারক

১ পাতার পর

মধ্যে। তপশিলীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। শূন্যপদ: ১২৩টি (জেনাঃ ৮৬, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ২৯)।

প্রার্থী বাছাই হবে 'দিল্লি জুডিশিয়াল সার্ভিস-২০২২' পরীক্ষার মাধ্যমে। প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা হবে ২৭ মার্চ। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। সফল হলে মেন পরীক্ষা। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে ২০ মার্চের মধ্যে, এই ওয়েবসাইটে : www.delhihighcourt.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী ও প্রতিবন্ধী হলে ২০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড না নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ভারতে ইলেক্ট্রনিক্সে ৩৬০

১ পাতার পর

পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। ডিগ্রি কোর্স পাশ হতে হবে ২০১৯' এর মে বা, তারপর। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১১,১১০ টাকা। শূন্যপদ : কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ৭৫টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ১২৫টি, মেকানিক্যাল ৫০টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ১০টি।

**টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস :** কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ২০১৯' এর মে বা, তারপর। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ১০,৪০০ টাকা। শূন্যপদ : কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ২৫টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৫০টি, মেকানিক্যাল ২৫টি।

ওপরের সব ক্ষেত্রে প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতা দেখে। এরপর ইন্টারভিউ। মনোনীত প্রার্থীদের তালিকা বেরোবে ১৫ মার্চ। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন হবে ২১ ও ২২ মার্চ।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম রেজিস্ট্রেশন করতে হবে, ১০ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, আধার কার্ড, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন ইউনিক রেজিস্ট্রেশন নম্বর পাবেন। তারপর ভারত ইলেক্ট্রনিক্সে দরখাস্ত করতে হবে ১৩ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.boat-srp.com আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## WBCS পরীক্ষার দরখাস্ত

৭ পাতার পর

(১) ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ)। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। (২) অ্যাসিস্ট্যান্ট কমিশনার অফ রেভেনিউ ইন দ্য ইন্টিগ্রেটেড ওয়েস্ট বেঙ্গল রেভেনিউ সার্ভিস। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। (৩) ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। (৪) ওয়েস্ট বেঙ্গল লেবার সার্ভিস। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। (৫) ওয়েস্ট বেঙ্গল ফুড অ্যান্ড সাপ্লাই সার্ভিস। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। (৬) ওয়েস্ট বেঙ্গল এমপ্লয়মেন্ট সার্ভিস (এমপ্লয়মেন্ট অফিসার-টেকনিক্যাল পদ ছাড়া)। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা।

**'বি' গ্রুপে নেওয়া হবে এই পদে ও মূল মাইনে :** (১) ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিস। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা।

**'সি' গ্রুপে নেওয়া হবে এইসব পদে ও মূল মাইনে :** (১) সুপারিন্টেন্ডেন্ট, ডিস্ট্রিক্ট কারেকশনাল হোম / ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট, সেন্ট্রাল কারেশনাল হোম। মূল মাইনে : ৪২,৬০০-১,০৯,৮০০ টাকা। (২) জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার। মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। (৩) ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর অফ কনজিউমার অ্যাফেয়ার্স অ্যান্ড ফেয়ার। মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। (৪) ওয়েস্ট বেঙ্গল জুনিয়র সোশ্যাল ওয়েলফেয়ার সার্ভিস। মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। (৫) ওয়েস্ট বেঙ্গল সাব-অর্ডিনেট ল্যান্ড রেভেনিউ সার্ভিস, গ্রেড-।. মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। (৬) অ্যাসিস্ট্যান্ট কমার্শিয়াল ট্যাক্স অফিসার। মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। (৭) জয়েন্ট রেজিস্ট্রার (ওয়েস্ট বেঙ্গল স্টেট কনজিউমার ডিসপিউট রিড্রেশাল কমিশন)। মূল মাইনে : ৩৯,৯০০-১,০২,৮০০ টাকা। (৮) অ্যাসিস্ট্যান্ট ক্যানাল রেভেনিউ অফিসার (ইরিগেশন)। মূল মাইনে : ৩৫,৮০০-৯২,১০০ টাকা। (৯) চিফ কন্ট্রোলার অফ কারেকশনাল সার্ভিস। মূল মাইনে : ৩৫,৮০০-৯২,১০০ টাকা।

**'ডি' গ্রুপে নেওয়া হবে এইসব পদে ও মূল মাইনে :** (১) ইন্সপেক্টর অফ কো-অপারেটিভ সোসাইটি। মূল মাইনে : ৩২,১০০-৮২,৯০০ টাকা। (২) পঞ্চায়েত ডেভেলপমেন্ট অফিসার। মূল মাইনে : ৩২,১০০-৮২,৯০০ টাকা।

এরপর ১৩ পাতায়


কৃষ্ণনগর ওয়েবেল আই.টি পার্কে কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত

**থ্রী-ডি অ্যানিমেশন ও মাস কমিউনিকেশনের ৫টি চাকরির উপযোগী কোর্সে ভর্তি**

ভারত-সহ আন্তর্জাতিক বাজারে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী পেশাদার তৈরির লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে **SIASTM** শুরু করেছে এই ৪টি সুসংহত ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স : (১) **সার্টিফিকেট ইন গ্রাফিক ডিজাইনিং**। সময়সীমা : ৬ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ। (২) **সার্টিফিকেট ইন ওয়েব ডিজাইনিং**। সময়সীমা : ৬ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ। (৩) **ডিপ্লোমা ইন মোশন গ্রাফিক অ্যান্ড ২ডি অ্যানিমেশন ফিল্ম মেকিং**। সময়সীমা : ১ বছর। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (৪) **অ্যাডভান্সড ডিপ্লোমা ইন ৩ডি অ্যানিমেশন অ্যান্ড ভি.এফ.এক্স ফিল্ম মেকিং**। সময়সীমা : ২ বছর। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। এছাড়াও গ্র্যাজুয়েট যোগ্যতায় (৫) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মাস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজমে ভর্তি শুরু হয়েছে। সময়সীমা : ১ বছর। প্রতিটি কোর্সে সীট সংখ্যা ৫০টি। বয়সের কোনো উর্ধ্বসীমা নেই। কোর্স শেষে সরকারি চাকরি ও ব্যবসার সুযোগ রয়েছে। ভর্তি শুরু হয়েছে। যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়—

**Susrijo Institute of Agricultural Science, Technology and Management**
WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101.
**Ph. : 9733867911, 7602656588** Website : www.siastm.org



Susrijo Institute of Agricultural Science,Technology and Management-এ

**কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত সার ও বীজের লাইসেন্স পাওয়ার উপযোগী কোর্স**

পশ্চিমবঙ্গ সরকারের কৃষ্ণনগর ওয়েবেল আই.টি পার্কে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অনুমোদনে শুরু হয়েছে রাসায়নিক সার ও বীজের লাইসেন্সের জন্য কোর্স **ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল এক্সটেনশন সার্ভিসেস ফর ইনপুট ডিলার্স (D.A.E.S.I)**। সময়সীমা : ১ বছর যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। এছাড়াও এখানে গ্র্যাজুয়েট ছাত্র-ছাত্রীদের কৃষিক্ষেত্রে কর্মসংস্থানের কথা মাথায় রেখে করানো হচ্ছে **পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ফুড অ্যান্ড অ্যাগ্রি বিজনেস ম্যানেজমেন্ট (P.G.D.F.A.B.M.)**। সময়সীমা : ২ বছর। যোগ্যতা : গ্র্যাজুয়েট। দু'টি কোর্সেই সীট ৫০টি করে।

**উল্লেখযোগ্য বিষয় :** (১) কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। (২) সরকারি ও অধীনস্ত দপ্তরে আছে চাকরির সুযোগ। (৩) বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতে উচ্চপদে চাকরির সুযোগ। (৪) সরকারি লাইসেন্স নিয়ে আছে স্বাধীন ব্যবসার সুযোগ (বীজ ও রাসায়নিক সার, জৈব সার ও রোগ পোকা নিবারণের ওষুধ)। (৫) আমাদের এখানে আছে অত্যন্ত আধুনিক মানের ল্যাবরেটরি-সহ উপযুক্ত পরিকাঠামো। (৬) শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন আধুনিক পরিকাঠামোযুক্ত কৃষিফার্ম। (৭) বিশিষ্ট অধ্যাপকমন্ডলী পরিচালিত পাঠক্রম। (৮) কৃষি বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট আধিকারিক, অধ্যাপক ও বহুজাতিক কোম্পানির উচ্চপদাধিকারী ব্যক্তিগণ পরিচালিত প্রফেশনাল গ্রুমিং সহায়তা। (৯) কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা। ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্বর যোগাযোগ :


**Susrijo Institute of Agricultural Science, Technology and Management**
WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101.
**Ph. : 8637882289, 9832015253** Website : www.siastm.org

বিজ্ঞাপন



কবি হরবিলাস বিশ্বাস প্রতিষ্ঠিত তাহেরপুর কবিতা কুটিরের আদর্শ বহন করছে

# নির্ভর



তাহেরপুর কবিতা কুটির, নদিয়া

**Motivation and Coaching Institution**

অধ্যক্ষ দেবব্রত বিশ্বাস WBCS (Exe.), ডেপুটি ম্যাজিস্ট্রেট, ডেপুটি কালেক্টর (অবসরপ্রাপ্ত)

**WBCS, IAS, Misc., Rail, Police-সহ সমস্ত সরকারি চাকরির পরীক্ষার জন্য যোগাযোগ করুন**

**WBCS (Preli.) 2022** স্পেশাল ব্যাচে ভর্তি চলছে

আগামী ২৫ বৈশাখ (১৪২৯) কবিতা কুটিরে সারাদিনব্যাপী রবীন্দ্র উৎসব উদ্‌যাপিত হবে। ওইদিন WBCS ছাত্র-ছাত্রীরা IAS হওয়ার সঙ্কল্প গ্রহণ করবে। সকলের আমন্ত্রণ রইল — অধ্যক্ষ।

অফিস ও ক্যাম্পাস : তাহেরপুর ই ব্লক, রোড-২২, নদিয়া

যোগাযোগ : 9064887050, 8145521891

Join Telegram Channel @DisariJibika



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

গত সপ্তাহের পর

**১২ ফেব্রুয়ারি :** ২০২২-'২৩ সালের জন্য, 'ইনস্টিটিউট অফ চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন দেবাশিস মিত্র।

❑ 'দিল্লির কিষাণগঞ্জে ভারতীয় রেলওয়েতে একটি অত্যাধুনিক কুস্তি আকাদেমি স্থাপনের অনুমোদন দিল রেলমন্ত্রক। এটি ভারতের বৃহত্তম কুস্তি আকাদেমি হতে চলেছে, যেখানে দেশে কুস্তি খেলার প্রচারের জন্য উন্নত ধরনের প্রশিক্ষণের সুবিধা থাকবে। আনুমানিক ৩০.৭৬ কোটি টাকা খরচে এই প্রকল্পটি স্থাপিত হবে।



**'টেবল টেনিস ফেডারেশন অফ ইন্ডিয়া' পরিচালনার জন্য প্রশাসক কমিটির চেয়ারপার্সন হিসাবে মনোনীত হলেন জম্মু ও কাশ্মীর হাই কোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি গীতা মিত্তল।**

❑ বিশ্বের প্রথম দেশ হিসাবে, বেসামরিক আকাশসীমায় ড্রোন ফ্লাইট ব্যবহারের অনুমতি দিল ইজরায়েল। 'হার্মিস স্টারলাইনার আনম্যানড সিস্টেম'এর জন্য, ইজরায়েলের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এই শংসাপত্র জারি করেছে। ইজরায়েলের অ্যারোস্পেস ও ডিফেন্স কোম্পানি 'এলবিট সিস্টেমস' এই 'হার্মিস স্টারলাইনার আনম্যানড সিস্টেম'টি তৈরি করেছে। 'হার্মিস স্টারলাইনার'এর ডানার দৈর্ঘ্য ১৭ মিটার আর ওজন ৬ টন, যা প্রায় ৭,৬০০ মিটার উচ্চতায় ৩৬ ঘন্টা পর্যন্ত উড়তে পারে ও অতিরিক্ত ৪৫০ কেজি ইলেক্ট্রো-অপটিক্যাল, থার্মাল, র‍্যাডার ও অন্যান্য পেলোড বহন করতে পারে। এটি সীমান্ত নিরাপত্তা ও সন্ত্রাস বিরোধী অভিযানে অংশ নিতে, সামুদ্রিক অনুসন্ধান ও উদ্ধার, বাণিজ্যিক বিমান চলাচল ও পরিবেশ পরিদর্শন মিশন আর সেইসঙ্গে নির্ভুল কৃষিকাজ করতে সাহায্য করবে।

❑ ব্রাজিলিয়ান ক্লাব পালমেইরাসকে ২-১ ব্যবধানে হারিয়ে, ২০২১ সালে 'ফিফা ক্লাব বিশ্বকাপ' জিতল ইংলিশ ক্লাব চেলসি। এই প্রথমবারের মতো 'ফিফা ক্লাব বিশ্বকাপ' জিতল তারা।

**১৩ ফেব্রুয়ারি :** দ্বিতীয় মেয়াদে, ৫ বছরের জন্য জার্মানির প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন ফ্র্যাঙ্ক-ওয়াল্টার স্টেইনমায়ার।

❑ মধ্য প্রদেশে ইন্দোরের সেন্ট্রাল জেলের নিজস্ব রেডিও চ্যানেল 'Jail Vaani-FM 18.77' চালু হল। এই রেডিও চ্যানেলের মাধ্যমে, জেলের কয়েদিরা বিশ্বের বিভিন্ন ঘটনা সম্পর্কে জানতে পারবেন। এছাড়াও, কয়েদিদের স্বাস্থ্য ও সামাজিক বিষয়েও তথ্য সরবরাহ করবে এই রেডিও চ্যানেল।

❑ ভারতে স্যাটেলাইট-ভিত্তিক ব্রডব্যান্ড যোগাযোগ পরিষেবা দিতে, লুক্সেমবার্গের স্যাটেলাইট ও টেলিকম পরিষেবা প্রদানকারী সংস্থা 'এসইএস'এর সঙ্গে চুক্তিবদ্ধ হল 'রিলায়েন্স জিও'। এই চুক্তির অধীনে, 'এসইএস'এর সঙ্গে একটি যৌথ উদ্যোগ গড়েছে 'জিও' প্ল্যাটফর্ম, যেটির নাম 'জিও স্পেস টেকনোলজি লিমিটেড'। এই চুক্তির মোট মূল্য প্রায় ১০০ মিলিয়ন ডলার, যার মধ্যে ৫১% শেয়ারের মালিকানা থাকবে 'জিও প্ল্যাটফর্মস লিমিটেড'এর দখলে ও বাকি ৪৯% শেয়ারের মালিকানা থাকবে 'এসইএস'এর হাতে।

❑ ভারতীয় রেলওয়েকে ৩-০ ব্যবধানে হারিয়ে, ২০২১-'২২ সালে সিনিয়র ন্যাশনাল ভলিবল চ্যাম্পিয়নশিপে পুরুষদের বিভাগে চ্যাম্পিয়ন হল হরিয়ানা। অন্যদিকে, ভারতীয় রেলওয়েকে ৩-১ ব্যবধানে হারিয়ে, মহিলাদের বিভাগে চ্যাম্পিয়ন হল কেরালা।

**১৪ ফেব্রুয়ারি :** 'এয়ার ইন্ডিয়া'র চিফ এক্সিকিউটিভ অফিসার ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন ইলকার আইসি।

❑ সকাল ৫.৫৯ মিনিটে, অন্ধ্র প্রদেশের শ্রীহরিকোটার 'সতীশ ধাওয়ান মহাকাশ কেন্দ্র'এর প্রথম লঞ্চ প্যাড থেকে PSLV-C52 রকেটে চাপিয়ে ভূ-পর্যবেক্ষণ উপগ্রহ 'EOS-04'-সহ আরও ২টি ছোট কৃত্রিম উপগ্রহকে সফলভাবে পৃথিবীর কক্ষপথে পাঠালো 'ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা'। এটি ছিল ২০২২ সালে 'ইসরো'র প্রথম লঞ্চ মিশন। প্রায় ১,৭১০ কিলোগ্রাম ওজনের 'EOS-04' উপগ্রহটি কৃষি, সবুজায়ন, বৃক্ষরোপণ, মাটির আর্দ্রতা, জলের অনুসন্ধান ও বন্যা নিয়ন্ত্রণে বিজ্ঞানীদের সাহায্য করতে মহাকাশ থেকে ছবি তুলে পাঠাবে।

❑ 'ইন্ডিয়াফার্স্ট লাইফ ইন্সিওরেন্স কোম্পানি'তে 'ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'র ২১% অংশীদারিত্ব অধিগ্রহণ করবে 'ব্যাঙ্ক অফ বরোদা'। এটি ব্যাঙ্ক অফ বরোদা, ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ও কারমেল পয়েন্ট ইনভেস্টমেন্টের মধ্যে একটি যৌথ উদ্যোগ।

❑ 'Quit Tobacco' অ্যাপস চালু করল বিশ্ব স্বাস্থ্য সংস্থা দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চল। এই অ্যাপসটি মানুষকে সব ধরনের তামাক জাতীয় নেশা ত্যাগ করতে সাহায্য করবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার বছরব্যাপী 'কমিট টু কুইট' অভিযানের সময়, ডঃ পুনম ক্ষেত্রপাল সিং (বিশ্ব স্বাস্থ্য সংস্থা দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের রিজিওনাল ডিরেক্টর) এই অ্যাপটি চালু করেছেন।

❑ ৫০ বছরের মধ্যে এই প্রথমবারের মতো জরুরি অবস্থা জারি করল কানাডা সরকার। কোভিড বিধির বিরুদ্ধে দেশজুড়ে চলতে থাকা প্রতিবাদ আন্দোলনের মোকাবিলায় দেশটিতে জরুরি অবস্থা জারি করলেন প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। আন্তর্জাতিক ট্রাক চালকদের জন্য কোভিড টিকা নেওয়া বাধ্যতামূলক বলে ঘোষণা করেছিল কানাডা সরকার। এই টিকা নীতির বিরুদ্ধেই শুরু হয় প্রতিবাদ। আন্দোলনে যোগ দেয় কানাডার সাধারণ মানুষদের একাংশ। জরুরি অবস্থা জারির ফলে পুলিশ ও সরকারের হাতে বেশ কিছু অতিরিক্ত ক্ষমতা চলে আসবে, যা আন্দোলনকে দমন করতে সাহায্য করবে। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগে ১৯৭০ সালে শেষবার সন্ত্রাস দমন করতে জরুরি অবস্থা (তখন 'ওয়ার মেসার্স অ্যাক্ট' নামে পরিচিত ছিল) জারি করা হয়েছিল দেশটিতে।

**১৫ ফেব্রুয়ারি :** 'সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন'এর চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন বিনীত যোশী।

❑ ক্যান্সার প্রতিরোধের জন্য রাজ্যে 'হোপ এক্সপ্রেস' চালু করা হবে বলে ঘোষণা করলেন মহারাষ্ট্রের স্বাস্থ্যমন্ত্রী রাজেশ টোপে। ভারতে তৈরি করা এই ধরনের মেশিন এই প্রথম। কোলহাপুরের একটি বেসরকারি হাসপাতালে অত্যাধুনিক মোজাইক-থ্রিডি রেডিয়েশন মেশিন লঞ্চের অনুষ্ঠানে একথা জানান তিনি।

❑ ২০২০-'২১ সালের 'বিজনেস স্ট্যান্ডার্ড ব্যাঙ্কার' হিসাবে নির্বাচিত হলেন 'আইসিআইসিআই ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার সন্দীপ বক্সী। ২০২০-'২১ সালে আইসিআইসিআই ব্যাঙ্ক ১৬,১৯৩ কোটি টাকার মুনাফা করেছে, যা আগের আর্থিক বছরে ছিল ৭,৯৩১ কোটি টাকা।

❑ 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল'এর বিচারে, ২০২২ সালে পুরুষদের বিভাগে 'জানুয়ারির সেরা খেলোয়াড়'এর সম্মান পেলেন দক্ষিণ আফ্রিকার ব্যাটসম্যান কিগান পিটারসেন ও মহিলাদের বিভাগে এই সম্মান পেলেন ইংল্যান্ডের মহিলা ক্রিকেট দলের অধিনায়ক হিদার নাইট।

**১৬ ফেব্রুয়ারি :** 'এসবিআই বোর্ড'এর ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন সঞ্জয় মলহোত্রা।

❑ আর্মি স্টাফের ডেপুটি চিফ হিসাবে মনোনীত হলেন লেফটেন্যান্ট জেনারেল চান্দিরা বাঁশি পোন্নাপ্পা।

❑ গুরুগ্রামের প্রথম মহিলা পুলিশ কমিশনার হিসাবে মনোনীত হলেন কলা রামচন্দ্রন।

❑ অন্ধ্র প্রদেশের ডিরেক্টর জেনারেল অফ পুলিশ হিসাবে মনোনীত হলেন কে.ভি.রাজেন্দ্রনাথ রেড্ডি।

❑ ভারতের প্রথম 'ন্যাশনাল মেরিটাইম সিকিউরিটি কোঅর্ডিনেটর' হিসাবে মনোনীত হলেন ভাইস অ্যাডমিরাল জি.অশোক কুমার।

❑ ভারতে সেমিকন্ডাক্টর তৈরির জন্য একটি যৌথ উদ্যোগ (JV) গঠনের উদ্দেশ্যে, তাইওয়ানের ইলেক্ট্রনিক্স উৎপাদনকারী কোম্পানি 'Hon Hai Technology Group'এর ('Foxconn' নামে বেশি পরিচিত) সঙ্গে চুক্তি করল ভারতীয় বহুজাতিক খনি কোম্পানি 'বেদান্ত লিমিটেড'। 'বেদান্ত'এর নন-এক্সিকিউটিভ চেয়ারম্যান অনিল আগরওয়াল জেভি কোম্পানির চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হবেন। ভারতে সেমিকন্ডাক্টরগুলির স্থানীয় উৎপাদনের একটি বাস্তুতন্ত্র তৈরি করার জন্য সেমিকন্ডাক্টর ও ডিসপ্লে উৎপাদনের জন্য ভারত সরকার ৭৬,০০০ কোটি টাকার 'প্রোডাকশন-লিঙ্কড ইন্সেনটিভ' স্কিম ঘোষণা করার পর, ইলেক্ট্রনিক্স উৎপাদন ক্ষেত্রে এটিই প্রথম যৌথ উদ্যোগ। এই উদ্যোগের লক্ষ্য হল, সেমিকন্ডাক্টর চিপ ডিজাইন, প্যাকেজিং ও উৎপাদনের জন্য একটি ব্যাপক বাস্তুতন্ত্র তৈরি করা।

❑ দিল্লি পুলিশের ৭৫ তম বার্ষিকী উপলক্ষ্যে, রাজধানীর নাগরিকদের প্রযুক্তিবান্ধব ডিজিটাল পরিষেবা দিতে, দিল্লি পুলিশের 'স্মার্ট কার্ড আর্মস লাইসেন্স' চালু করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। দেশের প্রথম পুলিশ বাহিনী হিসাবে এই ধরনের স্মার্ট কার্ড পরিষেবা চালু করল তারা। এই কার্ডটি বহন করা অত্যন্ত সহজ হবে। অস্ত্র লাইসেন্সধারীদের তথ্য যাচাইয়ের পর, কার্ডটি ঘরে বসেই ই-প্রিন্ট করা যাবে।

❑ প্রথম ভারতীয় ভোক্তা পণ্য কোম্পানি হিসাবে, প্লাস্টিক বর্জ্য নিরপেক্ষ কোম্পানিতে পরিণত হল 'ডাবর ইন্ডিয়া লিমিটেড'। ২০২১-'২২ আর্থিক বছরে প্রায় ২৭,০০০ মেট্রিক টন প্লাস্টিক বর্জ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও পুনর্ব্যবহার করেছে এই কোম্পানি। প্রসঙ্গত উল্লেখ্য, ডাবরের প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা উদ্যোগটি 'প্লাস্টিক বর্জ্য ব্যবস্থাপনা' নিয়মের অংশ হিসাবে ২০১৭-'১৮ সালে চালু করা হয়েছিল।

❑ ভারত নিজের দেশের বাইরে প্রথম আইআইটি স্থাপন করতে চলেছে সংযুক্ত আরব আমিরশাহীর দুবাই শহরে। ভারত ও সংযুক্ত আরব আমিরশাহীর মধ্যে হওয়া বাণিজ্য চুক্তির অংশ হিসাবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৫১ সালে ভারতের প্রথম আইআইটি তৈরি হয়েছিল পশ্চিমবঙ্গের খড়গপুরে। সময়ের সঙ্গে সঙ্গে বেড়েছে আইআইটি'র সংখ্যা (ভারতে এখন ২৩টি আইআইটি রয়েছে)। এবার বিদেশেও খুলতে চলেছে সেই আইআইটি।

❑ 'Turkey' নাম বদল করে 'Turkiye' রাখার সিদ্ধান্ত নিল প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোগানের নেতৃত্বাধীন তুরস্ক সরকার। দেশের ভাবমূর্তি সংশোধন করতে ও তুরস্কের ইতিহাসে খোদিত সংস্কৃতিকে তুলে ধরতে এই নাম পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রেসিডেন্টের বিবৃতি অনুসারে, 'Turkiye' নামটি সংস্কৃতি ও সভ্যতার প্রতিনিধিত্ব করে ও তুর্কি জাতির মূল্যবোধকে প্রকাশ করে। এখন থেকে এই নতুন নামটি সবরকম অর্থনৈতিক কর্মকাণ্ড ও আন্তর্জাতিক কার্যকলাপের ক্ষেত্রে ব্যবহার করা হবে। ফলে নামটি একটি ব্র্যান্ড হয়ে উঠবে বলে মনে করা হচ্ছে।

❑ খাদি ও বিহারের অন্যান্য হস্তশিল্পের প্রচারদূত হিসাবে মনোনীত হলেন ভোজপুরি গায়ক ও বিজেপি সাংসদ মনোজ তিওয়ারি।

**১৭ ফেব্রুয়ারি :** পাক-ই-স্তানের দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক সম্মান 'হিলাল-ই-পাকিস্তান'এ সম্মানিত হলেন 'মাইক্রোসফট'এর প্রতিষ্ঠাতা ও সমাজসেবক বিল গেটস। পাক-ই-স্তানে পোলিও নির্মূলে সহায়তা করার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি।

❑ পশ্চিমবঙ্গের সুন্দরবনের মহিলাদের জন্য, 'বর্জ্য থেকে সম্পদ সৃষ্টি' কর্মসূচি চালু করল 'স্মল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া'। এই কর্মসূচির আওতায়, মহিলারা মাছের আঁশ থেকে অলংকার ও শোপিস তৈরি

## প্রয়াত সন্ধ্যা মুখোপাধ্যায়



❑ কিংবদন্তি বাঙালি গায়িকা গীতশ্রী সন্ধ্যা মুখোপাধ্যায় (৯০ বছর) ১৫ ফেব্রুয়ারি মারা গেলেন।

❑ ১৯৪৫ সালে মাত্র ১৪ বছর বয়সে প্রথম গান রেকর্ড করেন তিনি।

❑ কলম্বিয়া থেকে তাঁর প্রথম রেকর্ড করা গান গিরীন চক্রবর্তীর কথায় ও সুরে 'তুমি ফিরায়ে দিয়াছ' ও 'তোমার আকাশে ঝিলমিল করে'।

❑ ১৯৪৮ সালে প্রথমবার রাইচাঁদ বড়ালের সঙ্গীত পরিচালনায় 'অঞ্জনগড়' চলচ্চিত্রে প্লেব্যাক করেন তিনি।

❑ ১৭টি হিন্দি চলচ্চিত্রে প্লেব্যাক করেন তিনি।

❑ হেমন্ত মুখোপাধ্যায়ের সঙ্গে তাঁর গানের জুটি ছিল অনবদ্য। মান্না দে'র সঙ্গেও অনেক ডুয়েট গেয়েছিলেন তিনি।

❑ ১৯৬৫ সালে 'সন্ধ্যা দীপের শিখা' চলচ্চিত্রে প্লেব্যাকের জন্য 'বেঙ্গল ফিল্ম জার্নালিস্ট অ্যাসোসিয়েশন'এর শ্রেষ্ঠ গায়িকার শিরোপা পান তিনি।

❑ 'আমাদের ছুটি ছুটি' গানটির জন্য ১৯৭১ সালে 'জাতীয় পুরস্কার' পান।

❑ ২০১১ সালে 'বঙ্গ বিভূষণ' সম্মান পান তিনি।

❑ ২০২২ সালে তাঁকে 'পদ্মশ্রী' সম্মান দিতে চেয়েছিল ভারত সরকার, কিন্তু তিনি তা প্রত্যাখ্যান করেন।

## এবিজি শিপইয়ার্ডের বিরুদ্ধে আর্থিক প্রতারণার অভিযোগ



❑ জাহাজ তৈরি ও মেরামতের ক্ষেত্রে অন্যতম বড় সংস্থা গুজরাতের 'এবিজি শিপএয়ার্ড'ও তার ডিরেক্টর ঋষি আগরওয়াল, সন্থানাম মুথুস্বামী ও অশ্বিনী কুমারের বিরুদ্ধে ২৮টি ব্যাঙ্ক থেকে ২২,৮৪২ কোটি টাকার প্রতারণার অভিযোগে মামলা দায়ের করল 'কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা'।

❑ এটি এখনও পর্যন্ত কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার মাধ্যমে নথিভুক্ত করা সবথেকে বড় ব্যাঙ্ক জালিয়াতির মামলা।

❑ এই শিপইয়ার্ড সংস্থার থেকে 'ভারতীয় স্টেট ব্যাঙ্ক'এর ২,৯২৫ কোটি টাকা পাওনা রয়েছে।

❑ এছাড়াও, 'আইসিআইসিআই ব্যাঙ্ক'এর কাছে ৭,০৮৯ কোটি টাকা, 'আইডিবিআই ব্যাঙ্ক'এর কাছে ৩,৬৩৪ কোটি টাকা, 'ব্যাঙ্ক অফ বরোদা'র কাছে ১,৬১৪ কোটি টাকা, 'পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক'এর কাছে ১,২৪৪ কোটি টাকা ও 'ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক'এর থেকে ১,২২৮ কোটি টাকা দেনা রয়েছে।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

Join Telegram Channel @DisariJibika



# একদৃষ্টি
## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

করবেন।

❑ 'ভারতের সবথেকে বিশ্বস্ত পাব্লিক সেক্টর কোম্পানি' পুরস্কার পেল 'কোল ইন্ডিয়া লিমিটেড'। কলকাতায় ইন্ডাস্ট্রি চেম্বার 'অ্যাসোচেম' আয়োজিত 'এনার্জি মিট অ্যান্ড এক্সেলেন্স পুরস্কার' অনুষ্ঠানে এই সম্মান পেল 'কোল ইন্ডিয়া'। সংস্থাটির চেয়ারম্যান প্রমোদ আগরওয়াল এই পুরস্কার নিয়েছেন। গত কয়েক মাসে উল্লেখযোগ্যভাবে কয়লা উৎপাদন ও সরবরাহ বৃদ্ধির মাধ্যমে ভারতকে জ্বালানি নিরাপত্তা দেওয়া ও দেশে বিদ্যুৎ সংকটের পরিস্থিতি সৃষ্টি করতে না দেওয়ার জন্য এই সম্মান পেল তারা।



ভারতের হয়ে মিডফিল্ডার হিসাবে খেলা ভারতের প্রাক্তন ফুটবলার সুরজিৎ সেনগুপ্ত (৭০ বছর) মারা গেলেন। ক্লাব পর্যায়ে কলকাতার বড় ৩টি ক্লাব মোহনবাগান (১৯৭২-১৯৭৪, ১৯৮১-১৯৮৩), ইস্টবেঙ্গল (১৯৭৪-১৯৮০) ও মহামেডান স্পোর্টিং'এর (১৯৮০-১৯৮১) সঙ্গে যুক্ত ছিলেন তিনি।

❑ 'পঞ্চতন্ত্র'এর প্রথম রঙিন স্মারক মুদ্রা চালু করলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। 'সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড'এর ১৭-তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে, এই মুদ্রা চালু করলেন তিনি।

❑ মহারাষ্ট্রের মুম্বইয়ে নবনির্মিত বেলাপুর জেটি থেকে, ভারতের প্রথম জল ট্যাক্সি পরিষেবার সূচনা করলেন কেন্দ্রীয় বন্দর, নৌপরিবহণ ও আয়ুষ মন্ত্রী সর্বানন্দ সোনোওয়াল। এই পরিষেবা মুম্বই ও নভি মুম্বইয়ের মধ্যে যোগাযোগ ব্যবস্থাকে আরও সুদৃঢ় করবে। এই জল ট্যাক্সি পরিষেবা ডোমেস্টিক ক্রুজ টার্মিনাল থেকে শুরু হবে ও নেরুল, বেলাপুর, এলিফ্যান্ট দ্বীপ আর জেএনপিটির কাছাকাছি স্থানগুলিকে সংযুক্ত করবে। প্রসঙ্গত উল্লেখ্য, জল ট্যাক্সি হল একধরনের জলযান, যা সড়কপথে বাস বা ট্যাক্সির মতো জলপথে একাধিক স্থানে যাত্রী পরিষেবা দিয়ে থাকে।

১৮ ফেব্রুয়ারি : 'হেড ডিজিটাল ওয়ার্কস'এর মালিকানাধীন গেমিং অ্যাপ্লিকেশন 'A23'এর প্রচারদূত হিসাবে মনোনীত হলেন বলিউড অভিনেতা শাহরুখ খান।

❑ বিপন্ন হিমালয় ভেষজ উদ্ভিদ সংরক্ষণের জন্য, মান্ডি জেলার ভুলা উপত্যকায় তৈরি হল হিমাচল প্রদেশের প্রথম জীববৈচিত্র্য উদ্যান। ১ কোটি টাকা খরচ করে 'ন্যাশনাল মিশন অন হিমালয়ান স্টাডিজ'এর অধীনে এই উদ্যানটি তৈরি করেছে হিমাচল প্রদেশের বন বিভাগ। এই উদ্যান স্থাপনের উদ্দেশ্য হল, বিলুপ্তির পথে যাওয়া হিমালয়ের ঔষধি ভেষজগুলিকে নিয়ে অনুসন্ধান চালানোর উদ্দেশ্যে গবেষকদের কাছে নতুন সুযোগ এনে দেওয়া। সারা বিশ্বের পর্যটকদের কাছে একটি বিশেষ আকর্ষণ হিসাবেও গড়ে উঠবে এই উদ্যান।

❑ মার্কিন ধনকুবের জ্যারেড আইজ্যাকম্যানের ঘোষিত একটি অনন্য মহাকাশ মিশনের ক্রুদের মধ্যে থাকবেন স্পেসএক্স'এর ইঞ্জিনিয়ার তথা ভারতীয় বংশোদ্ভূত চিকিৎসক অনিল মেননের স্ত্রী আন্না মেনন। মিশনটির নাম 'পোলারিস ডন', যা ফ্লোরিডার নাসার কেনেডি স্পেস সেন্টার থেকে ২০২২ সালের চতুর্থ ত্রৈমাসিকের আগে শুরু করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। জ্যারেড আইজ্যাকম্যান হলেন মার্কিনি পেমেন্ট প্রসেসিং কোম্পানি 'Shift4 Payments'এর প্রতিষ্ঠাতা ও চিফ এক্সিকিউটিভ অফিসার।

❑ ২০২২ সালে 'উর্জা পুরস্কার'এ 'বর্ষসেরা ব্যবসায়িক নেতা'র সম্মান পেলেন 'পুনাওয়ালা গ্রুপ'এর চেয়ারম্যান ইওহান পুনাওয়ালা। এই পুরস্কারটি বিনোদন, খেলাধুলা, ব্যবসা, সামাজিক ক্রিয়াকলাপ ও শিক্ষামূলক ক্ষেত্রের নেতা ও বিশিষ্ট ব্যক্তিদের দেওয়া হয়, যাঁরা সমাজে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন।



ভারতের প্রথম খেলোয়াড় হিসাবে, প্রথম শ্রেণির ক্রিকেটে অভিষেকে ত্রিশতরান করার নজির গড়লেন বিহারের ২২ বছর বয়সি ব্যাটসম্যান শাকিবুল গণি। পশ্চিমবঙ্গের 'যাদবপুর বিশ্ববিদ্যালয়'এর সল্টলেক ক্যাম্পাস গ্রাউন্ডে মিজোরামের বিরুদ্ধে প্লেট গ্রুপ রঞ্জি ট্রফি ম্যাচে ৪০৫ বলে ৩৪১ রান করেন তিনি, যেখানে ছিল ৫৬টি চার ও ২টি ছক্কা। প্রসঙ্গত উল্লেখ্য, শাকিবুলের আগে প্রথম শ্রেণির ক্রিকেটে অভিষেকে সবথেকে বেশি রান করার বিশ্বরেকর্ড ছিল মধ্য প্রদেশের ব্যাটসম্যান অজয় রোহেরার দখলে। ২০১৮-'১৯ রঞ্জি মরসুমে হায়দরাবাদের বিরুদ্ধে ২৬৭ রান করেছিলেন তিনি।

❑ মহারাষ্ট্রের নাসিকে, ভারতের প্রথম বায়োসেফটি লেভেল-৩ মোবাইল ল্যাবরেটরির উদ্বোধন করলেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ভারতীয় প্রবীণ পাওয়ার। 'ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ'এর বিশেষভাবে প্রশিক্ষিত বিজ্ঞানীদের নতুন নতুন ভাইরাল সংক্রমণ নিয়ে তদন্ত করতে সাহায্য করবে এই মোবাইল ল্যাবরেটরি। দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষ ও বিভিন্ন প্রাণীর উৎস থেকে নমুনা ব্যবহার করে এই তদন্ত করতে পারবে এই ল্যাবটি।

## প্রয়াত বাপ্পি লাহিড়ী



❑ ১৫ ফেব্রুয়ারি মারা গেলেন সুরকার-গায়ক বাপ্পি লাহিড়ী (৬৯ বছর)।

❑ অবস্ট্রাকটিভ স্লিপ অ্যাপনিয়ায় ভুগছিলেন তিনি।

❑ তাঁর আসল নাম ছিল অলকেশ লাহিড়ী।

❑ মাত্র ১৯ বছর বয়সে মুম্বই পাড়ি দেন তিনি। ১৯৭৩ সালে 'নানহা শিকারী' চলচ্চিত্রে তিনি প্রথম গান রচনা করেন। এরপর তাহির হুসেনের 'জখমী' (১৯৭৫) চলচ্চিত্রে কাজ করেন।

❑ 'ডিস্কো ডান্সার', 'ডান্স ডান্স', 'চলতে চলতে', 'শরাবি', 'সত্যমেব জয়তে', 'কম্যান্ডো' প্রভৃতি চলচ্চিত্রে সুর দিয়েছেন তিনি।

❑ বাংলা চলচ্চিত্র জগতেও তাঁর প্রভাব ছিল সুদূরপ্রসারী। 'অমর সঙ্গী', 'আশা ও ভালোবাসা', 'আমার তুমি', 'অমর প্রেম'-সহ একাধিক চলচ্চিত্রে সুর দিয়েছেন তিনি।

❑ ৩৩টি চলচ্চিত্রের জন্য ১৮০টি গান রেকর্ড করে ১৯৮৬ সালে 'গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডস'এ নাম তুলেছিলেন তিনি।

❑ তিনি হলেন প্রথম ও একমাত্র ভারতীয় মিউজিক ডিরেক্টর, যিনি ১৯৮৯ সালে জোনাথন রসের লাইভ পারফরম্যান্সে আমন্ত্রিত হয়েছিলেন।



ভারতের টেস্ট ক্রিকেট দলের পূর্ণ সময়ের অধিনায়ক হিসাবে মনোনীত হলেন রোহিত শর্মা।

১৯ ফেব্রুয়ারি : 'ইনস্টিটিউট অফ ইকোনমিক গ্রোথ'এর ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন চেতন ঘাটে।

❑ বিশ্বের প্রথম ব্যাঙ্ক হিসাবে 'মেটাভার্স'এ প্রবেশ করল 'জেপিমর্গ্যান চ্যাসে' (মার্কিন যুক্তরাষ্ট্রের বৃহত্তম ব্যাঙ্ক)। এই ব্যাঙ্ক ডিসেন্ট্রাল্যান্ডে একটি লাউঞ্জ খুলেছে, অর্থাৎ ব্লকচেইন প্রযুক্তির ওপর ভিত্তি করে একটি ভার্চুয়াল বিশ্ব। লাউঞ্জটির নাম 'Onyx', যেখানে ব্যাঙ্কটির চিফ এক্সিকিউটিভ অফিসার জেমি ডিমনের একটি ডিজিটাল ছবিও রয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, 'মেটাভার্স' হল একটি ভার্চুয়াল মহাবিশ্ব, যেখানে ব্যবহারকারীরা তাদের অবতারের মাধ্যমে সামাজিকীকরণ, কেনাকাটা, এমনকি ইভেন্টে যোগ দেওয়ার মতো একাধিক কার্যকলাপ করতে পারবেন।

❑ ইদুক্কি জেলায় অবস্থিত একটি মনোরম হিল স্টেশন ভাগামনে তৈরি হতে চলেছে কেরালার প্রথম ক্যারাভান পার্ক। রাজ্য সরকারের নতুন ক্যারাভান পর্যটন নীতির অংশ হিসাবে, ভ্রমণকারীদের জন্য উন্মুক্ত করা হবে এই পার্ক। এই উদ্যোগের আওতায়, ২ ধরনের ক্যারাভান থাকবে। একটি মডেলে ২ জন অতিথি থাকতে পারবেন ও অন্যটিতে ৪ জন পরিবার-সহ থাকতে পারবেন। এই পর্যটন ক্যারাভানগুলিতে থাকবে সোফা-কাম-বেড, ফ্রিজ, মাইক্রোওয়েভ ওভেন-সহ রান্নাঘর, ডাইনিং টেবল, শৌচাগার, এয়ার কন্ডিশনার, ইন্টারনেট সংযোগের সুবিধা-সহ আরও অন্যান্য আরামদায়ক সুযোগ-সুবিধা।

❑ ভিডিও কনফারেন্সের মাধ্যমে, মধ্য প্রদেশের ইন্দোরে ৫৫০ টন ক্ষমতাসম্পন্ন গোবর-ধন (বায়ো-সিএনজি) প্ল্যান্টের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এটি এশিয়ার বৃহত্তম বায়ো-সিএনজি প্ল্যান্ট। ১৫০ কোটি টাকা খরচে তৈরি এই প্ল্যান্টে শহরের পচনশীল বর্জ্য ব্যবহারের মাধ্যমে দৈনিক প্রায় ১৮,০০০ কেজি গ্যাস উৎপাদন করা যাবে। এই গ্যাসের মাধ্যমে প্রতিদিন শহরে ৪০০টি বাস চালাবে 'ইন্দোর মিউনিসিপ্যাল কর্পোরেশন'। 'ইন্দোর মিউনিসিপ্যাল কর্পোরেশন' ও 'ইন্দো এনভায়রো ইন্টিগ্রেটেড সলিউশন লিমিটেড'এর যৌথ উদ্যোগে পাব্লিক-প্রাইভেট পার্টনারশিপ মডেল অনুসরণ করে এই প্ল্যান্ট গড়ে তোলা হয়েছে। পরিবেশ বিশেষজ্ঞদের মতে, এই প্ল্যান্ট তৈরি হওয়ার ফলে ইন্দোর শহরে বছরে প্রায় ১ লাখ ৩০ হাজার টন কার্বনের পরিমাণ কমবে।

❑ ১৯৮৩ সালের পর এই প্রথমবার, ২০২৩ সালে 'আন্তর্জাতিক অলিম্পিক কমিটি'র মিটিং আয়োজনের দায়িত্ব পেল ভারত। ২০২৩ সালে মুম্বইয়ের 'জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টার'এ এই মিটিং অনুষ্ঠিত হবে। ভারতের পক্ষ থেকে এই মিটিংয়ে অংশ নেবেন নীতা আম্বানি, ভারতীয় অলিম্পিক অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট নরিন্দর বাত্রা, কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী অনুরাগ ঠাকুর ও ভারতের হয়ে ব্যক্তিগত বিভাগে প্রথম অলিম্পিকে সোনার পদক পাওয়া ক্রীড়া ব্যক্তিত্ব অভিনব বিন্দ্রা। এই মিটিংয়ে মুলত আগামী দিনে আন্তর্জাতিক অলিম্পিক সংস্থার কাজ ও ভবিষ্যতে অলিম্পিক আসরের আয়োজক দেশ নির্বাচন করা হবে।

২০ ফেব্রুয়ারি : টাকুয়া সুমুরাকে 'হোন্ডা কারস ইন্ডিয়া লিমিটেড'এর প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত করল জাপানি অটো মেজর 'হোন্ডা মোটর কোম্পানি লিমিটেড'।

❑ স্পোর্টসওয়্যার কোম্পানি 'অ্যাডিডাস'এর প্রচারদূত হিসাবে মনোনীত হলেন টেবল টেনিস খেলোয়াড় মনিকা বাত্রা।

❑ এই প্রথমবার সৌরজগতের একটি গ্রহাণুতে ৩টি চাঁদ বা উপগ্রহের খোঁজ পেলেন বিজ্ঞানীরা। '১৩০ ইলেক্ট্রা' নামে ওই গ্রহাণুর অবস্থান মঙ্গল ও বৃহস্পতির মধ্যে থাকা গ্রহপুঞ্জের মধ্যে। তাইল্যান্ডের 'ন্যাশনাল অ্যাস্ট্রোনমিক্যাল রিসার্চ ইনস্টিটিউট'এর ড. অ্যান্টনি বারডেউয়েন নেতৃত্বে বিজ্ঞানীদের একটি দল তাঁদের গবেষণাপত্রে এই গ্রহাণুর কথা উল্লেখ করেছেন। ২৬০ কিলোমিটার ব্যাসবিশিষ্ট ইলেক্ট্রা ১৮৭৩ সালে প্রথম আবিষ্কৃত হয়। এই গ্রহাণুর চাঁদ আবিষ্কার করতে ১৩০ বছর লেগে যায় বিজ্ঞানীদের। ২০০৩ সালে এই গ্রহাণুর প্রথম চাঁদ আবিষ্কৃত হয়। ২০১৪ সালে আবিষ্কৃত হয় এই গ্রহাণুর দ্বিতীয় উপগ্রহ।

❑ বিশ্বের সবথেকে বড় স্ট্রবেরি চাষ করে 'গিনেস বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডস'এ নাম তুললেন ইজরায়েলের কাদিমা জোরানের কৃষক চাহি এরিয়েল। তাঁর ফলানো একটি স্ট্রবেরির ওজন হয়েছে ২৮৯ গ্রাম। ইলান প্রজাতির এই স্ট্রবেরিটি লম্বায় ১৮ সেন্টিমিটার, পুরু ৪ সেন্টিমিটার ও পরিধি ৩৪ সেন্টিমিটার। এটি চাষ করতে সময় লেগেছে প্রায় ৪৫ দিন।

❑ ৯ বছরেরও বেশি সময় ধরে জিহাদি বিদ্রোহের বিরুদ্ধে লড়াই করার পর, ফ্রান্স ও ফ্রান্সের ইউরোপীয় অংশীদাররা মালি থেকে সেনা প্রত্যাহার করবে বলে ঘোষণা করলেন ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ। ২০১৩ সালে সমাজতান্ত্রিক প্রেসিডেন্ট ফ্রাঁসোয়া ওলাঁদের অধীনে, প্রথমবার মালিতে জিহাদিদের বিরুদ্ধে সেনা মোতায়েন করে ফ্রান্স। দেশটির ক্ষমতায় থাকা জান্তা সরকারের সঙ্গে ফ্রান্সের সম্পর্কের ভাঙনের কারণে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই সামরিক অভিযানের কেন্দ্রস্থল মালি থেকে নাইজারে স্থানান্তরিত হবে।



২০২২ সালে মুম্বইতে অনুষ্ঠিত 'দাদাসাহেব ফালকে আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব পুরস্কার'এ 'বর্ষসেরা চলচ্চিত্র'এর সম্মান পেল 'পুষ্পা : দ্য রাইজ' চলচ্চিত্রটি। 'সেরা চলচ্চিত্র'এর সম্মান পেল 'শেরশাহ'। 'সেরা অভিনেতা' ও 'সেরা অভিনেত্রী'র সম্মান পেলেন যথাক্রমে রনবীর সিং ('৮৩' চলচ্চিত্রের জন্য) ও কৃতি শ্যানন ('মিমি' চলচ্চিত্রটির জন্য)।

❑ ২০২২ সালে বেজিং শীতকালীন অলিম্পিক গেমসের (৪ থেকে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত চলেছে) সমাপ্তি অনুষ্ঠান বেজিংয়ের 'ন্যাশনাল স্টেডিয়াম'এ ('বার্ডস নেস্ট' নামে পরিচিত) অনুষ্ঠিত হল। এবছর মোট ৭টি খেলায় ১৫টি শাখায় রেকর্ড ১০৯টি ইভেন্ট অনুষ্ঠিত হয়েছিল। এই নিয়ে টানা দ্বিতীয়বার শীতকালীন অলিম্পিকে পদক টেবলের শীর্ষে রয়েছে নরওয়ে। ১৬টি সোনার পদক, ৮টি রুপোর পদক ও ১৩টি ব্রঞ্জ পদক-সহ মোট ৩৭টি পদক পেয়েছে তারা। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে জার্মানি (১২টি সোনার পদক, ১০টি রুপোর পদক ও ৫টি ব্রঞ্জ পদক-সহ মোট ২৭টি পদক) ও চিন (৯টি সোনার পদক, ৪টি রুপোর পদক ও ২টি ব্রঞ্জ পদক-সহ মোট ১৫টি পদক)। প্রসঙ্গত উল্লেখ্য, এই টুর্নামেন্টে ভারতীয় দলের প্রতিনিধিত্ব করেছেন পুরুষ আলপাইন স্কিয়ার আরিফ খান।

❑ 'আন্তর্জাতিক অলিম্পিক কমিটি' অ্যাথলিটস কমিশনের চেয়ারম্যান হিসাবে আবার নির্বাচিত হলেন ফিনল্যান্ডের আইস হকি তারকা এম্মা টেরহো। এছাড়াও, কমিশনের প্রথম ভাইস-চেয়ারম্যান হিসাবে নির্বাচিত হলেন কোরিয়া প্রজাতন্ত্রের টেবল টেনিস খেলোয়াড় সেউং মিন রিউ ও দ্বিতীয় ভাইস চেয়ারম্যান হিসাবে নির্বাচিত হলেন নিউজিল্যান্ডের সাইক্লিস্ট সারাহ ওয়াকার।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

Join Telegram Channel @DisariJibika


রেলে গ্রুপ-ডি পদের অনলাইন পরীক্ষার তারিখ খুব শিগগিরই জানানো হবে। পরীক্ষা হবে সম্ভবত মার্চ / এপ্রিল মাস নাগাদ। হাতে আর মাত্র কয়েক সপ্তাহ। এই পরীক্ষাতে প্রশ্ন কেমন আসবে, সিলেবাস কী, কীভাবে পড়লে লিখিত পরীক্ষায় সহজেই পাশ করতে পারবেন। প্রত্যেকটি বড় পরীক্ষার আগেই ওই পরীক্ষা নিয়ে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে, তাতে সবাই 'লাস্ট মিনিট সাজেশন' দেওয়ার অনুরোধ করেন। মিসলেনিয়াস প্রিলি. পরীক্ষা, ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষা, ক্লার্কশিপ, আই.সি.ডি.এস, নার্সিং পরীক্ষা অর্থাৎ, সব বড় পরীক্ষাতেই 'কর্মসংস্থান'এ প্রকাশিত প্রশ্নোত্তরের সেট থেকে অনেক প্রশ্ন সরাসরি কমন এসেছে। এছাড়া রেলের NTPC পদের CBT-1 পরীক্ষাতেও অনেক প্রশ্ন হুবহু কমন এসেছে। সেইজন্যই হয়তো এতো অনুরোধ। তাই আমাদের লাখ-লাখ পাঠক-পাঠিকাদের অনুরোধ মাথায় রেখে এই পরীক্ষার ৫৫টি সম্ভাব্য প্রশ্নোত্তর দেওয়া হল। পরিকল্পনা ও রূপায়ণে রঞ্জিৎ ঘোষ।

# রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার

ই-মেল : karmajiggasa@gmail.com

1. একটি যন্ত্রের ক্রয়মূল্য 375 টাকা। যদি যন্ত্রটিকে 20% ক্ষতিতে বিক্রি করা হয়, তাহলে বিক্রয়মূল্য ক্রয়মূল্যের কত শতাংশ?
(A) 80% (B) 120% (C) 110% (D) 125%

2. একটি ফ্যাক্টরিতে 14,600 টি.ভি. 365 দিনে তৈরি হয়। তাহলে ওই কারখানায় 140 দিনে কতগুলি টি.ভি. তৈরি হবে?
(A) 4800 (B) 6400 (C) 5600 (D) 6600

3. 'ম্যাপল' গাছের পাতা কোন দেশের জাতীয় প্রতীক?
(A) কানাডা (B) নেপাল (C) রাশিয়া (D) চিন

4. যখন সাধারণ লবণ বরফের সঙ্গে মেশানো হয়, তখন মিশ্রণের হিমাঙ্কের কী পরিবর্তন হয়?
(A) বেড়ে যায় (B) কমে যায়
(C) একই থাকে (D) প্রথমে বাড়ে ও পরে কমে যায়

5. কোন গভর্নর জেনারেল 'স্বত্ববিলোপ নীতি'র সঙ্গে সম্পর্কিত?
(A) লর্ড কার্জন (B) লর্ড বেন্টিঙ্ক (C) লর্ড ডালহৌসি (D) লর্ড রিপন

6. শকদের বিখ্যাত রাজা কে ছিলেন?
(A) প্রথম রুদ্রদামন (B) ঘামাটিকা (C) নহপান (D) ঔষভদাতা

7. 'ডায়েট' কোন দেশের পার্লামেন্টের নাম?
(A) জাপান (B) রাশিয়া (C) কুয়েত (D) ইরান

8. নায়াগ্রা জলপ্রপাত কোন দেশে অবস্থিত?
(A) কানাডা (B) মার্কিন যুক্তরাষ্ট্র (C) ইউক্রেন (D) জাপান

9. 1, 9, 25, 49, ?, 121
(A) 81 (B) 64 (C) 91 (D) 100

10. মুদ্রাস্ফীতি কি কারণে হয়?
(A) সাধারণ মূল্যসূচক বেশি হলে (B) টাকার আমদানি বেশি হলে (C) বাজেট ঘাটতি বেশি হলে (D) ভোগ্য পণ্যের মূল্য বেশি হলে

11. 857 সেন্টিমিটার লম্বার বাঁশ থেকে 12.6 সেন্টিমিটার-বিশিষ্ট সবথেকে বেশি কত সংখ্যক সমান টুকরো কাটা যাবে?
(A) 68 (B) 82 (C) 62 (D) 76

12. বার্ষিক 6% হারে 18 মাসে 2,000 টাকার সরল সুদ কত হবে?
(A) 180 টাকা (B) 120 টাকা (C) 216 টাকা (D) 240 টাকা

13. 1 মিটার কত সেন্টিমিটারের সমান?
(A) 10000 সেমি (B) 10 সেমি (C) 100 সেমি (D) 1000 সেমি

14. কাকলি প্রথমে 5 কিলোমিটার পূর্বে গেল। তারপর ডানদিকে 8 কিলোমিটার গেল। এরপর বাঁদিকে ঘুরে 5 কিলোমিটার গেল ও তারপর আবার 8 কিলোমিটার বাঁদিকে গেল। এখন গন্তব্যস্থল থেকে কাকলির দূরত্ব কত কিলোমিটার?
(A) 7 (B) 6 (C) 10 (D) 13

15. IMAGINATION শব্দটিতে বামদিক থেকে অষ্টম ও ডানদিক থেকে ষষ্ঠ অক্ষরের মাঝের অক্ষর কোনটি হবে।
(A) A (B) I (C) G (D) M

16. যদি × মানে ÷, − মানে ×, ÷ মানে +, ও + মানে − হয়, তবে $(3 - 15 \div 19) \times 8 + 6 = ?$
(A) 8 (B) 4 (C) 2 (D) 1

17. 5 : 124 : : 7 : ?
(A) 125 (B) 248 (C) 342 (D) 343

18. ল্যাটিন ভাষায় 'করোনা' শব্দের অর্থ কী?
(A) Bono (B) Vetus (C) Halo (D) Mea

19. বরিস জনসন কোন দেশের প্রধানমন্ত্রী?
(A) জাপান (B) যুক্তরাজ্য (C) নেদারল্যান্ড (D) স্কটল্যান্ড

20. কনিষ্কের রাজধানী কোনটি?
(A) বেনারস (B) এলাহাবাদ (C) সারনাথ (D) পুরুষপুর

21. 'জালিয়ানওয়ালাবাগ হত্যাকাণ্ড'এ কে গুলি চালনার নির্দেশ দিয়েছিলেন?
(A) লর্ডসাইমন (B) রাওলাট (C) মাইকেল ও'ডায়ার (D) কার্জন উইলি

22. রেলের ডিজেল চালিত লোকোমোটিভ ইঞ্জিন কোথায় তৈরি হয়?
(A) চিত্তরঞ্জন (B) জামশেদপুর (C) পেরাম্বুর (D) বারাণসী

23. কয়ালি তৈল শোধনাগার কোন রাজ্যে অবস্থিত?
(A) অসম (B) গুজরাত (C) মহারাষ্ট্র (D) ত্রিপুরা

24. নীচের কোনটি গঙ্গার উপনদী নয়?
(A) যমুনা (B) শোন (C) গোমতী (D) শতদ্রু

25. ট্রাফিক সিগন্যালে লাল আলো ব্যবহৃত হয় কেন?
(A) এর দীর্ঘতম তরঙ্গদৈর্ঘ্যের জন্য ও বহুদূর থেকে দেখা যায় বলে (B) এটি সুন্দর (C) কম দৃষ্টিশক্তিসম্পন্ন মানুষের পক্ষেও এটি দেখা সম্ভব (D) এগুলির কোনোটিই নয়

26. ঘণ্টা তৈরিতে যে যে ধাতুর সংকর ব্যবহৃত হয় তার নাম কী?
(A) কপার ও আয়রন (B) কপার ও জিঙ্ক (C) কপার ও টিন (D) জিঙ্ক ও লেড

27. মুখ্যমন্ত্রী পদমর্যাদায় কার সমতুল্য?
(A) প্রাক্তন প্রধানমন্ত্রীর সমতুল্য (B) প্রাক্তন রাষ্ট্রপতি (C) রাজ্যপাল (D) মুখ্য বিচারপতি

KNOWLEDGE CITADEL
কম খরচে Exam Oriented প্রশিক্ষণ এবং Total Guidance এর জন্য আজই যোগাযোগ করুন
পরীক্ষায় ঊর্ধ্বগামী
CUT OFF
Don't waste your golden time when MINUTES MATTER
Quality প্রশিক্ষণ ও আধুনিক Study Material আমাদের একমাত্র পরিচয়
WBCS | POLICE
SSC | BANK | RAIL
9051940315
9836186777
Individual Care
Lowest Price
KNOWLEDGE CITADEL
Gateway to Success
1st Floor, 2 Anthony Bagan Lane, Kol-9
(Opposite Sealdah ESI Hospital)

28. মান নির্ণয় করুন $0.002 \times 0.5 = ?$
(A) 0.001 (B) 0.01 (C) 0.1 (D) 0.0001

29. দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার অঙ্কদ্বয়ের সমষ্টি 12 ও পার্থক্য 6। দুই অঙ্কবিশিষ্ট সংখ্যাটি কত?
(A) 75 (B) 84 (C) 93 (D) 60

30. 2020 সালের বিশাখাপত্তনম গ্যাস লিক দুর্ঘটনায় নীচের কোন গ্যাসটির নিঃসরণ হয়েছিল?
(A) অ্যামোনিয়া (B) মিথাইল আইসোসায়ানেট (C) স্টাইরিন (D) ফসজিন

31. PM CARES সংস্থাটির প্রধান কে?
(A) ভারতের প্রধানমন্ত্রী (B) ভারতের রাষ্ট্রপতি (C) ভারতের উপরাষ্ট্রপতি (D) ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী

32. নিখোঁজ বর্ণগুলি বসাও —
a_abaca_ac_b
(A) cba (B) bca (C) bac (D) cab

33. $0.\dot{3} + 0.\dot{4} + 0.\dot{7} + 0.8 = ?$
(A) 2.4 (B) 2.44 (C) 2.444 (D) 2.4

34. বিশ্বের বৃহত্তম নৌবাহিনী কোন দেশের?
(A) ভারত (B) রাশিয়া (C) চিন (D) জাপান

35. একটি শ্রেণীতে 50 জন ছাত্র আছে। তাদের মধ্যে থেকে 60 কেজি. ওজনের একটি ছাত্র চলে গেলে তার জায়গায় একটি নতুন ছাত্র আছে। তার ফলে ঐ শ্রেণীর ছাত্রদের গড় ওজন $\frac{1}{2}$ কেজি. বৃদ্ধি পায়। ঐ নতুন ছাত্রটির ওজন কত?
(A) 70 কেজি. (B) 72 কেজি. (C) 90 কেজি. (D) 76 কেজি.

36. P, Q থেকে 60% বেশি ও R থেকে 30% বেশি। Q ও R অনুপাত —
(A) 1 : 2 (B) 2 : 1 (C) 13 : 16 (D) 16 : 13

37. কোনো সংখ্যার 60% -এর সঙ্গে 50 যোগ করলে সংখ্যাটির সমান হয়। তাহলে সংখ্যাটি কত?
(A) 110 (B) 125 (C) 200 (D) 300

38. দু'টি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত 5 : 4 হলে এদের ক্ষেত্রফলের অনুপাত কত?
(A) 5 : 4 (B) 25 : 16 (C) 6 : 7 (D) 9 : 13

39. দুইটি সংখ্যার অনুপাত 7 : 9 ও তাদের বিয়োগফল 6। সংখ্যা দু'টি কী কী?
(A) 49, 55 (B) 91, 97 (C) 21, 27 (D) 42, 54

40. একটি ট্রেন একটি টেলিগ্রাফ খুঁটিকে 12 সেকেন্ডে ও 440 মিটার লম্বা একটি সেতুকে 32 সেকেন্ডে অতিক্রম করল। ট্রেনটির গতিবেগ কত?
(A) 24 মিটার/সেকেন্ড (B) 22 মিটার /সেকেন্ড
(C) 40 মিটার / সেকেন্ড (D) 50 মিটার /সেকেন্ড

41. 7, 11, 13 দিয়ে সম্পূর্ণরূপে বিভাজ্য 5 অঙ্কের বৃহত্তম সংখ্যাটি কত?
(A) 99900 (B) 99099 (C) 99909 (D) 99990

42. "স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায়" - কে রচনা করেন?
(A) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় (B) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় (C) ঈশ্বরচন্দ্র গুপ্ত (D) নজরুল ইসলাম

43. ভারতীয় সঙ্গীতের উৎস নীচের কোন বেদ —
(A) ঋক্ (B) সাম্ (C) যজু (D) অথর্ব

44. পুরাণের মোট সংখ্যা কত?
(A) 11 (B) 18 (C) 43 (D) 10

45. 'দ্বিতীয়-কাশ্মীর' কাকে বলা হয়?
(A) নদীয়া (B) হাওড়া (C) মিরিক (D) উটি

46. ভোপাল গ্যাস দুর্ঘটনা ঘটেছিল কত সালে?
a) 1984 b) 1982 c) 1983 d) 1986

47. রেডিও কার্বন ডেটিং কী কাজে ব্যবহার করা হয়?
(A) অজৈব পদার্থের বয়স নির্ণয় করতে (B) জীবাশ্মের বয়স নির্ণয় করতে (C) বায়ো কেমিক্যাল অ্যানালিসিস (D) সবক'টিই ঠিক

48. কম্পিউটারের কাগজে মুদ্রিত আউটপুটটিকে কী বলা হয় ?L
(A) হার্ড কপি (B) সফট কপি (C) A ও B উভয়ই (D) কোনটিই নয়

49. কোন প্রিন্টারে খুব উন্নতমানের প্রিন্ট আউট বার হয় ?
(A) ডট ম্যাট্রিক্স (B) লাইন (C) ইনজেক্ট (D) লেসার

50. মাউস, কীবোর্ড, মনিটর ও প্রিন্টার প্রভৃতি উদাহরণ হল — (A) সফট ওয়্যার (B) মেমরি (C) পেরিফেরাল (D) সি পি ইউ

51. 'কথাকলি' ধ্রুপদী নৃত্যের জন্য কোন রাজ্য বিখ্যাত?
a) কর্ণাটক b) তামিলনাড়ু c) তেলেঙ্গানা d) কেরালা

52. কোন বিজ্ঞানী হাইড্রোজেন গ্যাস আবিষ্কার করেন?
(A) ম্যাকডোনাল্ড (B) ম্যাডাম কুরি (C) রাদারফোর্ড (D) হেনরি কেভেনডিস

**53নং ও 54নং প্রশ্নের জন্য নির্দেশ**

এমন একটি বিকল্প নির্বাচন করুন যা '?' চিহ্নের বদলে বসালে : : চিহ্নের বামদিকের প্রথম দুইটি শব্দের মধ্যে যে সম্পর্ক, ডানদিকের শেষ দুইটি শব্দের মধ্যেও সেই সম্পর্ক থাকবে।

53. আন্দামান দ্বীপপুঞ্জ : ভারত মহাসাগর : : ফকল্যান্ড : ?
(A) ভারত মহাসাগর (B) আটলান্টিক মহাসাগর (C) প্রশান্ত মহাসাগর (D) সুমেরু মহাসাগর

54. ফোর্ড : মোটর গাড়ী : : ? : কম্পিউটার
(A) টাটা (B) সোনি (C) বিল গেটস (D) এইচ সি এল

55. যদি TRAIN কে OJBSU সংকেত দিয়ে প্রকাশ করা হয় তাহলে BUS এর সংকেত কি হবে?
(A) CVT (B) TVC (C) CTV (D) TCV

## উত্তর

1(D). 2(C). 3(A). 4(B). 5(C). 6(A). 7(A). 8(B). 9(B). 10(C). 11(A). 12(A). 13(C). 14(C). 15(A). 16(C). 17(C). 18(C). 19(B). 20(D). 21(C). 22(D). 23(B). 24(D). 25(A). 26(C). 27(A). 28(A). 29(C). 30(C). 31(A). 32(A). 33(D). 34(C). 35(C). 36(C). 37(B). 38(B). 39(C). 40(B). 41(B). 42(B). 43(B). 44(B). 45(C). 46(A). 47(B). 48(A). 49(D). 50(C). 51(D). 52(D). 53(D). 54(D). 55(B).

Join Telegram Channel @DisariJibika



## ৭৫ ট্রেনি

১ পাতার পর

কারা কোন ট্রেডে আবেদনের যোগ্য :

**ম্যানেজমেন্ট ট্রেনি -কনস্ট্রাকশন :** সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল বা, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. /বি.টেক. /বি.এসসি. -ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : মেকানিক্যালে ১৬টি, সিভিলে ৯টি, ইলেক্ট্রিক্যালে ৮টি, ইন্সট্রুমেন্টেশন ৬টি।

**ম্যানেজমেন্ট ট্রেনি -আদার্স :** কেমিক্যাল, সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল বা, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. / বি.টেক. /বি.এসসি. -ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : কেমিক্যালে ৬টি, মেকানিক্যালে ১৯টি, সিভিলে ৩টি, ইলেক্ট্রিক্যালে ৫টি, ইন্সট্রুমেন্টেশন ৩টি।

ওপরের সব ক্ষেত্রে ২০২২ সালের 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১-৭-২০২২'র হিসাবে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ২০২১ ও ২০২২ সালের পাশ প্রার্থীরাই আবেদনের যোগ্য। শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৬০,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ৬০,০০০-১,৮০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : HRD/Rectt./Advt./2021-22/12.

প্রার্থী বাছাই হবে 'গেট-২০২২' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.engineersindia.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

## থার্মাল পাওয়ারে ৪০ এক্সিকিউটিভ ট্রেনি

**নিজস্ব প্রতিনিধি :** ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন (এন.টি.পি.সি.) 'ইঞ্জিনিয়ারিং এক্সিকিউটিভ ট্রেনি' পদে ৪০ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব শাখায় : কম্পিউটার সায়েন্স /ইনফর্মেশন টেকনোলজি ও মাইনিং।

কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স /ইনফর্মেশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি.৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'মাইনিং' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ২৫টি (জেনাঃ ১৩, ও.বি.সি.৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২)।

ওপরের সব ক্ষেত্রেই ডিগ্রি কোর্সে মোট অন্তত ৬৫% (তপশিলী ও প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকতে হবে। বয়স হতে হবে ১০-৩-২০২২'র হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন।

শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে চাকরি। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : 05/22.

প্রার্থী বাছাই হবে ২০২১ সালের 'গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউট টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং (GATE-2021)' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ হবে। 'গেট' পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : http://gate.iitd.ac.in

এন.টি.পি.সি.'র জন্য দরখাস্ত করবেন অনলাইনে, ১৬ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.ntpc.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও 'গেট-২০২১' পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর থাকতে হবে। তখন ফটো ও সিগনেচার স্ক্যান করে নিয়ে যাবেন। পরীক্ষা ফী বাবদ ৩০০ (তপশিলী, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে : 30987919993 at CAG Branch, New Delhi on behalf of NTPC. টাকা জমা দেবেন এস.বি.আই. পে-ইন স্লিপে। এছাড়াও টাকা অনলাইনেও জমা দিতে পারবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে Career-এ গিয়ে অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। তাতে যাবতীয় প্রমাণপত্র দিয়ে আর ফটো আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম ২ কপি প্রিন্ট করবেন তখন ইউনিক অ্যাপ্লিকেশন আই.ডি. আর রেফারেন্স পাবেন, যা নিজের কাছে রেখে দেবেন।

## WBCS পরীক্ষার দরখাস্ত

৯ পাতার পর

(৩) রিহ্যাবিলাইটেশন অফিসার। মূল মাইনে : ৩২,১০০-৮২,৯০০ টাকা।

ওপরের সব গ্রুপের বেলায় শূন্যপদের সংখ্যা পরীক্ষার পর জানানো হবে।

**প্রার্থী-বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। ২০২২ সালের 'ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস (এক্সিকিউটিভ)' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা হবে মে মাস নাগাদ। কলকাতা-সহ রাজ্যের অন্যান্য কেন্দ্রে। সফল হলে 'মেন পরীক্ষা' হবে, শুধুমাত্র কলকাতায়। প্রিলিমিনারি পরীক্ষা হবে এইসব কেন্দ্রে (ব্রাকেটে কোড নং দেওয়া হল) : কলকাতা (০১), বারুইপুর (০২), ডায়মন্ডহারবার(০৩), ব্যারাকপুর (০৪), বারাসাত (০৫), হাওড়া (০৬), চুঁচুড়া (০৭), বর্ধমান (০৮), দুর্গাপুর (০৯), মেদিনীপুর (১০), তমলুক (১১), বাঁকুড়া (১২), পুরুলিয়া (১৩), ঝাড়গ্রাম (১৪), সিউড়ি (১৫), কৃষ্ণনগর (১৬), বহরমপুর (১৭), মালদা (১৮), বালুরঘাট (১৯), রায়গঞ্জ (২০), জলপাইগুড়ি (২১), আলিপুরদুয়ার (২২), কোচবিহার (২৩), শিলিগুড়ি (২৪), কালিম্পং (২৫) ও দার্জিলিং (২৬)। দৃষ্টিহীন প্রার্থীরা স্ক্রাইবের সহায়তা নিতে পারবেন। সব সম্প্রদায়ের প্রার্থীরা নির্দিষ্ট বয়সের মধ্যে যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন।


Online Live / Classroom Batch-এ
WBCS & PSC
ভর্তি চলছে!
রেল ও পশ্চিমবঙ্গ পুলিশ
৩ মাস থেকে ২ বছরের বিভিন্ন কোর্সে ভর্তির সুযোগ
কোর্স ফি ₹2,999/- থেকে শুরু
অভিজ্ঞ শিক্ষক দ্বারা হাতে ধরে শেখানো হয়!

ICE Academy
Call: 9804 412 898
Website: iceacademy.in
এবার ঘরে ঘরে হবে সরকারি চাকরি!



বেরিয়েছে কমন চান?
২০২২ সালের WBCS এর প্রিলি পরীক্ষাতে..

অভাবিত সাফল্য। ২০২১ সালের ২২ আগস্ট WBCS প্রিলি পরীক্ষার অনেক প্রশ্ন সরাসরি 'কমন' এসেছে আমাদের 'লাস্ট মিনিট সাজেশন' থেকে। শুধু তাই নয়, গত বছর থেকে হওয়া বেশিরভাগ চাকরির পরীক্ষায় আমাদের দেওয়া সেট থেকে অনেক প্রশ্ন সরাসরি 'কমন' এসেছে। তাই এবারের প্রিলি পরীক্ষাতেও 'কমন' পেতে আজই কিনুন
সাফল্য
মার্চ সংখ্যা বেরোল
এছাড়াও পাবেন রাজ্য ও কেন্দ্র সরকারের সব ধরনের চাকরির পরীক্ষার স্টাডি মেটেরিয়ালস
না পেলে সরাসরি যোগাযোগ করুন :9830624170


**প্রিলিমিনারি পরীক্ষার সিলেবাস :** লিখিত প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে 'জেনারেল স্টাডিজ'এর ২০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের একটি প্রশ্নপত্র। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর ও সময় আড়াই ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় থাকবে এই ৮টি বিষয় ও প্রতিটি বিষয়ে ২৫টি করে প্রশ্ন : (১) ইংরিজি কম্পোজিশন, (২) জেনারেল সায়েন্স, (৩) জাতীয় ও আন্তর্জাতিক সাম্প্রতিক ঘটনা, (৪) ভারতের ইতিহাস, (৫) পশ্চিম বঙ্গ-সহ ভারতীয় ভূগোল, (৬) ভারতীয় রাষ্ট্রনীতি ও অর্থনীতি, (৭) ভারতের জাতীয় আন্দোলন, (৮) জেনারেল মেন্টাল এবিলিটি।

ইংরিজি কম্পোজিশন অংশে থাকবে গ্রামারের প্রশ্ন। ভারতীয় ভূগোল অংশে পশ্চিমবঙ্গ-সহ ভারতীয় কৃষি ও প্রাকৃতিক সম্পদ -সহ সামাজিক ও অর্থনৈতিক ভূগোল, রাষ্ট্রনীতি ও অর্থনীতি অংশে রাষ্ট্রপদ্ধতি, পঞ্চায়েতীরাজ, কমিউনিটি উন্নয়ন ও ভারতের পরিকল্পনা বিষয়, ভারতের জাতীয় আন্দোলন অংশে অষ্টাদশ শতাব্দীর প্রকৃতি ও বৈশিষ্ট্য আর জেনারেল মেন্টাল এবিলিটি টেস্ট অংশে থাকবে লজিক্যাল রিজনিং ও সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক প্রেক্ষাপটে ভারতীয় ইতিহাস। প্রিলিমিনারি পরীক্ষায় নির্দিষ্ট নম্বর পেলে কোয়ালিফাইং করতে পারবেন। তবে চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষার নম্বর ধরা হবে না।

**মেন পরীক্ষার সিলেবাস :** 'প্রিলিমিনারি' পরীক্ষায় সফল হলে 'মেন' পরীক্ষা হবে ২০২২ সালের শেষের দিকে। A, B, C ও D — এই ৪ গ্রুপেই 'মেন'এ ১২০০ নম্বরের পরীক্ষায় থাকবে এই ৬টি আবশ্যিক বিষয় : (১) প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি — চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, ইংরিজি থেকে বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি ভাষায় অনুবাদ। (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - চিঠি লেখা (১৫০ শব্দের মধ্যে) /২০০ শব্দের মধ্যে রিপোর্ট ড্রাফটিং করা, প্রেসি লেখা, কম্পোজিশন, বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি থেকে ইংরিজি ভাষায় অনুবাদ। (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ-I (ন্যাশনাল মুভমেন্ট-সহ ভারতীয় ইতিহাস আর পশ্চিমবঙ্গ স্পেশাল রেফারেন্স-সহ ভারতের ভূগোল)। (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -II (সায়েন্স ও সায়েন্টিফিক ও টেকনোলজিক্যাল অ্যাডভান্সমেন্ট, এনভায়রণমেন্ট, জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্স)। (৫) পঞ্চম পত্র : ভারতীয় সংবিধান ও ভারতীয় অর্থনীতি (রিজার্ভ ব্যাঙ্কের ভূমিকা ও কার্য)। (৬) ষষ্ঠ পত্র : অ্যারিথমেটিক ও টেস্ট অফ রিজনিং। প্রতিটি বিষয়ে থাকবে ২০০ নম্বর ও প্রতিটি পেপারে সময় থাকবে ৩ ঘন্টা।

আবশ্যিক প্রথম পত্র : বাংলা /হিন্দি /উর্দু /নেপালী /সাঁওতালি আর দ্বিতীয় পত্র : ইংরিজি বিষয়ের প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। আর বাকি ৪টি আবশ্যিক বিষয়ের প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের।

**অপশনাল পেপার :** এরপর হবে ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা। A ও B গ্রুপের বেলায় ৪০০ নম্বরের ১টি ঐচ্ছিক বিষয়ে ২টি পেপারের পরীক্ষা হবে। প্রতিটি পেপারে থাকবে ২০০ নম্বর। C ও D গ্রুপের বেলায় কোনো ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা হবে না।

**পার্সোন্যালিটি টেস্ট :** এরপর হবে পার্সোন্যালিটি টেস্ট। A ও B গ্রুপের বেলায় ২০০ নম্বরের, C গ্রুপের বেলায় ১৫০ নম্বরের আর D গ্রুপের বেলায় ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট হবে।

ঐচ্ছিক বিষয়গুলি হল (ব্র্যাকেটে কোড নং দেওয়া হল) : বাংলা (কোড ০১), হিন্দি (০২), সংস্কৃত (০৩), ইংরিজি (০৪), পালি (০৫), আরবি (০৬), পার্সিয়ান (০৭), ফ্রেঞ্চ (০৮), উর্দু (০৯), সাঁওতালি (১০), কম্পারেটিভ লিটারেচার (১১), অ্যাগ্রিকালচার (১২), পশু পালন ও পশু চিকিৎসা (১৩), নৃতত্ত্ব (১৪), বটানি (১৫), রসায়ন (১৬), সিভিল ইঞ্জিনিয়ারিং (১৭), বাণিজ্য ও হিসাবশাস্ত্র (১৮), কম্পিউটার সায়েন্স (১৯), অর্থনীতি (২০), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (২১), ভূগোল (২২), জিওলজি (২৩), ইতিহাস (২৪), আইন (২৫), অঙ্ক (২৬), ম্যানেজমেন্ট (২৭), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (২৮), মেডিক্যাল সায়েন্স (২৯), দর্শন (৩০), ফিজিওলজি (৩১), পদার্থবিদ্যা (৩২), রাষ্ট্রবিজ্ঞান (৩৩), মনস্তত্ত্ব (৩৪), সমাজবিদ্যা (৩৫), রাশিবিজ্ঞান (৩৬), জুলজি (৩৭)।

প্রিলিমিনারি ও মেন পরীক্ষার বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন শুধুমাত্র অনলাইনে, ৩ মার্চ থেকে ২৪ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে, ২৫ মার্চের মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন ২৪ মার্চের মধ্যে। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটে পাবেন। কোনো অসুবিধা হলে ফোন করুন এই নম্বরে : 033-22624181, 033-40035104. এছাড়াও টেকনিক্যাল সাপোর্টের জন্য ফোন করুন এই নম্বরে : 033-24197715, 24198187, 24661540. ফর্ম পূরণে কোনো অসুবিধা হলে তা এডিট করতে পারবেন ১ এপ্রিল থেকে ৭ এপ্রিল পর্যন্ত।


Admission Going On!
WBCS
Preli + Mains
CHSL ● CGL ● RAIL
For All Competitive Exam
Complete Study Materials.
Individual Mentor for Strategic Plan
ন্যূনতম কোর্স ফী
Subject wise Expert Faculty. (Service Commission Qualified)
Highest Success Rate in West Bengal
Previous 15 yrs. WBCS qustn. solved with details
20 WBCS Mock Test series with solved
Visit : www.fcacampus.com
FAST TRACK COMPETITIVE ACADEMY
বারাসাত : 9433327850
(কাছারী মাঠ সৈনিক স্কুল ও Food Supply অফিসের বিপরীতে)
নলহাটি, বীরভূম : 9563981048 (থানার পাশে)

Join Telegram Channel @DisariJibika



# সেনাবাহিনীতে ৪৭ ক্লার্ক, এম.টি.এস.

**নিজস্ব সংবাদদাতা :** কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন এ.এম.সি. সেন্টার অ্যান্ড কলেজ বারবার, চৌকিদার, কুক, লোয়ার ডিভিশন ক্লার্ক ও ওয়্যাশারম্যান পদে ৪৭ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**লোয়ার ডিভিশন ক্লার্ক :** উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৩৫টি শব্দ তোলার গতি থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**কুক :** মাধ্যমিক পাশরা ভারতীয় খাবার রান্নার কাজে দক্ষতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৯,৯০০-৬৩,২০০ টাকা। শূন্যপদ : ১১টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৬)।

**ওয়াশারম্যান :** মাধ্যমিক পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ট্রেডে কাজ করার অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ১১টি (তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ৪)।

**চৌকিদার :** মাধ্যমিক পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ৪টি (তঃজাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)।

**বারবার :** মাধ্যমিক পাশরা যোগ্য। সংশ্লিষ্ট ট্রেডে কাজ করার অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ১১, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ৪)।

সব পদের বেলায় বয়স হতে হবে ১৩-৩-২০২২'এর হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, দক্ষতা, প্র্যাক্টিক্যাল বা, ট্রেড টেস্টের মাধ্যমে। কোনো ইন্টারভিউ নেই। লিখিত পরীক্ষায় থাকবে জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউট, জেনারেল ইংলিশ ও জেনারেল অ্যাওয়ারনেস। ১৫০ নম্বরের ১৫০টি প্রশ্ন হবে। সময় থাকবে ২ ঘন্টা।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। দরখাস্তের ফর্ম আলাদা কাগজে প্রিন্ট করে বা, টাইপিং করে। পূরণ-করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের মার্কশীটের স্ব-প্রত্যয়িত নকল, (২) বয়স ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৩) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), (৪) নিজের নাম-ঠিকানা লেখা ১টি খাম, (৫) এখনকার তোলা ৩ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (১ কপি দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে ও ২ কপি অ্যাডমিট কার্ডে সেঁটে), (৬) ১০০ টাকার পোস্টাল অর্ডার। 'COMMANDANT AMC CENTRE AND COLLEGE LUCKNOW' এর অনুকূলে। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of..........'. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে বা, স্পিড ডাকে। পৌঁছনো চাই ১৩ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The Commandant, AMC Centre & College, Lucknow (UP) - 226002. দরখাস্তের বয়ান :

**APPLICATION FORM** Appendix - 'A'

Application for the post of ________ Ref Emp News Paper 29 January - 4 February 2022 Advertisement No EN 44/36 Dated ________

To,

The Commandant
AMC Centre & College
Lucknow (UP)-226002

1. Full Name (in Block letters)
   (a) in Hindi : ________
   (b) in English : ________
2. Father's/Husband's Name (in Block letters) : ________
   Mother's Name (in Block letters) : ________
3. Date of Birth (as per School Certificate) : ________
4. Age as on last date of receipt of Application ____ Years ____ months ____ days
5. Category (tick the correct option) (Gen/OBC/SC/ST/EWS/PH/ESM) ________ (enclose certificate for reserved category)
6. (a) Nationality ________ (b) Religion ________
7. Address in full with PIN Code and Mobile Number :-
   (a) Communication Address : Village/Mohalla/House No ________
   Post Office ____ Tehsil ____ Police Station ____
   District ____ State ____ Pin Code ____
   Mobile Number ________
   (b) Permanent Address : Village/Mohalla/House No ________
   Post Office ____ Tehsil ____ Police Station ____
   District ____ State ____ Pin Code ____
   Mobile Number ________
   (c) E-mail ID ________
8. Details of Academic/Technical & Professional Qualification.

| Name of the Exam Passed | Year of Passing | Name of Recognized University/Board of Examination | % of marks obtained | Division | Remarks |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

(Attested copies of certificate in support of above are to be enclosed)

9. Experience if any (please attach certificate) ________
10. Whether Govt Servant, if yes, give details of office address, post held, Pay Scale, and Date of entry in Govt Service ________

**DECLARATION**

1. I undertake that the above information's furnished is correct and true to the best of my knowledge. If at any stage it is found that information's furnished is wrong or important relevant information was hidden then my candidature will be cancelled immediately without any notice. If I am holding any post then my service will be terminated immediately without any notice.
2. I can be transfer anywhere in India and I am ready to serve at the posted place willingly and without any condition.
3. I am awared and I have no objection that number of vacancies advertised for which I have applied can be abolished/decreased/increased without any notice before declaration of final result.

Signature of the candidate ________
Name ________

Encl : 1. There Self Attested Photographs
2. Postal Order/DD in favour of ________
Postal Order/DD No. ____ & Date ____ for Rs.100/-
3. Attested copies of certificates : ( ) sheets

(Left Thumb Impression of Male Candidate
Right Thumb Impression in case of Female Candidate)

Signature of the candidate ________
Name ________

Details should be promptly/boldly given in the advertisement.

## ইন্ডিয়ান ব্যাঙ্কে ২০২

১ পাতার পর

সেই রাজ্যের স্থানীয় ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। বয়স হতে হবে ১-৭-২০২১'এর হিসাবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে ১৪,৫০০-২৮,১৪৫ টাকা। শূন্যপদ : ২০২টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে ২৫ (জেনাঃ ১১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২)। উত্তরাখন্ডে ৪টি, উত্তরপ্রদেশে ৬৪, তামিলনাড়ু ১৯, রাজস্থানে ৮, পুদুচেরী ৬, ওড়িশা ৪, মহারাষ্ট্র ১২, মধ্যপ্রদেশ ১৬, কেরল ২, কর্ণাটক ১, ঝাড়খন্ড ৪, গুজরাট ৩, দিল্লি ৪, ছত্তিশগড় ৬, চন্ডীগড় ৫, বিহার ১২, অসম ৪, আন্ধ্রাপ্রদেশ ৩।

প্রার্থী বাছাই হবে অনলাইন অবজেক্টিভ টাইপের টেস্টের মাধ্যমে। এরপর ল্যাঙ্গোয়েজ টেস্ট, ফিজিক্যাল ফিটনেস টেস্ট। গাড়ি চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকলে অগ্রাধিকার পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ৯ মার্চ পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.indianbank.in অনলাইনে দরখাস্ত করার সময় বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০-৫০ কেবির মধ্যে) ও সিগনেচার (১০-২০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

## WBP কনস্টেবলের

১ পাতার পর

৫৫.৩৩ (৮৫ নম্বরের লিখিত পরীক্ষার মধ্যে ৪৪, ১৫ নম্বরের ইন্টারভিউয়ের মধ্যে ১১.৩৩) নম্বর। তপশিলী জাতির প্রার্থীদের কাট অফ নম্বর ৪৯.৫০, তপশিলী উপজাতির প্রার্থীদের কাট অফ নম্বর ৪১.১৭, ও.বি.সি.-এ ক্যাটেগরির প্রার্থীদের কাট অফ নম্বর ৪৪.৬৭, ও.বি.সি.-বি ক্যাটেগরির প্রার্থীদের কাট অফ নম্বর ৫৩.৮৩ নম্বর। মনোনীত প্রার্থীদের আগের চূড়ান্ত তালিকায় প্রাপ্ত নম্বর কত ছিল তাও এই তালিকায় দেওয়া হয়েছে। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in

## ক্লার্কশিপ পদের টাইপিং টেস্ট

১ পাতার পর

প্রমাণপত্র জমা নেওয়া হয়েছিল, তার কম্পিউটার বেসড টাইপিং টেস্ট হবে ২৬ ও ২৭ মার্চ, কলকাতার বিভিন্ন কেন্দ্রে। কোন প্রার্থীদের কবে কোন কেন্দ্রে টাইপিং টেস্ট হবে তার তালিকা খুব শিগগিরই ওয়েবসাইটে আপলোড করা হবে। প্রার্থীদের ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করে নিতে হবে ওয়েবসাইট থেকে, পরীক্ষার এক সপ্তাহ আগে থেকে। পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন ২৪ ফেব্রুয়ারি এক বিজ্ঞপ্তিতে একথা জানান।

## ৩৬ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

জন্য যোগ্য :

সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ডিপ্লোমা)' ট্রেডের জন্য যোগ্য। ডিপ্লোমা কোর্স পাশের পর ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ ৩০টি। এর মধ্যে মেকানিক্যাল ২৬, ইলেক্ট্রিক্যাল ২, সিভিল ২টি।

সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার)' ট্রেডের জন্য যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ ৬টি। এর মধ্যে মেকানিক্যাল ৪, ইলেক্ট্রিক্যাল ১, সিভিল ১টি।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ন্যূনতম ১৪ বছর। সর্বাধিক বয়সের কোনো কড়াকড়ি নেই।

দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে। নিচের বয়ানে। তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত নকল আর এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে)। দরখাস্ত-ভরা খামের ওপর পদের নাম লিখবেন। দরখাস্ত পৌঁছনো চাই ৩১ মার্চের মধ্যে। এই ঠিকানায় : The General Manager, Ordnance Factory Cnanda, Chandrapur (Maharashtra) - 442501. দরখাস্তের বয়ান :

**APPLICATION FOR GRADUATE/TECHNICIAN APPRENTICE AT ORDNANCE FACTORY CHANDA – 442 501 (M.S.)**

To.
The General Manager,
Ordnance Factory Chanda
Chandrapur (Maharashtra)-442501

[Affix your recent Passport Size Photograph]

RATE OF STIPEND - GA : Rs. 9,000 PM, TA : Rs. 8,000 PM

1. Applied for the post (Tick one box): GRADUATE APPRENTICE | TECHNICIAN APPRENTICE
2. Full Name in Block Letter (As written in SSC Certificate) : ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐
3. Father's/Husband's Name in Block Letter : ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐
4. Complete Postal Address for correspondence with Pin code : ________
5. E-mail & Contact No : ________
6. Male/Female (Put tick mark in appropriate Box): Male | Female
7. Marital status : Married | Unmarried
8. Date of Birth (as per the SSC Certificate): ☐☐☐☐☐☐☐☐
9. Nationality: ________
10. Please tick in the relevant Box : SC ☐ ST ☐ OBC ☐ UR ☐
11. Educational Qualification's (Put a tick mark in appropriate Box. Also choose one of the 3 options A, B, C in each Box)

| DEGREE | DIPLOMA |
|---|---|
| A) MECH | A) MECH |
| B) ELECT | B) ELECT |
| C) CIVIL | C) CIVIL |

12. Details of the Examination (Degree/Diploma) Passed:

| SL. No. | Period From | Period To | Exam Passed | Name of Institute | Full Marks | Marks Obtained | % of Marks |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

13. Date of declaration of the result of the Degree/Diploma Exam. ☐☐☐☐☐☐☐☐ D D M M Y Y Y Y
14. University/Council who has conferred the Degree/Diploma on you : ________
15. Experience, if any (After Passing Essential Qualification in the relevant Field) : ________
    Details of Apprenticeship training under the Approentices Act-1961 ________
16. Whether your work experience of one year or more after Degree/Diploma (Put tick mark in appropriate Box): Yes | No
17. Period of work Experience : Year ☐ Manth ☐
18. Whether presently employed in

| A | B | C | D | E | F | G |
|---|---|---|---|---|---|---|
| Ordnance Factory | Under M of D | Other Central Govt. | State Govt. | PSU | Non Govt. Orgn. | NA |

(Put tick mark in appropriate Box also attached copy of relevant Certificate as proof)

16. If your answer in respect of serial No. 18 above is either A, B, C, D or E, please confirm that you have routed your application through proper Channel. (Put tick mark in appropriate Box) Yes | No
17. List out the attached copies of testimonial/Certificates you have attached along with the application. Please note that one photo (Self signed on front side) should be affixed. a) ______ b) ______ c) ______

**DECLARATION**

a) I hereby solemnly declare that all the statement made in this application are true and correct to the best of my knowledge and belief.
b) I have never been debarred from appearing at the examination nor have I ever been arrested/prosecuted and convicted by a criminal court or involved in any other case registered by the Police.
c) I fully understand that in the event of any information being found false/incorrect or ineligibility being detected at any stage before or after the Selection/Joining as Apprentice my candidature will stand automatically cancelled without prejudice to any action that may be taken against me as per rule of the Organization and laws of the Lands.

PLACE :
DATE :

**SIGNATURE OF THE CANDIDATE**

NOTE: Copies of certificates of Date of Birth, Mark sheet(s) Degree/Diploma, SC/ST/OBC if applicable, etc. must be attached with the application otherwise the same will be rejected. One Photograph should be affixed in the application format duly signed by the applicant at the front side of the photograph.

## কেন্দ্রীয় সংস্থায় ১৯ অ্যাসিস্ট্যান্ট

**নিজস্ব সংবাদদাতা :** ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট' ও 'জুনিয়র আর্টিজন' পদে ১৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**পোস্ট নং : 1. সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট-এ :** কেমিস্ট্রির বি.এসসি. কোর্স পাশরা যোগ্য। কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিপ্লোমা কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। মাইনে মাসে ২১,২৭০ টাকা। শূন্যপদ : ৪টি।

**পোস্ট নং : 2. জুনিয়র আর্টিজন (ইলেক্ট্রিক্যাল) :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিক্যাল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা ২ বছরের পোস্ট-কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৯,৩২৪ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**পোস্ট নং : 2. জুনিয়র আর্টিজন (কেমিক্যাল প্ল্যান্ট অপারেটর) :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। বিজ্ঞান বা, অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর কেমিক্যাল প্ল্যান্ট অপারেশনের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও যোগ্য। আই.টি.আই. থেকে অ্যাটেন্ড্যান্ট অপারেটর কেমিক্যাল প্ল্যান্ট বা, কেমিক্যাল প্ল্যান্ট অপারেশনের সার্টিফিকেট কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৯,৩২৪ টাকা। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

ওপরের সব পদের বেলায় তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে সরাসরি লিখিত পরীক্ষা ও ট্রেড টেস্টের মাধ্যমে। এরপর মেধা তালিকা তৈরি হবে। কোনো ইন্টারভিউ নেই। লিখিত পরীক্ষা হবে ১২ মার্চ ও ট্রেড টেস্ট হবে ১৩ মার্চ। এই ঠিকানায় : প্রোজেক্ট অফিস কাম ট্রানজিট অ্যাকমোডেশন, ভাবা অ্যাটমিক রিসার্চ সেন্টার, ৮ম মেন রোড, ডিফেন্স লেআউট, বিদ্যারন্যাপুরা, বেঙ্গালুরু-৫৬০০৯৭। আগ্রহী প্রার্থীরা দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.ecil.co.in আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

চ্যানেল দ্বারা Academic Excellence Award 2021-2022 প্রাপ্ত প্রতিষ্ঠান

# বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার

An ISO - 9001 : 2015 Certified, Govt. Regn. No [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas

**WBP Prelim 2020**

রেজাল্ট আসন্ন, Physical ও পড়াশুনা দুটোই একসাথে চালিয়ে যান। কারণ PET / PMT এর পর সময় পাওয়া যায় না। সব বিষয়ে Special ক্লাস চলছে।

**শংকরদার কোচিং ২৪ বছর**

জীবন যুদ্ধে থাকবো পাশে

**An Institute with 6500+ Students**

এক ঝাঁক অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা মণ্ডলীর তত্ত্বাবধানে চলছে আমাদের এই বৃহৎ পরিবার। জীবন যুদ্ধে সফল হতে আপনিও আমাদের পরিবারের সাথে সামিল হন।

**BSF Tradesman**

ক্লাস শুরু হবে Physical এর পর

**সিমলাপাল সেন্টারের**

ছাত্রছাত্রীদের জন্য রয়েছে বিশেষ সুবিধা, কি সুবিধা জানতে ফোন করুন — 7001867319

ঠিকানা : সিমলাপাল স্কুল মোড়, MLA অফিসের ৩য় তল

**Primary TET** এর ক্লাস শুরু 10th March 2022

ক্লাস করাবেন বিভিন্ন স্কুল শিক্ষকরা, সব ব্রাঞ্চে প্রাইমারি টেট কোচিং হবে।

**WBP MAIN** এর জন্য প্রতিদিন 2টি করে ক্লাস করানো হবে যাতে ২ মাসের মধ্যেই সম্পূর্ণ প্রস্তুতি হয়ে যায়। Main পরীক্ষার আগে ১৫টি মকটেস্ট নেওয়া হবে। এছাড়াও সব পরীক্ষার জন্য পড়ানো হবে।

**GNM / ANM**

নার্সিং এর ক্লাস শুরু হয়ে গেছে

এখনও ভর্তি চলছে, ক্লাস হচ্ছে শুধুমাত্র হেড অফিসে। দূরাবর্তীরা ই-মেলের মাধ্যমে নোটস পেতে পারেন

কমনের গ্যারান্টি

**সেনাবাহিনীর ব্যারাকপুর, বহরমপুর, কলকাতা র‍্যালি আসন্ন**

Physical এর ব্যবস্থা আছে। ARMY Relation পরীক্ষার সম্ভাবনা 27শে মার্চ। ভর্তি চলছে।

প্রতি পরীক্ষার আগে প্রচুর মকটেস্ট নেওয়া হয়

হেড অফিসে আবাসিকদের জন্য Evening ক্লাসের ব্যবস্থা আছে।

For join MVACC Group Telegram

Indian Army Install Telegram App and Click the link below Indian Army

https://t.me/+LbhxvWDC8ds3Y2RI

Telegram No - 9733894444

যাঁরা ব্যারাকপুর, বহরমপুর, কলকাতা ও শিলিগুড়ি র‍্যালিতে যাবেন, তাঁরা https://t.me/+LbhxvWDC8ds3Y2RI এই লিংকে গিয়ে আমাদের Telegram চ্যানেলে যুক্ত হন, সপ্তাহে ৩ দিন Online Free Class করুন। আর্মির জন্য ফিজিক্যাল ও মেডিকেল ফিটের পর সেন্টারে এসে ভর্তি হন।

প্রতিটি ব্রাঞ্চ ও হেড অফিসে অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা দ্বারা ক্লাস করানো হয়। প্রত্যেক বিষয়ের জন্য আলাদা আলাদা শিক্ষক।

**SSC আটবাহিনী**

পরবর্তী বিজ্ঞপ্তি 2023 সালের 22 শে ফেব্রুয়ারি। পরীক্ষা হবে 2023 সালের জুন মাসে। এখন থেকেই ক্লাস শুরু করুন। এবছর 70-75% Common ছিল। মাত্র দেড় মাসের ক্লাসেই।

**তমলুক শাখায়** Physical এর ব্যবস্থা আছে।

দূরাবর্তী ছাত্র ও ছাত্রীদের থাকা ও খাওয়ার জন্য হেড অফিসে পর্যাপ্ত জায়গা আছে। বেশী দেরী করলে থাকার জায়গা পাবেন না।

**RPF** এর বিজ্ঞপ্তি আসন্ন, ক্লাস শুরু হয়ে গেছে। ভর্তি চলছে।

**পুলিশ ও সেনাবাহিনীতে সবচেয়ে বেশি চাকরী পায় এই প্রতিষ্ঠান থেকে**

কলকাতা পুলিশের কনস্টেবলের বিজ্ঞপ্তি আসন্ন, Syllabus এ অনেক পরিবর্তন এসেছে। এবার Prelims এও English থাকবে। ভর্তি চলছে।

বিঃদ্রঃ- শিলিগুড়িতে শীঘ্রই আমাদের কোচিং শুরু হবে। Mob- 9733894444

প্রতিটি শাখায় প্রয়োজন হলে আগে Demo Class করুন তারপর ভর্তি হন

এছাড়া ভর্তি চলছে: SSC MTS | WBP SI | WBP Constable | R.P.F | সেনাবাহিনী | SSC আটবাহিনী | AIRFORCE X & Y | Railway Gr-D | স্কুল সার্ভিস গ্রুপ C ও D | কলকাতা পুলিশ | Coast Guard | NAVY SSR/MR

| হেড অফিস (সপ্তাহে ৭ দিনই খোলা) | বারাসাত শাখা (শুক্রবার বন্ধ) | বাঁকুড়া শাখা | বসিরহাট শাখা | বারুইপুর শাখা | তমলুক শাখা |
|---|---|---|---|---|---|
| মছলন্দপুর, উত্তর ২৪ পরগনা (শিয়ালদহ থেকে বনগাঁ লোকালে মছলন্দপুর স্টেশন সংলগ্ন জাগরণী সংঘের সন্নিকটে) | বারাসাত ১ নং টিকিট কাউন্টারের নীচে বিবেক সংঘের বিপরীতে চতুর্থ তল | কাটজুড়িডাঙ্গা, বাঁকুড়া (বাসস্ট্যান্ডের সন্নিকটে সরস্বতী ক্লাবের দোতলায়) | ভ্যাবলা রেলস্টেশন সংলগ্ন পাটকেল মোল্লার খোলার আগে সামাদ ডাক্তারের বাড়ির দোতলায় | ঠিকানা : বারুইপুর রেল গেট ও কোর্টের মাঝখানে প্রমীলা হাউস, ৫ম তল, মহানাম বস্ত্রালয়ের পাশে | ঠিকানা : নিমতৌড়ি তমলুক, পূর্ব মেদিনীপুর নিমতৌড়ি বাসস্ট্যান্ডে নেমে মেচেদার দিকে ১ মিনিটের পথ 'শ্রী হরি ভবন'। |
| Admission Helpline 9733894444, 9547004388 | Admission Helpline 9635428886 | Admission Helpline 8001693133 | Admission Helpline 9647303005 | Admission Helpline 7557050701 | Admission Helpline 8328770363 |

Join Telegram Channel @DisariJibika

# জয়েন্ট ছাড়াই ভর্তি !!

সেশন 2021-22

ফ্রীতে নার্সিং জয়েন্টের কোচিং দেওয়া হবে
Cont. 7595905107

INC listed ও সুপার স্পেশালিটি হসপিটাল যুক্ত পশ্চিমবঙ্গের সেরা কলেজ

# GNM • B.Sc. Nursing



১২০ বেডের সুপার স্পেশালিটি নিজস্ব হসপিটাল





বিজ্ঞাপনের এই কাটিংটি সাথে নিয়ে এসে ভর্তি হলে
ল্যাপটপ ফ্রি (Offer Valid 26 Feb to 31 Mar, 2022)

2022-23 এর জন্য যোগাযোগ করুন
For Education Consultancy Helpline
9163292000



## M.R. INSTITUTE OF NURSING
## MOTHER TERESA INSTITUTE OF NURSING

Affiliated by INC, WBNC & WBUHS

জেলাভিত্তিক Admission Partner হয়ে সম্মানজনক উপার্জন করে সুপ্রতিষ্ঠিত হন
9163297000

College Campus
Address : BIRA, BALISHA, NORTH 24 PARGANAS
For Admission 8274091660
mr.skmindia@gmail.com



প্রতি মাসে ২ লক্ষ টাকা আয়
বাঙালী ওয়ার্ডেন

# VALLEY
Group of Institutions

INC, KNC & RGUHS. | INC NO- 1502251
College Information : 08431596462

AFFILIATION & ACCREDIATION

সম্পূর্ণ বাঙালী ম্যানেজমেন্ট ও বাঙালী রাঁধুনী দ্বারা বাঙালী খাবার।

400 বেডের নিজস্ব হসপিটালে প্র্যাকটিস

2021-22 সেশনে সীমিত সীটে ভর্তি চলছে

পশ্চিমবঙ্গের যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বিগত বছরগুলিতে বিভিন্ন সংস্থা ও কলেজের দ্বারা প্রতারিত বা বঞ্চিত হয়েছেন তাদের জন্য বিশেষ ব্যবস্থা --
M: 08431596462

YPR স্টেশন থেকে মাত্র ২ কিমি

স্কুল ও টিউশন শিক্ষক-শিক্ষিকা, কোয়াক ডাক্তার, কম্পিউটার সেন্টার ডিরেক্টর ও সমাজের সম্মানীয় ব্যাক্তিবর্গ নিজস্ব এলাকায় Admission Point খুলে প্রতি মাসে সম্মানজনক উপার্জন করুন

জেলাভিত্তিক ব্রাঞ্চ নিতে যোগাযোগ করুন
9163528048

## Sristi Nursing Education & Management
9907728954 / 9051731474
sristinem@gmail.com

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com